

# নিবিড় পরিবীক্ষণ প্রতিবেদন

## চট্টগ্রাম মুসলিম ইনস্টিটিউট সাংস্কৃতিক কমপ্লেক্স স্থাপন শীর্ষক প্রকল্প



বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি)
পরিকল্পনা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৩০ জুন ২০২২

**‘চট্টগ্রাম মুসলিম ইনস্টিটিউট সাংস্কৃতিক কমপ্লেক্স স্থাপন’ শীর্ষক প্রকল্পের নিবিড় পরিবীক্ষণ**

## সূচিপত্রঃ


| ক্রমিক নং | বিষয় | পৃষ্ঠা নং |
|---|---|---|
| | Acronyms and Abbreviations | iv |
| | Glossary (নির্ঘণ্ট) | v |
| | নির্বাহী সার-সংক্ষেপ | vi |
| **প্রথম অধ্যায়** | **প্রকল্পের বিস্তারিত বর্ণনা** | ১ |
| ১.১ | প্রকল্পের পটভুমি | ১ |
| ১.২ | প্রকল্পের বিবরণ | ১ |
| ১.৩ | প্রকল্পের উদ্দেশ্য | ১ |
| ১.৪ | প্রকল্পের উপাদানসমূহ | ১ |
| ১.৫ | প্রকল্প এলাকা | ২ |
| ১.৬ | প্রকল্প অনুমোদন, সংশোধন, মেয়াদ বৃদ্ধি ও অর্থায়নের অবস্থা | ৩ |
| ১.৭ | প্রকল্পের প্রধান প্রধান কার্যক্রম ও অঙ্গভিত্তিক লক্ষ্যমাত্রা | ৩ |
| ১.৮ | প্রকল্পের কর্ম পরিকল্পনা ও ক্রয় পরিকল্পনা | ৪ |
| ১.৯ | প্রকল্পের লগফ্রেম | ৪ |
| ১.১০ | টেকসই উন্নয়ন পরিকল্পনার সাথে প্রকল্পের সম্পৃক্ততা | ৫ |
| ১.১১ | প্রকল্পের ফলাফল (Outcome) | ৫ |
| ১.১২ | প্রকল্পের আউটপুট (Output) | ৬ |
| ১.১৩ | প্রকল্পের টেকসই পরিকল্পনা/ Exit Plan | ৬ |
| **দ্বিতীয় অধ্যায়** | **নিবিড় পরিবীক্ষণ কাজ পরিচালন পদ্ধতি ও সময় ভিত্তিক পরিকল্পনা** | ৭ |
| ২.০ | ভূমিকা | ৭ |
| ২.১ | নিবিড় পরিবীক্ষণ কাজের পটভূমি | ৭ |
| ২.২ | নিবিড় পরিবীক্ষণ কাজের উদ্দেশ্য | ৭ |
| ২.৩ | নিবিড় পরিবীক্ষণ  কাজের কর্মপরিধি | ৮ |
| ২.৪ | নিবিড় পরিবীক্ষণের পদ্ধতি | ৮ |
| ২.৪.১ | কারিগরী পদ্ধতি (Technical Approach) | ৯ |
| ২.৪.২ | বিশ্লেষণগত ফ্রেমওয়ার্ক (Analytical Framework) | ৯ |
| ২.৪.৩ | সমীক্ষার ধারণা (Conceptualization) | ৯ |
| ২.৫ | কর্মপদ্ধতি (Methodology) | ১১ |
| ২.৫.১ | প্রকল্পে দলিলাদি পর্যালোচনা | ১১ |
| ২.৫.২ | সমীক্ষার রূপরেখা প্রণয়ন | ১১ |
| ২.৫.৩ | নিবিড় পরিবীক্ষণের নির্দেশক নির্বাচন | ১৩ |
| ২.৫.৪ | নিবিড় পরিবীক্ষণের জন্য প্রশ্নমালা ও ছক | ১৪ |
| ২.৫.৫ | নমুনা নির্বাচন পদ্ধতি এবং নমুনা সংখ্যা | ১৪ |
| ২.৫.৫.১ | পরিমাণগত পদ্ধতি | ১৪ |
| ২.৫.৫.২ | গুণগত পদ্ধতি | ১৪ |
| ২.৫.৬ | তথ্য সংগ্রহকারী নিয়োগ ও প্রশিক্ষণ | ১৫ |
| ২.৫.৭ | প্রাথমিক তথ্য সংগ্রহ | ১৫ |
| ২.৫.৮ | সেকেন্ডারী তথ্য সংগ্রহ | ১৬ |
| ২.৫.৮.১ | ক্রয় কার্যক্রম পরিবীক্ষণ | ১৬ |
| ২.৫.৯ | সংগৃহীত তথ্যর গুণগতমান নিয়ন্ত্রণ পদ্ধতি | ১৬ |
| ২.৫.১০ | সংগৃহীত তথ্যের ব্যবস্থাপনা এবং বিশ্লেষণ | ১৭ |
| ২.৫.১১ | প্রতিবেদন প্রস্তুত এবং দাখিলকরন | ১৭ |

| | | |
|---|---|---|
| ২.৫.১২ | স্থানীয় ও জাতীয় পর্যায়ে কর্মশালা | ১৭ |
| ২.৬ | সময় ভিত্তিক কর্মপরিকল্পনা | ১৮ |
| **তৃতীয় অধ্যায়   ফলাফল পর্যালোচনা** | | ১৯ |
| ৩.১ | প্রকল্পের অগ্রগতি পর্যালোচনা | ১৯ |
| ৩.১.১ | প্রকল্পের সার্বিক অগ্রগতি | ১৯ |
| ৩.২ | ডিপিপি অনুসারে ক্রয় পরিকল্পনা ও প্রকৃত অবস্থা পর্যালোচনা | ২৪ |
| ৩.২.১ | প্রকল্পের পণ্য ক্রয় পর্যালোচনা | ২৪ |
| ৩.২.২ | প্রকল্পের কার্য ক্রয় পর্যালোচনা | ২৪ |
| ৩.৩ | প্রকল্পের সম্পাদিত/ চলমান বিভিন্ন পণ্য এবং কার্য ক্রয়ের ক্ষেত্রে প্রচলিত আইন ও বিধিমালা অনুসরণের অবস্থা পর্যালোচনা | ৩১ |
| ৩.৩.১ | প্রকল্পের পূর্তকাজ (সিভিল) ও ই/এম এর ক্রয় কার্যক্রম পরিবীক্ষণ | ৩১ |
| ৩.৩.২ | ক্রয় কার্যক্রমে পিপিএ-২০০৬ ও পিপিআর-২০০৮ এর নির্দেশনা অনুসরণ পর্যালোচনা | ৩১ |
| ৩.৪ | মাঠ পর্যায়ে পরিদর্শন এবং নির্মাণ কাজের গুণগতমান পর্যবেক্ষণ ও পরীক্ষা | ৩২ |
| ৩.৪.১ | ভৌত কাজ পরিদর্শন, পর্যবেক্ষণ এবং গুণগতমান যাচাইকরণ | ৩২ |
| ৩.৪.২ | ভবনের বিভিন্ন অঙ্গের হ্যামার টেস্ট এবং ফলাফল বিশ্লেষণ | ৩৮ |
| ৩.৪.৩ | নির্মাণ কাজে ব্যবহৃত বিভিন্ন মালামালের ল্যাব পরীক্ষা ও তার ফলাফল | ৪০ |
| ৩.৪.৩.১ | নির্মাণকারী সংস্থা কর্তৃক যেসকল টেস্ট করা হয়েছে তা বিশ্লেষন ও পরিবীক্ষণ | ৪১ |
| ৩.৫ | পিআইসি এবং পিএসসি সভা অনুষ্ঠানের তথ্যাবলী | ৪৪ |
| ৩.৬ | প্রকল্পের অডিট সম্পর্কিত তথ্যাবলী | ৪৫ |
| ৩.৭ | ডিপিপি প্রণয়নে দুর্বলতা এবং ডিপিপি সংশোধনের কারণসমূহ | ৪৬ |
| ৩.৮ | প্রকল্পের উদ্দেশ্য ও লগ ফ্রেমের আলোকে অর্জন অবস্থা পর্যালোচনা ও পর্যবেক্ষণ | ৪৭ |
| ৩.৯ | প্রকল্প ব্যবস্থাপনা ও বাস্তবায়ন প্রক্রিয়া | ৪৮ |
| ৩.১০ | নির্মাণাধীন অবকাঠামোসমূহের বিভিন্ন সুবিধাসহের বিন্যাস পর্যালোচনা | ৪৯ |
| ৩.১১ | প্রকল্প বাস্তবায়ন সম্পর্কিত বিভিন্ন স্টেক হোল্ডারদের মতামত পর্যালোচনা | ৫০ |
| ৩.১২ | প্রকল্প বাস্তবায়নে বিলম্বের কারণসমূহ | ৫১ |
| ৩.১৩ | প্রকল্পের Exit Plan সম্পর্কিত | ৫২ |
| **চতুর্থ অধ্যায়   প্রকল্পের সবল দিক, দুর্বল দিক, সুযোগ ও ঝুঁকি পর্যালোচনা** | | **৫৩** |
| ৪.১ | প্রকল্পের সবল দিকসমূহ | ৫৩ |
| ৪.২ | প্রকল্পের দুর্বল দিকসমূহ | ৫৩ |
| ৪.৩ | প্রকল্পের সুযোগ | ৫৪ |
| ৪.৪ | প্রকল্পের ঝুঁকি | ৫৪ |
| **পঞ্চম অধ্যায়   প্রকল্পের নিবিড় পরিবীক্ষণে পর্যালোচনা হতে প্রাপ্ত সার্বিক পর্যবেক্ষণ** | | ৫৫ |
| ৫.১ | প্রকল্পের অগ্রগতি সম্পর্কিত | ৫৫ |
| ৫.২ | প্রকল্পের ক্রয় কার্যক্রম সম্পর্কিত | ৫৫ |
| ৫.৩ | প্রকল্পের নির্মাণাধীন অবকাঠামোতে সৃষ্ট সুবিধা সম্পর্কিত | ৫৬ |
| ৫.৪ | প্রকল্পের ভৌত অবকাঠামো ও অন্যান্য কার্যক্রমের গুণগতমান পর্যবেক্ষণ সম্পর্কিত | ৫৬ |
| ৫.৫ | প্রকল্পের আওতায় অবকাঠামো নির্মাণ কাজের অগ্রগতি সম্পর্কিত | ৫৬ |
| ৫.৬ | প্রকল্প সংশোধন সম্পর্কিত | ৫৭ |
| ৫.৭ | প্রকল্প বাস্তবায়ন সম্পর্কিত বিভিন্ন স্টেক হোল্ডারদের মতামত সম্পর্কিত | ৫৭ |
| ৫.৮ | পিআইসি এবং পিএসসি সভা অনুষ্ঠানের তথ্যাবলী | ৫৮ |
| ৫.৯ | প্রকল্পের অডিট সম্পর্কিত তথ্যাবলী | ৫৮ |
| ৫.১০ | প্রকল্প বাস্তবায়নে বিলম্বের কারণসমূহ | ৫৯ |
| ৫.১১ | প্রকল্পের Exit Plan সম্পর্কিত | ৫৯ |

| | | |
|---|---|---|
| **ষষ্ঠ অধ্যায়** | **উপসংহার ও সুপারিশ** | ৬০ |
| ৬.১ | সুপারিশমালা | ৬০ |
| ৬.২ | উপসংহার | ৬১ |
| **সংযুক্তি-১** | স্থানীয় পর্যায়ে মতবিনিময় কর্মশালা | ৬২ |
| | এফজিডি | ৬৫ |
| | কেআইআই-সাক্ষাৎকার | ৭০ |
| | প্রকল্পের ক্রয় পরিকল্পনা (পণ্য ও কার্য) | ৭৮ |
| **সংযুক্তি-২** | নিবিড় পরিবীক্ষণের জন্য প্রস্তুতকৃত প্রশ্নাবলী ও চেকলিস্ট / পরিবীক্ষণ ছক | ৮৩ |
| | নমুনা উপাদানের পরীক্ষার (Test) রিপোর্ট | ৯২ |

## Acronyms and Abbreviations

| | | |
|---|---|---|
| ADP | : | Annual Development Plan |
| CCGP | : | Cabinet Committee on Government Purchase |
| DCIs | : | Data Collection Instruments |
| DPP | : | Development Project Proposal |
| FGD | : | Focus Group Discussion |
| GOB | : | Government of Bangladesh |
| IMED | : | Implementation Monitoring and Evaluation Division |
| KII | : | Key Informant Interview |
| M&E | : | Monitoring & Evaluation |
| MoCA | : | Ministry of Cultural Affairs |
| MRC | : | MR Consultants |
| PCR | : | Project Completion Report |
| PD | : | Project Director |
| PIC | : | Project Implementation Committee |
| PIU | : | Project Implementation Unit |
| PPA | : | Public Procurement Act, 2006 |
| PPR | : | Public Procurement Rules, 2008 |
| PMC | : | Project Management Committee |
| PSC | : | Project Steering Committee |
| PWD | : | Public Works Department |
| QA/QC | : | Quality Assurance and Quality Control |
| SC | : | Steering Committee |
| TC | : | Technical Committee |
| TOR | : | Terms of Reference |
| TQM | : | Total Quality Management |

# Glossary (নির্ঘণ্ট)

১. কিউব টেস্ট (Cube test): কংক্রিট উপাদানের কম্প্রেসিভ স্ট্রেংথ নির্ধারণের উদ্দেশ্যে কংক্রিট কিউব পরীক্ষা সম্পাদিত হয়।

২. মেগা প্যাসকেল (Mpa): মেগা প্যাসকেল হলো আন্তর্জাতিক ওজন ও পরিমাপ পদ্ধতিতে চাপ বা টান পরিমাপের একটি মৌলিক একক।

৩. রিবাউন্ড হ্যামার টেস্ট (Rebound hammer test): 'রিবাউন্ড হ্যামার টেস্ট' কংক্রিটের একটি অ-ধ্বংসাত্মক পরীক্ষা পদ্ধতি যা কংক্রিটের কম্প্রেসিভ স্ট্রেংথ-এর একটি সহজ এবং দ্রুততর নির্দেশনা প্রদান করে।

৪. এফএম টেস্ট (FM test): এগ্রিগেটের (বালু বা খোয়া) সূক্ষ্মতা মডুলাস হলো একটি সূচক সংখ্যা যা এগ্রিগেটের কণার গড় আকারকে প্রতিনিধিত্ব করে। এটি স্ট্যান্ডার্ড চালুনি দ্বারা চালনি বিশ্লেষণের মাধ্যমে গণনা করা হয়।

৫. এসিভি টেস্ট (ACV test): অ্যাগ্রিগেট ক্রাশিং ভ্যালু (ACV) টেস্ট এর মাধ্যমে কোন এগ্রিগেট (খোয়া বা পাথর) সামগ্রিকভাবে কতটা প্রতিরোধী তা পরিমাপ করে, যখন তার উপরে সংকোচনশীল লোড/চাপ প্রয়োগ করে ধীরে ধীরে পিষ্ট করা হয়।

৬. বিএনবিসি (BNBC): বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড হলো বিল্ডিং নির্মাণের সময় যে ন্যূনতম মানগুলি অনুসরণ করা আবশ্যক তা নির্ধারণ করার একটি বিধান।

৭. সম্ভাব্যতা সমীক্ষা (Feasibility Study): 'সম্ভাব্যতা সমীক্ষা' একটি বিশ্লেষণ যা একটি প্রকল্পের সকল প্রাসঙ্গিক কারণগুলিকে বিবেচনায় নিয়ে - অর্থনৈতিক, সামাজিক, প্রযুক্তিগত, পরিবেশগত, আইনগত ইত্যাদি বিষয় নিয়ে একটি ব্যপক গবেষণা যা একটি প্রকল্পের সফলভাবে বাস্তবায়নের সম্ভাবনাকে নিশ্চিত করে।

৮. কৌশলগত পরিকল্পনা (Strategic Planning): এটি একটি সংস্থার বা প্রকল্পের কৌশল বা দিক নির্দেশনা নির্ধারণ এবং কৌশল অনুসরণ করার লক্ষ্যে তার সম্পদের বরাদ্দের বিষয়ে সিদ্ধান্ত নেওয়ার প্রক্রিয়া।

৯. প্রজেক্ট ম্যানেজমেন্ট (Project Management): প্রজেক্ট ম্যানেজমেন্ট হলো সীমিত সম্পদ, অর্থ, সময় ও সুযোগের মধ্যে প্রকল্পের সমস্ত লক্ষ্য এবং উদ্দেশ্য অর্জনের জন্য একটি দলের নেতৃত্ব প্রদানের প্রক্রিয়া। এই তথ্য সাধারণত প্রকল্প কার্যক্রমের শুরুতে প্রস্তুতকৃত প্রকল্প উন্নয়ন পরিকল্পনায় বর্ণিত থাকে।

১০. আর্কিটেকচারাল ডিজাইন (Architectural Design): আর্কিটেকচারাল ডিজাইন মূলতঃ একটি ডিসিপ্লিন যা নির্দিষ্ট কিছু টুল এবং বিশেষ করে সৃজনশীলতা ব্যবহার করে উপযোগিতা এবং চাহিদাকে বিবেচনায় নিয়ে যথাযথ পরিকল্পনার মাধ্যমে একটি নকশা প্রণয়ন।

# নির্বাহী সার-সংক্ষেপ

বেসরকারি উদ্যোগে ১৯২৫ সালে প্রতিষ্ঠিত চট্টগ্রাম মুসলিম ইনস্টিটিউট ১৯৫৯ সালের ৬৫ নং অধ্যাদেশ বলে সরকার কর্তৃক অধিগ্রহণ করা হয়। ধর্ম বর্ণ নির্বিশেষে চট্টগ্রাম বিভাগের সকল শ্রেণী ও পেশার মানুষের জন্য বহুমুখী সাহিত্য ও সংস্কৃতি চর্চা এবং গবেষণার পথ সুগম করতে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অধীনে গণগ্রন্থাগার অধিদপ্তর কর্তৃক 'চট্টগ্রাম মুসলিম ইনস্টিটিউট সাংস্কৃতিক কমপ্লেক্স স্থাপন' শীর্ষক প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পের আওতায় একই ক্যাম্পাসে অডিটরিয়াম ভবন, শহীদ মিনার এবং বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার নির্মিত হচ্ছে। প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ২৩২.৫২ কোটি টাকা এবং বাস্তবায়ন মেয়াদ জানুয়ারি, ২০১৮ হতে ডিসেম্বর, ২০২০ পর্যন্ত নির্ধারিত ছিল। পরবর্তীতে প্রকল্পের মেয়াদ ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে পর পর দুইবার ১ বছর করে বৃদ্ধি করে ডিসেম্বর, ২০২০ এর স্থলে ডিসেম্বর, ২০২২ পর্যন্ত নির্ধারণ করা হয়। অতঃপর ৪৮.৮৭ কোটি টাকা বৃদ্ধি করে মোট ২৮১.৩৯ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে ও জানুয়ারি, ২০১৮ হতে জুন, ২০২৩ মেয়াদে বাস্তবায়নের জন্য প্রকল্পটির ১ম সংশোধনী মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়। মে, ২০২২ পর্যন্ত প্রকল্পের সার্বিক অগ্রগতি ভৌত ৬৩.০% এবং আর্থিক ৫৭.৩০%।

প্রধানতঃ প্রকল্প দলিলাদি পর্যালোচনা, ৪০টি নিবিড় আলোচনা (কেআইআই) এবং ৩টি দলগত আলোচনা (এফজিডি) এর মাধ্যমে তথ্য সংগ্রহ এবং মাঠ পর্যায়ে পূর্তকাজ পরিদর্শন ও গুণগতমান যাচাইকরণের মাধ্যমে প্রকল্পের নিবিড় পরিবীক্ষণ কার্যক্রম পরিচালিত হয়েছে। মাঠ পর্যায়ে ভৌতকাজ পরিদর্শনের সময় কাজের মান ও ব্যবহৃত মালামালের গুণগতমান পরীক্ষা করে দেখা হয়েছে এবং প্রকল্প এলাকায় একটি স্থানীয় কর্মশালার মাধ্যমে সংগৃহীত তথ্য যাচাই করা হয়েছে।

প্রকল্পের কার্য সংক্রান্ত মূল ডিপিপিতে মোট ১৭টি প্যাকেজের মধ্যে ১০টি প্যাকেজ এবং পিডব্লিউডি অংশের পণ্য সংক্রান্ত ২০টি প্যাকেজের মধ্যে ০১টি প্যাকেজসহ (লিফট) মোট ১১টি প্যাকেজের সমন্বয়ে ০১টি প্যাকেজ তৈরী করে গণপূর্ত অধিদপ্তর (পিডব্লিউডি) কর্তৃক দরপত্র আহ্বান করতঃ CCGP এর অনুমোদনক্রমে ওটিএম পদ্ধতিতে ক্রয় কার্যক্রম সম্পন্ন করা হয়েছে এবং সংশোধিত ডিপিপিতে তা প্রতিফলন করা হয়েছে। প্যাকেজটির কার্যাদেশ দেওয়া হয়েছে প্রাক্কলিত দর থেকে ৭.০৯% উর্দ্ধ দরে। পিডি অফিস সংশ্লিষ্ট পণ্য ক্রয়ের ৮ প্যাকেজের মধ্যে মাত্র ০১ টি প্যাকেজের ক্রয় বিধি মোতাবেক এবং ৫টি প্যাকেজ ভেঙ্গে আংশিক পণ্য সংগ্রহ করা হয়েছে। উক্ত ৫টি প্যাকেজের মধ্যে ৩টি প্যাকেজ উন্মুক্ত দরপত্র পদ্ধতির স্থলে কোটেশনের মাধ্যমে ক্রয় করা হয়েছে। এতে ডিপিপির ক্রয় পরিকল্পনার তুলনায় ব্যত্যয় হয়েছে তবে পর্যবেক্ষণে দেখা যায় যে, আংশিক পণ্য ক্রয়ের ব্যয় সীমা অনধিক ৫ লক্ষ টাকা হাওয়ায় উক্ত পণ্য প্যাকেজ গুলোর ক্রয় হোপ (HOPE) এর অনুমোদন ক্রমে কোটেশনের মাধ্যমে সম্পন্ন করা হয়েছে যা পিপিআর এর সাথে সামঞ্জস্যপূর্ণ। পরবর্তীতে প্রকল্পের প্রথম সংশোধনীতে প্যাকেজ ভাঞ্জা ও ক্রয় পদ্ধতি পরিবর্তনের বিষয়টি প্রতিফলিত হয়েছে। গণপূর্ত অধিদপ্তর কর্তৃক পণ্যের (ই/এম) অবশিষ্ট ১৯ টি প্যাকেজের মধ্যে ০২টিতে দরপত্র আহ্বান করা হয়েছে, যার মধ্যে অগ্নিনির্বাপক সরবরাহ ও সংযোজন পণ্যের চুক্তি ৩০.০৩.২০২২ তারিখে সম্পাদিত হয়েছে। যার চুক্তিমুল্য ২৪৯.০২ লক্ষ টাকা (ডিপিপি মুল্য ৩০০ লক্ষ টাকা)। এয়ারকুলার সরবরাহ ও সংযোজন (৯৭৩ টন) ক্রয়ের জন্য বিগত ২৩/০৩/২০২২ তারিখে ২য় বার পুনঃদরপত্র আহ্বান করা হয় এবং ০৭.০৪.২০২২ তারিখে দরপত্র উন্মুক্ত করা হলেও ৩১ মে পর্যন্ত দরপত্র মুল্যায়ন সম্পন্ন হয়নি। অবশিষ্ট ১৭ টি প্যাকেজের দরপত্র আহ্বান করা হয়নি। সকল প্যাকেজের ক্রয় কার্যক্রম ডিপিপিতে উল্লিখিত সময়ের তুলনার বিলম্বে সম্পন্ন হয়েছে।

সমীক্ষায় জানা যায় যে, প্রকল্প স্থানের পুরাতন মুসলিম ইনস্টিটিউট ভবন ও পাবলিক লাইব্রেরি ভবন অপসারণ করে ঠিকাদারকে সাইট বুঝিয়ে দিতে প্রায় ০১ বছর সময় অতিবাহিত হওয়ায় ঠিকাদারের কাজ শুরু করতে বিলম্ব হয়েছে। ইউটিলিটি সার্ভিসসমূহ যেমন বৈদ্যুতিক লাইন এবং রাস্তার নিচে ওয়াসা লাইন, টিএন্ডটিসহ বিভিন্ন সেবা প্রতিষ্ঠানের সার্ভিস লাইন এর ব্যাপারে করণীয় ঠিক করতে সময়ক্ষেপণ হয় এবং পরবর্তীতে স্থাপত্য নক্সা সংশোধনের ফলে প্রকল্প বাস্তবায়ন বিলম্বিত হয়েছে। সিটি করপোরেশনের মালিকানাধীন জায়গায় শহীদ মিনার নির্মাণের NOC পেতে এক বছরের অধিক সময় অতিবাহিত হয় । কোভিড-১৯ এর অতিমারী জনিত লক-ডাউনের কারণে প্রায় তিন মাস সাইটে কার্যক্রম বন্ধ থাকে । প্রকল্প বাস্তবায়নে জড়িত সংস্থা গুলোর মধ্যে সমন্বয়হীনতা এবং প্রকল্পের পিআইসি ও পিএসসি সভা নিয়ম অনুযায়ী অনুষ্ঠিত না হওয়ায় প্রকল্প বাস্তবায়ন বিলম্বিত হয়েছে। এছাড়াও প্রকল্প বাস্তবায়নে অবকাঠামো নির্মাণে সুনির্দিষ্ট টাইম বাউন্ড ওয়ার্কপ্লান অনুসরণ না করা এবং সাইটে ঠিকাদারের প্রয়োজনীয় জনবল না থাকায় প্রকল্প বাস্তবায়ন বিলম্বিত হয়েছে।

মে ২০২২ খ্রিঃ পর্যন্ত নির্মাণাধীন ১৫ তলা বিশিষ্ট লাইব্রেরি ভবনের সকল ফ্লোরের ছাদ ঢালাই সম্পন্ন হয়েছে। ফিনিশিং ও অন্যান্য কাজ চলমান রয়েছে। নির্মাণাধীন অডিটরিয়াম ভবনের সবগুলো ছাদ ঢালাই সম্পন্ন হয়েছে। প্লাজা ব্লকের বেইজমেন্টের ছাদ ঢালাই সম্পন্ন হয়েছে এবং গ্রাউন্ড ফ্লোরের কলামের কাজ চলমান রয়েছে। শহীদ মিনারের ম্যাট ফাউন্ডেশন এর কাজ সমাপ্ত হয়েছে এবং বেইজমেন্টের কাজ চলমান রয়েছে। তবে পাবলিক প্লাজা, ওপেনএয়ার থিয়েটার ও গ্যালারি, ভাস্কর্য ও গার্ডেন নির্মাণ, পাম্প হাউজ, গভীর নলকূপ, এক্যুইস্টিক কাজ, ফুটপাত ও গার্ডেন নির্মাণ ইত্যাদির কাজ পিছিয়ে রয়েছে।

নির্মাণাধীন অবকাঠামোর ভৌত অবস্থা পরিদর্শন ও ডিজাইন পর্যালোচনাসহ বিভিন্ন অঙ্গের সরেজমিনে পরিমাপ, পরিবীক্ষণ এবং গুণগতমান পরীক্ষা করা হয়েছে। অবকাঠামোর ভৌত পরিমাপ সঠিক পাওয়া গিয়েছে। ভবনে স্টীল সাটার ব্যবহার করা হচ্ছে ফলে বীম, কলাম ও ছাদে হানিকম্ব খুবই কম দেখা দিয়েছে। নির্মাণ কাজে ব্যবহৃত ইটের টি টেস্ট করা হয়েছে এবং প্রাপ্ত ফলাফল কাঙ্খিত মাত্রায় পাওয়া গিয়েছে। নির্মাণ কাজে ব্যবহৃত মেটেরিয়ালের টেস্ট পর্যাপ্ত সংখ্যায় করা হয়নি। প্রকল্প সাইটে কারিগরি এবং প্রয়োজনীয় জনবলের অপ্রতুলতা রয়েছে এবং নির্মাণ কাজে পর্যাপ্ত সেফটি বা নিরাপত্তা ব্যবস্থা পরিলক্ষিত হয়নি। নির্মাণ কাজের গুণগতমান যাচাইয়ের জন্য নির্মাণাধীন ভবনের বিভিন্ন তলায় কলাম, বীম ও স্লাবের মোট ১২টি স্থানে Rebound Hammer Test এর মাধ্যমে কংক্রিটের স্ট্রেংথ যাচাই করা হয়েছে এবং ফলাফল কাঙ্খিত মাত্রায় পাওয়া গিয়েছে। এছাড়াও নির্মাণ কাজে ব্যবহৃত সিমেন্ট এর Fineness test ও Tensile Strength টেস্ট এবং ১২ ও ১৬ মিলি ডিফর্মড বার এর Tensile Strength Test, Average Ultimate Strength, Average Elongation এবং Average Unit Weight টেস্ট চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (CUET) এর ল্যাবে করা হয়েছে এবং প্রাপ্ত ফলাফল কাঙ্খিত মাত্রায় পাওয়া গিয়েছে।

পর্যালোচনায় দেখা যায় যে, প্রকল্প শুরু (১ জানুয়ারি ২০১৮) থেকে অদ্যাবধি মোট ৪ টি পিআইসি এবং মোট ৫ টি পিএসসি সভা অনুষ্ঠিত হয়েছে। ডিপিপি অনুযায়ী উক্ত সময়ের মধ্যে কমপক্ষে ২৬টি পিআইসি এবং ৫টি পিএসসি সভা অনুষ্ঠিত হওয়ার কথা ছিল। এর ফলে প্রকল্প বাস্তবায়নে সিদ্ধান্ত গ্রহণে কিছুটা বিলম্ব ও বাস্তবায়ন বাধাগ্রস্ত হয়েছে। অডিট অধিদপ্তর কর্তৃক প্রকল্পের ২০২০-২০২১ অর্থবছর পর্যন্ত প্রকল্প অফিস সংশ্লিষ্ট অংশের অডিট সম্পন্ন হয়েছে এবং কোন অবজারভেশন বা অডিট আপত্তি উত্থাপিত হয়নি। পিডব্লিউডি অংশের অডিট বিগত ২০১৯-২০ অর্থবছরে পূর্ত অডিট অধিদপ্তর এবং অভ্যন্তরীণ নিরীক্ষা পরিদপ্তর কর্তৃক সম্পন্ন করা হয়েছে এবং অডিট আপত্তি উত্থাপিত হয়েছে, ২০২০-২১ অর্থ বছরের অভ্যন্তরীণ নিরীক্ষা পরিদপ্তর এবং শিক্ষা অডিট অধিদপ্তর কর্তৃক পিডব্লিউডি অংশের অডিট সম্পন্ন হয়েছে। ২০১৯-২০ অর্থ বছরে ২টি এবং ২০২০-২১ অর্থ বছরে ৬টিসহ মোট ৮টি আপত্তি উত্থাপিত হয়েছে এবং এর মধ্যে ২টির আপত্তি নিষ্পত্তি হয়েছে।

ডিপিপি'তে প্রকল্পের ফলাফল টেকসই করার লক্ষ্যে রাজস্বখাতে প্রয়োজনীয় জনবল সৃষ্টি এবং যন্ত্রপাতি ও স্থাপনাগুলো রক্ষণাবেক্ষণ ও পরিচর্যার জন্য রাজস্ব খাতে স্থানান্তর করার বিষয়ে উল্লেখ রয়েছে। তবে প্রকল্প পরবর্তী সময়ে সৃষ্ট সুবিধাদি ও অবকাঠামোসমুহ রক্ষণাবেক্ষণের ক্ষেত্রে দায়িত্বশীল সংস্থা ও প্রয়োজনীয় জনবল কাঠামো, নিয়োগ পরিকল্পনা ইত্যাদি বিষয়ে কোন সুনির্দিষ্ট নির্দেশনা নেই। এক্ষেত্রে প্রকল্প সমাপ্তির পর নির্মিত সকল অবকাঠামো ও যন্ত্রপাতি রাজস্ব খাতে পর্যাপ্ত বরাদ্দ নিশ্চিত পূর্বক গণপূর্ত অধিদপ্তর কর্তৃক রক্ষণাবেক্ষণ করা যেতে পারে। উদ্যোগী সংস্থা কর্তৃক উন্নত প্রযুক্তির যন্ত্রপাতি ও সরঞ্জামাদিসহ প্রকল্পের অন্যান্য সুবিধাদি পরিচালনার জন্য প্রয়োজনীয় জনবলের নিয়োগ পরিকল্পনা তথা জনবলের সংখ্যা ও কর্মপরিধি নির্ধারণ এবং একই সাথে তাদের নিয়োগ প্রক্রিয়া প্রকল্প সমাপ্তির আগে থেকেই উদ্যোগী সংস্থা কর্তৃক শুরু করা প্রয়োজন যাতে করে প্রকল্প সৃষ্ট সকল সুবিধাসমূহ প্রকল্প সমাপ্তির পর অতিসত্বর রক্ষণাবেক্ষণের আওতায় আনা সম্ভব হয়।

বিস্তারিত পর্যবেক্ষণের ভিত্তিতে উল্লেখযোগ্য সুপারিশসমূহ হলো- প্রকল্পের অবশিষ্ট কাজ নির্ধারিত সময়ে সম্পন্ন করার লক্ষ্যে একটি সময়াবদ্ধ রিভাইজ ওয়ার্কপ্লান তৈরি করে ঠিকাদারী প্রতিষ্ঠান কর্তৃক তা অনুসরণ ও বাস্তবায়ন নিশ্চিতকরণের ব্যবস্থা গ্রহণ করা; প্রতিমাসে বাস্তবায়নকারী সংস্থা কর্তৃক নির্মাণ কাজের একটি প্রগ্রেস রিপোর্ট প্রত্যাশী সংস্থা এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে প্রেরণ করার ব্যবস্থা গ্রহণ করা; কাজের গুণগতমান নিশ্চিত করার জন্য ঠিকাদার প্রতিষ্ঠানকে নির্মাণ কাজে স্তরে স্তরে প্রয়োজনীয় সংখ্যক মেটেরিয়ালের টেস্ট করার ব্যবস্থা গ্রহণ করা; প্রকল্প মেয়াদের পরবর্তিতে সৃষ্ট সুবিধাদি সুষ্ঠুভাবে পরিচালনা ও রক্ষণাবেক্ষণের নিমিত্তে প্রয়োজনীয় জনবলের নিয়োগ পরিকল্পনা প্রকল্প সমাপ্তির পূর্বেই শুরু করা প্রয়োজন যাতে করে সৃষ্ট সকল সুবিধাসমূহ প্রকল্প সমাপ্তির পর অতিসত্বর রক্ষণাবেক্ষণের আওতায় আনা সম্ভব হয়; প্রকল্প বাস্তবায়নে জড়িত সংস্থা গুলোর মধ্যে সমন্বয় জোরদার করা এবং প্রকল্পের পিআইসি এবং পিএসসি সভা নিয়ম আনুযায়ী অনুষ্ঠানের ব্যবস্থা করা; অত্যাধুনিক প্রযুক্তির যন্ত্রপাতি ক্রয়ের ক্ষেত্রে নির্দিষ্ট সময় এর পরিচালনা, রক্ষনাবেক্ষণ অথবা যান্ত্রিক ত্রুটি/ নষ্ট জনিত কারণে যন্ত্রপাতি প্রতিস্থাপনের বিষয়ে দরদাতাকে শর্তারুপ প্রদান নিশ্চিত করা সমীচীন হবে; ভবিষ্যতে একই প্রকৃতির প্রকল্পের ডিপিপি প্রণয়নকালে প্রকল্প স্থানের পুরাতন স্থাপনা অপসারণ, ভূমি ব্যবহার জনিত জটিলতা এবং ইউটিলিটি স্থানান্তর সংক্রান্ত বিষয়ে প্রয়োজনীয় সময় বিবেচনা করে ঠিকাদার নিয়োগ ও অবকাঠামো নির্মাণের পরিকল্পনা করা; কাজের বিলম্বের জন্য ঠিকাদারের নিকট হতে কোন যৌক্তিক ও গ্রহণযোগ্য জবাব না পাওয়া গেলে বাস্তবায়নকারী সংস্থা কর্তৃক চুক্তি অনুসারে Liquidated Damage আদায় করা; নির্মাণকাজে প্রয়োজনীয় সেফটি মেজার নেয়ার ব্যবস্থা গ্রহণ করা; প্রকল্প গ্রহণের পূর্বে ফিজিবিলিটি স্টাডি সম্পন্ন করা ইত্যাদি।

প্রকল্পের যে সকল প্যাকেজের দরপত্র এখনোও আহ্বান করা হয়নি তা জরুরি ভিত্তিতে সম্পাদনের ব্যবস্থা নিশ্চিত করতে হবে। প্রয়োজনে প্রকল্প কর্তৃপক্ষ, গণপুর্ত অধিদপ্তর এবং মন্ত্রনালয়ের প্রতিনিধির সমন্বয়ে একটি কমিটি বা সেল গঠন করে প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি তদারকির ব্যবস্থা করা যেতে পারে।

# প্রথম অধ্যায়
# প্রকল্পের বিস্তারিত বর্ণনা

## ১.১ প্রকল্পের পটভূমি

বেসরকারি উদ্যোগে ১৯২৫ সালে প্রতিষ্ঠিত চট্টগ্রামে মুসলিম ইনস্টিটিউট ১৯৫৯ সালের ৬৫ নং অধ্যাদেশ বলে সরকার কর্তৃক অধিগ্রহণ করা হয়। মুসলিম ইনস্টিটিউটের অবস্থা অত্যন্ত পুরাতন ও জরাজীর্ণ হয়ে যাওয়ায় চট্টগ্রামের নাট্য ও সংস্কৃতিসেবীরা দীর্ঘদিন থেকে চট্টগ্রাম মুসলিম হলের দ্রুত সংস্কারসহ বিভিন্ন দাবী উত্থাপন করে আসছিল। এছাড়া ১৮ জুলাই ২০০৯ তারিখে থিয়েটার ইনস্টিটিউট চট্টগ্রামের সাংস্কৃতিক কর্মকান্ডের বিকাশের জন্য গঠিত চট্টগ্রাম সাংস্কৃতিক উন্নয়ন সমন্বয় কার্যকরী পর্যদ এর কার্যক্রম বিষয়ে প্রেস কনফারেন্স-এ মুসলিম হলের সংস্কার এবং সাংস্কৃতিক কর্মকান্ডের জন্য সুবিধাদি সম্প্রসারণ করার দাবী উত্থাপিত হয়। তদপ্রেক্ষিতে ১৬মে ২০১৪ তারিখে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী এবং মন্ত্রণালয়ের সচিব মুসলিম ইনস্টিটিউট পরিদর্শন করেন। পরিদর্শনকালে তাঁরা এমন একটি মাল্টিপারপাস কালচারাল কমপ্লেক্স নির্মাণের প্রস্তাব করেন যেখানে একটি বহুতল বিশিষ্ট প্রশাসনিক ভবন, গ্রন্থাগার ভবন, মিলায়তন, ক্যাফেটারিয়া, আর্ট গ্যালারি প্রভৃতি একই সীমানা প্রাচীরে অন্তর্ভুক্ত থাকবে । প্রকল্পটি চট্টগ্রাম শহরের জন্য একটি সাংস্কৃতিক কেন্দ্র নির্মাণের মাধ্যমে শহরের জনগণের ধর্মীয়, সামাজিক, শিক্ষাগত এবং সাংস্কৃতিক কর্মকাণ্ডকে একত্রিত করার জন্য একটি প্ল্যাটফর্মের প্রয়োজনীয়তা পূরণ করবে। মুসলিম ইনস্টিটিউট ১৯২৫ সাল থেকে চট্টগ্রাম শহরের সাংস্কৃতিক, সামাজিক এবং ধর্মীয় কর্মকান্ডের প্রয়োজনীয়তা মেটাতে সচেষ্ট ছিল। বর্তমান সময়ের সবচেয়ে গুরুত্বপূর্ণ কাজ হচ্ছে দেশের যুব সমাজকে গ্রন্থাগারমুখী করা যাতে করে তারা সন্ত্রাস, চাঁদাবাজি, নেশাগ্রস্ততা, জঙ্গিবাদ, এমনকি রাষ্ট্রবিরোধী কোন কাজের সাথে সংশ্লিষ্ট হতে না পারে। অতএব, সমাজের আধুনিক প্রয়োজনে ব্যবহারকারীদের সাংস্কৃতিক, সামাজিক এবং ধর্মীয় কর্মকান্ডের মধ্যে ভারসাম্য বজায় রাখার পাশাপাশি অগ্রগতির প্রয়োজনীয়তা পূরণের উদ্দেশ্যে চট্টগ্রামে মুসলিম ইনস্টিটিউট সাংস্কৃতিক কমপ্লেক্স স্থাপন প্রকল্পটি গ্রহণ করা হয়েছে।

## ১.২ প্রকল্পের বিবরণ

| | | | |
|---|---|---|---|
| ক) | প্রকল্পের নাম | : | চট্টগ্রাম মুসলিম ইনস্টিটিউট সাংস্কৃতিক কমপ্লেক্স স্থাপন প্রকল্প। |
| খ) | প্রকল্পের অবস্থান | : | চট্টগ্রাম সিটি কর্পোরেশন, চট্টগ্রাম । |
| গ) | বাস্তবায়নকারী সংস্থা | : | গণগ্রন্থাগার অধিদপ্তর । |
| ঘ) | প্রশাসনিক মন্ত্রণালয়/ বিভাগ | : | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় । |
| ঙ) | প্রকল্পের বাস্তবায়নকাল | : | মুলঃ ১ জানুয়ারি ২০১৮ হতে ৩১ ডিসেম্বর ২০২০ পর্যন্ত । |
| | ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি (১ম বার) | | ১ জানুয়ারি ২০১৮ হতে ৩১ ডিসেম্বর ২০২১ পর্যন্ত । |
| | ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি (২য় বার) | | ১ জানুয়ারি ২০১৮ হতে ৩১ ডিসেম্বর ডিসেম্বর, ২০২২। |
| | ১ম সংশোধন | | ১ জানুয়ারি ২০১৮ হতে ৩০ জুন ২০২৩ |

## ১.৩ প্রকল্পের উদ্দেশ্য

ক) বহুমুখী সাংস্কৃতিক চর্চার উদ্দেশ্যে একই ক্যাম্পাসে মুসলিম ইনস্টিটিউট, শহীদ মিনার এবং চট্টগ্রাম বিভাগীয় সরকারি গণ গ্রন্থাগারের অবকাঠামো নির্মাণ;


খ) মুসলিম ইনস্টিটিউটের নানা ধরনের সাংস্কৃতিক কর্মকান্ড, শহীদ মিনার চত্বরে বিভিন্ন জাতীয় দিবসের অনুষ্ঠানমালার আয়োজন এবং বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, চট্টগ্রামের পাঠক সেবার মান উন্নয়নকল্পে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ভিত্তিতে আধুনিকায়ন করা; এবং

গ) চট্টগ্রাম মুসলিম ইনস্টিটিউট ও সাংস্কৃতিক কেন্দ্রকে চট্টগ্রাম বিভাগের সকল শ্রেণী, বয়স, ধর্ম-বর্ণ-গোত্র, পেশার মানুষের জন্য বহুমুখী সাহিত্য, সংস্কৃতি, গবেষণার কেন্দ্রীয় প্রতিষ্ঠান হিসেবে প্রতিষ্ঠিত করা।

## ১.৪ প্রকল্পের উপাদানসমূহ

গ্রন্থাগার ভবন নির্মাণ, মিলনায়তন ভবন, পাবলিক প্লাজা, ক্যাফে ভবন, মঞ্চ ও উন্মুক্ত মঞ্চ, মসজিদ ও মার্কেট, ভাস্কর্য ও ভাস্কর্য গার্ডেন নির্মাণ, মিলনায়তনের একুস্টিক কাজ, পুস্তক ও পাঠ সামগ্রী ক্রয়, কম্পিউটার ও যন্ত্রাংশ ক্রয়, অফিস সরঞ্জাম ক্রয়, গাড়ী ক্রয়, আসবাবপত্র ক্রয় ও সরবরাহ ইত্যাদি ।

## ১.৫ প্রকল্প এলাকা




চিত্র-১: চট্টগ্রাম শহরের মানচিত্রে মুসলিম ইনস্টিটিউট সাংস্কৃতিক কমপ্লেক্স স্থাপন শীর্ষক প্রকল্পের অবস্থান।

## ১.৬ প্রকল্প অনুমোদন, সংশোধন, মেয়াদ বৃদ্ধি ও অর্থায়নের অবস্থা

প্রকল্প অনুমোদন, সংশোধন, মেয়াদ বৃদ্ধি ও অর্থায়নের অবস্থা নিচের সারণিতে দেখানো হলো।

**প্রকল্প অনুমোদন, সংশোধন, মেয়াদ বৃদ্ধি ও অর্থায়নের অবস্থা :**

| অনুমোদন পর্যায় ও (অনুমোদন তারিখ) | মেয়াদ | অনুমোদিত ব্যয় (লক্ষ টাকায়) | হ্রাস/বৃদ্ধি (%) | | অর্থায়ন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | মূল ডিপিপির তুলনায় | সর্বশেষ অনুমোদনের তুলনায় | জিওবি (লক্ষ টাকায়) | প্র: সা: | নিজস্ব (লক্ষ টাকায়) |
| মূল অনুমোদন (তারিখঃ ২৮/১১/২০১৭) | জানুয়ারি, ২০১৮ হতে ডিসেম্বর, ২০২০ | ২৩২৫১.৯৪ | ০% | ০% | ২৩২৫১.৯৪ | - | - |
| ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি (১ম বার) (তারিখঃ ১৫/০২/২০২১) | জানুয়ারি, ২০১৮ হতে ডিসেম্বর, ২০২১ | ২৩২৫১.৯৪ | ০% | ০% | ২৩২৫১.৯৪ | - | - |
| ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি (২য় বার) (তারিখঃ ০৩/০৩/২০২২) | জানুয়ারি, ২০১৮ হতে ডিসেম্বর, ২০২২ | ২৩২৫১.৯৪ | ০% | ০% | ২৩২৫১.৯৪ | - | - |
| ১ম সংশোধন (পরিকল্পনা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদন) (তারিখঃ ০৬/০৬/২০২২) | জানুয়ারি, ২০১৮ হতে ৩০ জুন ২০২৩ | ২৮১৩৯.৪৮ | ২১.০২% | - | ২৮১৩৯.৪৮ | - | - |

উৎস: ডিপিপি ও পিডি অফিস

## ১.৭ প্রকল্পের প্রধান প্রধান কার্যক্রম ও অঙ্গভিত্তিক লক্ষ্যমাত্রা

(লক্ষ টাকায়)

| ইকনমিক কোড | ইকনমিক সাবকোড বর্ণনা | মূল অনুমোদন | | | ১ম সংশোধন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | একক | পরিমাণ | মোট ব্যয় | একক | পরিমাণ | মোট ব্যয় |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| (ক) রাজস্ব | | | | | | | |
| ৩১১১১০১ | কর্মকর্তাদের বেতন | জন (জনমাস) | ০২ (৭২) | ৪৮.৯৮ | জন (জনমাস) | ২ (১২৬) | ২৫.১৮ |
| ৩১১১২০১ | কর্মচারীদের বেতন | জন (জনমাস) | ০৬ (১৯৮) | ২৬.৩৩ | - | - | - |
| ৩১১১৩ | ভাতাদি | থোক | থোক | ৪১.৮৫ | - | - | - |
| ৩১১১৩০৬ | শিক্ষা ভাতা | থোক | থোক | - | - | - | ০.৫০ |
| ৩১১১৩১০ | বাড়ি ভাড়া ভাতা | থোক | থোক | - | - | - | ১১.০০ |
| ৩১১১৩১১ | চিকিৎসা ভাতা | থোক | থোক | - | - | - | ০.৬৩ |
| ৩১১১৩১২ | মোবাইল ভাতা | থোক | থোক | - | - | - | ০.৪২ |
| ৩১১১৩১৩ | আবাসিক টেলিফোন নগদায়ন ভাতা | থোক | থোক | - | - | - | ০.৭০ |
| ৩১১১৩২৫ | উৎসব ভাতা | থোক | থোক | - | - | - | ৪.৫০ |
| ৩১১১৩২৮ | শ্রান্তি ও বিনোদন ভাতা | থোক | থোক | - | - | - | ১.৮০ |
| ৩১১১৩৩৫ | বাংলা নববর্ষ ভাতা | থোক | থোক | - | - | - | ০.৫০ |
| ৩১১১৩৩৮ | অন্যান্য ভাতা | থোক | থোক | - | - | - | ৫.৮০ |
| ৩১১১৩৩২ | সম্মানী ভাতা | থোক | থোক | ১.০০ | - | - | ১.৫৮ |
| ৩২১১১০৬ | আপ্যায়ন ব্যয় | থোক | থোক | ০.৫০ | - | - | ২.০০ |
| ৩২১১১০৯ | সাকূল্য বেতন | থোক | থোক | - | জনমাস | ২৪ | ৪.৭০ |
| ৩২১১১১১ | সেমিনার/ওয়ার্কশপ | সংখ্যা | ৩ টি | ৬.০০ | সংখ্যা | ৩ টি | ৬.০০ |
| ৩২১১১১৩ | বিদ্যুৎ | থোক | থোক | ৯.০০ | মাস | ৫২ | ৫.০০ |
| ৩২১১১১৭ | ইন্টারনেট/টেলেক্স/ফ্যাক্স | থোক | থোক | - | মাস | ২০ | ০.২০ |
| ৩২১১১১৯ | ডাক | থোক | থোক | - | - | - | ০.২০ |
| ৩২১১১২০ | টেলিফোন ও টেলিগ্রাম | থোক | থোক | ০.৫০ | মাস | ১৮ | ০.৩০ |
| ৩২১১১২৫ | প্রচার ও বিজ্ঞাপন | থোক | থোক | ১.৫০ | - | - | ১.৫০ |
| ৩২১১১২৭ | বই ও সাময়িকী | থোক | থোক | ২৫.০০ | সংখ্যা | ৩৮০০ | ২৫.০০ |
| ৩২১১১২৯ | অফিস ভাড়া | ভাড়া-মাস | ৩০ মাস | ১০৫.০০ | ভাড়া-মাস | ৫৪ মাস | ১৬২.৫৯ |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ৩২১১১৩১ | আউটসোর্সিং | জন (জনমাস) | ০৪ (৯৬) | - | জন (জনমাস) | ০৪ (৯৬) | ১৭.৩০ |
| ৩২১১১৩৪ | শ্রমিক মজুরি | - | থোক | ০.৫০ | জন | ৫০ | ১.০১ |
| ৩২২১১০৬ | পরিবহন ব্যয় | থোক | থোক | ০.৫০ | - | - | ৩.০০ |
| ৩২৪৩১০১ | জ্বালানি ও লুব্রিকেন্ট | থোক | থোক | ১০.০০ | - | - | ৬.২৯ |
| ৩২৪৪১০১ | ভ্রমণ ব্যয় | থোক | থোক | ১০.০০ | সংখ্যা | ৮৭ | ১৩.৪০ |
| ৩২৫৫১০১ | কম্পিউটার সামগ্রী | থোক | থোক | ০.৫০ | - | - | ১.৫৯ |
| ৩২৫৫১০৪ | স্টেশনারী, সীলস ও স্ট্যাম্প | থোক | থোক | ০.৫০ | - | - | ১.৫০ |
| ৩২৫৬১০৩ | ব্যবহার্য সামগ্রী | থোক | থোক | ০.৫০ | - | - | ২.৫০ |
| ৩২৫৭২০৬ | সম্মানী | থোক | থোক | ১০.০০ | সংখ্যা | ৪৪ | ৯.৫০ |
| ৩২৫৮১০১ | মোটরযান মেরামত | থোক | থোক | - | - | - | ১.৪৫ |
| ৩২৫৮১৪০ | মোটরযান রক্ষণাবেক্ষণব্যয় | থোক | থোক | - | - | - | ৬.০০ |
| ৩৯১১১১১ | সাধারণ থোক বরাদ্দ | থোক | থোক | ৪.০০ | - | - | - |
| | **উপ-মোট (রাজস্ব)** | - | - | - | ৩০২.১৬ | - | - |
| **(খ) মূলধন** | | | | | | | |
| ৪১১১২০১ | অনাবাসিক ভবন নির্মাণ | ব.মি. | ৪৪৪৩২.৭৯ | ২১৭৭৮.৩৭ | ব.মি. | ৬০৬৯৭.৬২ | ২৭২৯০.৫৬ |
| | ভাস্কর্য নির্মাণ | সংখ্যা | ১ টি কাজ | ৭৫.০০ | সংখ্যা | ১ টি কাজ | ১০০.০০ |
| ৪১১২১০১ | যানবাহন ক্রয় | সংখ্যা | ১ টি | ৩১.০০ | সংখ্যা | ১ টি | ৩১.০০ |
| ৪১১২২০২ | কম্পিউটার ও যন্ত্রাংশ | সংখ্যা | ৮৯ টি | ৯৮.৩৫ | সংখ্যা | ৬৯ টি | ৯৪.৭৩ |
| ৪১১২৩১০ | অফিস সরঞ্জাম | সংখ্যা | ৩৪ টি | ১৬৪.৩৫ | সংখ্যা | ৩৪ টি | ১৬৪.৩৫ |
| ৪১১২৩১২ | টেলিযোগাযোগ | সংখ্যা | ০৪ টি | ০.২০ | সংখ্যা | ০৪ টি | ০.২০ |
| ৪১১২৩১৪ | আসবাবপত্র | সংখ্যা | ১০৮২ টি | ১৩৪.০৭ | সংখ্যা | ৯৩৭ টি | ১৩৫.০০ |
| | **উপ-মোট (মূলধন)** | | | ২২২৮১.৩৪ | | | ২৮০২৩.৫৩ |
| **(গ) ফিজিক্যাল কনটিনজেন্সি ১%** | | | | ২২২.৮১ | | | - |
| **(ঘ) প্রাইস কনটিনজেন্সি ২%** | | | | ৪৪৫.৬৩ | | | - |
| **সর্বমোট (ক + খ + গ + ঘ) :** | | | | **২৩২৫১.৯৪** | | | **২৮১৩৯.৪৮** |

উৎস: ডিপিপি ও আরডিপিপি

প্রকল্পের বছরভিত্তিক অঙ্গাভিত্তিক লক্ষ্যমাত্রা এবং কর্ম পরিকল্পনা সংযুক্তি- ১ এ দেয়া হয়েছে।

## ১.৮ প্রকল্পের কর্ম পরিকল্পনা ও ক্রয় পরিকল্পনা

প্রকল্পের ক্রয় পরিকল্পনা (পণ্য ও কার্য) সংযুক্তি- ১ এ দেয়া হয়েছে।

## ১.৯ প্রকল্পের লগফ্রেম

প্রকল্পের লগফ্রেম নিম্নের সারণিতে উল্লেখ করা হলঃ

| সংক্ষিপ্ত বর্ণনা (NS) | বস্তুনিষ্ঠ যাচাই নির্দেশক(OVI) | যাচাই মাধ্যম(MOV) | গুরুত্বপূর্ণ অনুমান(IA) |
|---|---|---|---|
| **লক্ষ্য (Goal)** | | | |
| চট্টগ্রাম শহরে একটি নতুন সাংস্কৃতিক কেন্দ্র স্থাপন করা যা বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, মুসলিম ইনস্টিটিউট ও শহীদ মিনারের সমন্বয়ে নির্মিত হবে। | ১. বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার নির্মাণের মধ্য দিয়ে বছরে ৫০ সহস্রাধিক পাঠককে ডিজিটাল গ্রন্থাগার সেবা প্রদান করা সম্ভব হবে।<br>২. চট্টগ্রামের ৬ হাজার মানুষ বহুমুখী সাংস্কৃতিক কেন্দ্রে বিভিন্ন ধরনের সাংস্কৃতিক অনুষ্ঠান উপভোগ করতে পারবে। | গণগ্রন্থাগার অধিদপ্তর ও গণপূর্ত অধিদপ্তর, চট্টগ্রাম মুসলিম ইনস্টিটিউট, শহীদ মিনার চত্বর কর্তৃক সম্পাদিত দাপ্তরিক নথিপত্র, মূল্যায়ন প্রতিবেদন ইত্যাদি। | |
| **উদ্দেশ্য (Purpose/ Outcome)** | | | |
| বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, চট্টগ্রাম মুসলিম ইনস্টিটিউট, শহীদ মিনার কেন্দ্রিক শিক্ষামূলক ও সাংস্কৃতিক কর্মকান্ড বৃদ্ধির জন্য | চট্টগ্রামের জনসাধারণ সম্পূর্ণ নতুন একটি আধুনিক এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি সমৃদ্ধ সাংস্কৃতিক কমপ্লেক্স এর সুবিধা উপভোগ করবে। | ১.গণগ্রন্থাগার অধিদপ্তর এবং গণপূর্ত অধিদপ্তরের নিয়মিত প্রতিবেদন, নথিপত্র এবং মূল্যায়ন প্রতিবেদন।<br>২. সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় এবং গণগ্রন্থাগার অধিদপ্তরের মাসিক ও | জিওবি অর্থ প্রাপ্তি নিশ্চিতকরণ। |

| সংক্ষিপ্ত বর্ণনা (NS) | বস্তুনিষ্ঠ যাচাই নির্দেশক(OVI) | যাচাই মাধ্যম(MOV) | গুরুত্বপূর্ণ অনুমান(IA) |
|---|---|---|---|
| প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিকরণ। | | বার্ষিক প্রতিবেদন। | |
| **আউটপুট (Output)** | | | |
| ১.বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, চট্টগ্রামের অবকাঠামো উন্নয়ন এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি সংযোজনের মাধ্যমে প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি হবে। ২. চট্টগ্রাম মুসলিম ইনস্টিটিউট কমপ্লেক্সটি বহুমুখী সাংস্কৃতিক কর্মকান্ডের সুবিধাযুক্ত উপযুক্ত স্থানে পরিণত হবে। | ১.বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, চট্টগ্রামের ১৫২১২.২৮ বর্গফুট আয়তন বিশিষ্ট গ্রন্থাগার ভবন, ১৪৪৯৩.২২ বর্গফুট আয়তনের মিলায়তন, সেমিনার হল এবং ৭৪১৩.৬০ বর্গফুট আয়তনের জনসমাগম স্থান নির্মাণ করা হবে। ২. পুস্তক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি যন্ত্রপাতি, অফিস সরঞ্জাম, আসবাবপত্র এবং বই ও পাঠসামগ্রী সরবরাহ ও সংস্থাপন করা হবে এবং আধুনিক গ্রন্থাগার ও তথ্য সেবা প্রদান করা হবে। | ১. গণগ্রন্থাগার অধিদপ্তরের প্রতিবেদন। ২. পিডব্লিউডি কর্তৃক মাঠ পরিদর্শন । ৩. প্রকল্পের অগ্রগতি ও সমাপনী প্রতিবেদন। ৪. আইএমইডি-র মনিটরিং প্রতিবেদন। ৫. মন্ত্রনালয় কর্তৃক সম্পাদিত মাসিক সমন্বয় সভাসহ বিভিন্ন সভার কার্যবিবরণী। | জিওবি অর্থ প্রাপ্তি নিশ্চিতকরণ । |
| **ইনপুট (Input)** | | | |
| একটি বহুতল ভবন (৭০৩.১২ বর্গফুট আয়তনের ৯ তলা ফাউন্ডেশন সহ) নির্মাণ করা হবে । এছাড়া পাম্প হাউজ, পানি সংরক্ষণ আধার, সুয়ারেজ সিস্টেম, সীমানা প্রাচীর, সংযোগ সড়ক, বাগান ইত্যাদি তৈরি করা হবে। | ১.গণগ্রন্থাগার, সাধারণ মিলনায়তন, জনসমাগম স্থল, জাদুঘর, রেস্তোরাঁ, মসজিদ, মার্কেট প্রভৃতি মুসলিম ইনস্টিটিউট কমপ্লেক্সের ভেতরে নির্মাণ করা হবে । ২. বই সহ বিভিন্ন ধরনের পাঠ উপকরণ ক্রয় করা হবে। ৩ অফিস সরঞ্জাম, কম্পিউটার সামগ্রী ও যানবাহন ক্রয় করা হবে। | ১.গণগ্রন্থাগার অধিদপ্তরের প্রতিবেদন। ২. পিডব্লিউডি কর্তৃক মাঠ পরিদর্শন। ৩. প্রকল্পের অগ্রগতি ও সমাপনী প্রতিবেদন। ৪. আইএমইডি-র মনিটরিং প্রতিবেদন। ৫.মন্ত্রনালয় কর্তৃক সম্পাদিত মাসিক সমন্বয় সভাসহ বিভিন্ন সভার কার্যবিবরণী। ৬.স্টিয়ারিং কমিটির সভা, পিআইসি সভা, টেকনিক্যাল কমিটির সভা ইত্যাদি। | ১. যথাসময়ে প্রকল্প অনুমোদন ও অর্থ ছাড় । ২. যথাসময়ে ক্রয় কার্য সম্পাদন। ৩. গণপূর্ত বিভাগ কর্তৃক যথাসময়ে ঠিকাদার ও সরবরাহকারী নির্বাচন করা এবং কার্যাদেশ প্রদান করা ৪. তেমন কোনো রাজনৈতিক বা প্রাকৃতিক দুর্যোগ না থাকা। |

উৎস: ডিপিপি

## ১.১০ টেকসই উন্নয়ন পরিকল্পনার সাথে প্রকল্পের সম্পৃক্ততা

উল্লেখিত প্রকল্প যে টেকসই উন্নয়ন অভীষ্ট ও লক্ষ্যমাত্রার সাথে সম্পর্কিত তা নিম্নে বর্ণিত হলো -

টেকসই উন্নয়ন অভীষ্ট ১১ – অন্তর্ভুক্তিমূলক, নিরাপদ, অভিঘাতসহনশীল এবং টেকসই নগর ও জনবসতি গড়ে তোলা।

টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা ১১.৪ বিশ্বের সাংস্কৃতিক ও প্রাকৃতিক ঐতিহ্য রক্ষা ও সুরক্ষার জন্য শক্তিশালী প্রচেষ্টা এর সূচক ১১.৪.১ – সাংস্কৃতিক ও প্রাকৃতিক ঐতিহ্যের নিরাপত্তা ও সংরক্ষণে মাথাপিছু মোট ব্যয় (সরকারি ও বেসরকারি)। হেরিটেজের ধরন অনুসারে (সাংস্কৃতিক, প্রাকৃতিক, মিশ্র এবং বিশ্ব ঐতিহ্য কেন্দ্রের পদবী), সরকারের স্তর (জাতীয়, আঞ্চলিক এবং স্থানীয়/পৌরসভা), ব্যয়ের ধরন (পরিচালন ব্যয়/বিনিয়োগ) এবং ব্যক্তিগত তহবিলের ধরন (প্রকার অনুদান, বেসরকারি অলাভজনক খাত এবং পৃষ্ঠপোষকতা)। সংস্কৃতি জাতির পরিচয় বহন করে। উন্নয়ন নীতির কেন্দ্রবিন্দুতে সংস্কৃতিকে স্থাপন করার মাধ্যমে একটি মানবকেন্দ্রিক, অন্তর্ভুক্তিমূলক এবং ন্যায়সঙ্গত উন্নয়ন নিশ্চিত করা সম্ভব। অপরদিকে, টেকসই উন্নয়নের অর্থনৈতিক, সামাজিক, এবং পরিবেশগত মাত্রা, সাংস্কৃতিক ঐতিহ্য রক্ষায় এবং সৃজনশীলতা লালন করতে অবদান রাখে। বর্তমান সময়ের সবচেয়ে গুরুত্বপূর্ণ কাজ হচ্ছে দেশের যুব সমাজকে সংস্কৃতিমুখী করা যাতে করে তারা সন্ত্রাস চাঁদাবাজি, নেশাগ্রস্ততা, জঙ্গিবাদ,এমনকি রাষ্ট্রবিরোধী কোন কাজের সাথে সংশ্লিষ্ট হতে না পারে। সমাজের আধুনিক প্রয়োজনে ব্যবহারকারীদের সাংস্কৃতিক, সামাজিক এবং ধর্মীয় কর্মকান্ডের মধ্যে ভারসাম্য বজায় রাখার পাশাপাশি সাংস্কৃতিক কমপ্লেক্সটি অগ্রগতির প্রয়োজনীয়তা পূরণ করবে বলে আশা করা যায় । অতএব সার্বিক প্রেক্ষাপটে সংস্কৃতি বিষয়ক মন্ত্রনালয়ের অধীনে গণগ্রন্থাগার অধিদপ্তর কর্তৃক চট্টগ্রাম মুসলিম ইনস্টিটিউট সাংস্কৃতিক কমপ্লেক্স স্থাপন শীর্ষক প্রকল্পটি টেকসই উন্নয়নের সাথে পরোক্ষভাবে সম্পৃক্ত।

## ১.১১ প্রকল্পের ফলাফল (Outcome)

বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, চট্টগ্রাম মুসলিম ইনস্টিটিউট, শহীদ মিনার কেন্দ্রিক শিক্ষামূলক ও সাংস্কৃতিক কর্মকাণ্ড বৃদ্ধির জন্য প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিকরণ।

## ১.১২ প্রকল্পের আউটপুট (Output)

১.বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার ভবন, মিলনায়তন ভবন, পাবলিক প্লাজা, ক্যাফে ভবন, মঞ্চ ও উন্মুক্ত মঞ্চ, মসজিদ ও মার্কেট, ভাস্কর্য ও ভাস্কর্য গার্ডেন নির্মাণসহ মিলনায়তনের একুস্টিক কাজ এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি সংযোজনের মাধ্যমে প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি হবে।

২. চট্টগ্রাম মুসলিম ইনস্টিটিউট কমপ্লেক্সটি বহুমুখী সাংস্কৃতিক কর্মকান্ডের সুবিধাযুক্ত উপযুক্ত স্থানে পরিণত হবে।

## ১.১৩ প্রকল্পের টেকসই পরিকল্পনা/ Exit Plan

প্রকল্পের ডিপিপি'তে টেকসই পরিকল্পনা বা Exit Plan সম্পর্কে নির্দেশনা রয়েছে তবে তা প্রকল্প পরবর্তী সময়ে প্রকল্প হতে সৃষ্ট সুবিধাদি কিভাবে টেকসই হবে বা এর সুফল কিভাবে স্থায়ী হবে সে বিষয়ে কোন সুনির্দিষ্ট নির্দেশনা প্রদান করে না।

# দ্বিতীয় অধ্যায়

# নিবিড় পরিবীক্ষণ কাজ পরিচালন পদ্ধতি ও সময়ভিত্তিক কর্মপরিকল্পনা

## ২.০ ভূমিকাঃ

বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) ভুক্ত উন্নয়ন প্রকল্পসমূহ পরিকল্পনা মন্ত্রণালয়ের বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি) কর্তৃক পরিবীক্ষণ ও মূল্যায়ন করা হয়। ফলশ্রুতিতে সরকারের সকল মন্ত্রণালয়/ বিভাগ ও সংস্থা কর্তৃক বাস্তবায়নাধীন/বাস্তবায়িত প্রকল্পের তথ্য পাওয়া যায়। কোন চলমান প্রকল্পের বাস্তবায়নকালে কোন ত্রুটি-বিচ্যুতি পরিলক্ষিত হলে আইএমইডি তার প্রতিবেদনের মাধ্যমে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবহিত এবং তা সমাধানের জন্য সুপারিশ প্রদান করে থাকে। প্রকল্পের বাস্তবায়ন পরিবীক্ষণের মাধ্যমে আইএমইডি প্রকল্পের প্রকৃত বাস্তবায়ন অগ্রগতি, কাজের গুণগতমান এবং ভবিষ্যতে উন্নয়ন প্রকল্প গ্রহণে করণীয় সম্পর্কে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে মতামত প্রদান করে।

## ২.১ নিবিড় পরিবীক্ষণ কাজের পটভূমিঃ

এডিপিভুক্ত উন্নয়ন প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণের পাশাপাশি প্রতি অর্থবছর আইএমইডি পরামর্শক ফার্ম নিয়োগের মাধ্যমে সীমিত সংখ্যক চলমান প্রকল্পের নিবিড় পরিবীক্ষণ পরিচালনা করে থাকে। এরই ধারাবাহিকতায় আইএমইডি চলতি ২০২১-২২ অর্থবছরের রাজস্ব বাজেটের আওতায় সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অধীনে গণগ্রন্থাগার অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন “চট্টগ্রাম মুসলিম ইনস্টিটিউট সাংস্কৃতিক কমপ্লেক্স স্থাপন শীর্ষক” প্রকল্পের নিবিড় পরিবীক্ষণের উদ্যোগ গ্রহণ করেছে। এ লক্ষ্যে পিপিআর ২০০৮ অনুসরণক্রমে "এম আর কন্সালট্যান্টস্ (MRC)" কে বর্ণিত প্রকল্পের নিবিড় পরিবীক্ষণের জন্য পরামর্শক ফার্ম হিসেবে নিয়োজিত করা হয়েছে। উক্ত প্রকল্পের নিবিড় পরিবীক্ষণ পরিচালনা করার লক্ষ্যে ০২ ফেব্রুয়ারি ২০২২ তারিখে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডির) এর সাথে পরামর্শক প্রতিষ্ঠান “এম আর কনসালট্যান্টস্”এর চুক্তি স্বাক্ষরিত হয়।

চুক্তি সম্পাদনের পর পরামর্শক ফার্মের সমীক্ষা টিম চুক্তিবদ্ধ কাজের পরিধি, উদ্দেশ্য ও বর্ণিত প্রকল্পের প্রয়োজনীয় তথ্যাদি সর্ম্পকে অবহিত ও তা সংগ্রহের উদ্দেশ্যে পরিবীক্ষণ ও মূল্যায়ন  সেক্টর- ৫ এর সংশ্লিষ্ট কর্মকর্তাদের সঙ্গে আলোচনা করেন। উক্ত আলোচনার পর পরামর্শক প্রতিষ্ঠানকে ডিপিপি ও অন্যান্য আনুষঙ্গিক কাগজপত্র সরবরাহ করা হয়। প্রকল্পের নিবিড় পরিবীক্ষণের জন্য প্রয়োজনীয় প্রশ্নাবলী ও চেকলিস্ট স্তর অনুযায়ী সম্পন্ন করে প্রতিবেদনটির শেষাংশে সংযুক্তি-২ এ সংযুক্ত করা হয়েছে।

## ২.২ নিবিড় পরিবীক্ষণ কাজের  উদ্দেশ্যঃ

ক) অনুমোদিত DPP/RDPP অনুযায়ী প্রকল্প কার্যক্রম পরিচালিত ও লক্ষ্যমাত্রা অনুযায়ী অগ্রগতি অর্জিত হয়েছে /হচ্ছে কিনা তা পর্যালোচনার মাধ্যমে যাচাই করা;

খ) প্রকল্পের উদ্দেশ্য অর্জনে গৃহীত কার্যাবলী বিশ্লেষণ ও পর্যালোচনা করা;

গ) প্রকল্প প্রণয়নে সম্ভাব্যতা সমীক্ষায় কোন দুর্বলতা ছিল কিনা তা পর্যালোচনা করা;

ঘ) প্রকল্পের বাস্তবায়ন জনিত সমস্যা/ ঝুঁকি চিহ্নিত করা; এবং

ঙ) প্রকল্পের উদ্দেশ্য অর্জন হবে কিনা তা যাচাই করে মন্ত্রণালয় ও বাস্তবায়নকারী সংস্থার জন্য সুপারিশ প্রদান করা।

## ২.৩ নিবিড় পরিবীক্ষণ কাজের কর্মপরিধিঃ

- প্রকল্পের বিবরণ (পটভূমি, উদ্দেশ্য, অনুমোদন/ সংশোধনের অবস্থা, অর্থায়নের বিষয় ইত্যাদি সকল প্রযোজ্য তথ্য) পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- প্রকল্পের অর্থবছরভিত্তিক কর্মপরিকল্পনা, অর্থবছরভিত্তিক বরাদ্দ, ছাড় ও ব্যয় ও বিস্তারিত অঙ্গভিত্তিক বাস্তবায়ন (বাস্তব ও আর্থিক) অগ্রগতির তথ্য সংগ্রহ, সন্নিবেশন, বিশ্লেষণ, সারণি/ লেখচিত্রের মাধ্যমে উপস্থাপন ও পর্যালোচনা;
- প্রকল্পের উদ্দেশ্য অর্জনের অবস্থা পর্যালোচনা ও প্রকল্পের উদ্দেশ্য ও লগ ফ্রেমের আলোকে Output পর্যায়ের অর্জন পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- প্রকল্পের আওতায় সম্পাদিত/চলমান বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংগ্রহের (Procurement) ক্ষেত্রে প্রচলিত সংগ্রহ আইন ও বিধিমালা (পিপিএ, পিপিআর, উন্নয়ন সহযোগীর গাইডলাইন ইত্যাদি) এবং প্রকল্প দলিল উল্লিখিত ক্রয় পরিকল্পনা প্রতিপালন করা হয়েছে/হচ্ছে কি না সে বিষয়ে তুলনামূলক পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- প্রকল্পের আওতায় সংগৃহীত/সংগৃহীতব্য পণ্য, কার্য ও সেবা পরিচালনা এবং রক্ষণাবেক্ষণের জন্য প্রয়োজনীয় জনবলসহ (টেকসই পরিকল্পা) আনুষঙ্গিক বিষয় পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- প্রকল্পের আওতায় সংগৃহীত/সংগ্রহের প্রক্রিয়াধীন বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংশ্লিষ্ট ক্রয়চুক্তিতে নির্ধারিত স্পেসিফিকেশন/ BOQ/ TOR, গুণগতমান, পরিমাণ অনুযায়ী প্রয়োজনীয় পরিবীক্ষণ/ যাচাইয়ের মাধ্যমে সংগ্রহ করা হয়েছে/হচ্ছে কি না সে বিষয়ে পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- প্রকল্পের ঝুঁকি অর্থাৎ বাস্তবায়ন সম্পর্কিত বিভিন্ন সমস্যা যেমন অর্থায়নে বিলম্ব, বাস্তবায়নে পণ্য, কার্য ও সেবা ক্রয়/ সংগ্রহের ক্ষেত্রে বিলম্ব, ব্যবস্থাপনায় অদক্ষতা ও প্রকল্পের মেয়াদ ও ব্যয় বৃদ্ধি ইত্যাদির কারণসহ অন্যান্য দিক বিশ্লেষণ, পর্যোলোচনা ও পর্যবেক্ষণ;
- প্রকল্প অনুমোদন সংশোধন (প্রযোজ্য ক্ষেত্রে) অর্থ বরাদ্দ, অর্থ ছাড়. বিল পরিশোধ ইত্যাদি বিষয়ে তথ্য-উপাত্তের পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- উন্নয়ন সহযোগী সংস্থা (যদি থাকে) কর্তৃক চুক্তি স্বাক্ষর, চুক্তির শর্ত, ক্রয় প্রস্তাব প্রক্রিয়াকরণ ও অনুমোদন, অর্থ ছাড়, বিল পরিশোধে সম্মতি ও বিভিন্ন মিশন এর সুপারিশ ইত্যাদির তথ্য-উপাত্তভিত্তিক পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- প্রকল্প সমাপ্তির পর সৃষ্ট সুবিধাদি টেকসই (Sustainable) করার লক্ষ্যে মতামত প্রদান;
- প্রকল্পের উদ্দেশ্য, লক্ষ্য, প্রকল্পের কার্যক্রম, বাস্তবায়ন পরিকল্পনা, প্রকল্প ব্যবস্থাপনা, ঝুঁকি, মেয়াদ, ব্যয়, অর্জন ইত্যাদি বিষয় বিবেচনা করে একটি SWOT ANALYSIS;
- প্রকল্প সংশ্লিষ্ট নথিপত্র পর্যালোচনা ও মাঠ পর্যায় হতে প্রাপ্ত তথ্যের বিশ্লেষণের আলোকে সার্বিক পর্যালোচনা, পর্যবেক্ষণ, ও প্রয়োজনীয় সুপারিশসহ একটি প্রতিবেদন প্রণয়ন করবে ও জাতীয় কর্মশালায় প্রতিবেদনটি উপস্থাপন করবে। জাতীয় কর্মশালায় প্রাপ্ত মতামত সন্নিবেশ করে চূড়ান্ত প্রতিবেদন প্রণয়ন করবে;
- প্রকল্প ব্যবস্থাপনা, প্রকল্প পরিচালক নিয়োগ, জনবল নিয়োগ, প্রকল্প ব্যবস্থাপনা কমিটির সভা, প্রকল্প স্টিয়ারিং কমিটির সভা আয়োজন, কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন, সভার ও প্রতিবেদনের সিদ্ধান্ত বাস্তবায়ন, অগ্রগতির তথ্য প্রেরণ ইত্যাদি পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত অন্যান্য বিষয়াবলী।

## ২.৪ নিবিড় পরিবীক্ষণের পদ্ধতি

নিবিড় পরিবীক্ষন কাজ প্রধানতঃ প্রকল্প দলিলাদি/ নথি পর্যালোচনা, নিবিড় আলোচনা এবং দলগত আলোচনা (এফজিডি) এর মাধ্যমে তথ্য সংগ্রহ এবং মাঠ পর্যায়ে ভৌতকাজ পরিদর্শন/ যাচাইকরণ এর উপর ভিত্তি করে পরিচালিত হয় । মাঠ পর্যায়ে ভৌতকাজ পরিদর্শনের সময় নির্মাণ কাজের গুণগতমান, ব্যবহৃত মালামালের মান পরিক্ষা করে দেখা হয় এবং উপাদান সমূহের বিভিন্ন ফিল্ড টেস্ট ও প্রয়োজন মোতাবেক নমুনা সংগ্রহ করে ল্যাব টেস্টের মাধ্যমে সেগুলোর গুণগতমান যাচাই করা হয় । এছাড়া বিভিন্ন গুণগত ও সংখ্যাগত পদ্ধতিতে তথ্য সংগ্রহ করে প্রকল্পের সবলতা, দূর্বলতা ও ঝুঁকি নির্ণয় করা হয় । গুনগত পদ্ধতিতে তথ্য সংগ্রহের ক্ষেত্রে প্রকল্পের সাথে সংশ্লিষ্ট বিভিন্ন গুরুত্বপূর্ন ব্যক্তিদের নিবিড় সাক্ষাৎকার (কেআইআই) গ্রহণ করা হয়, দলীয় আলোচনা বা ফোকাস গ্রুপ ডিসকাশন (এফজিডি) ও প্রকল্প এলাকায় স্থানীয় কর্মশালার আয়োজন করা হয় । সংখ্যাগত পদ্ধতিতে মাঠ পর্যায়ে ভৌতকাজ পরিদর্শন/ যাচাইকরণ করা হয় । ক্রয় বা প্রকিউরমেন্ট সংক্রান্ত তথ্য সংগ্রহের জন্য

সিপিটিইউ এর চেকলিষ্ট ছকের সাহায্য নেয়া হয়। পিপিএ - ২০০৬ ও পিপিআর - ২০০৮ অনুসারে ক্রয় প্রক্রিয়া সম্পন্ন হয়েছে কিনা তা যাচাই করে দেখা হয়। এছাড়া ক্রয় সংক্রান্ত কার্যক্রম ডিপিপি অনুমোদিত সূচি অনুযায়ী ও পদ্ধতি অনুসরণ করে করা হয়েছে কি-না তা যাচাই করা হয় এবং তাতে ব্যত্যয় ঘটে থাকলে ব্যত্যয় ঘটার প্রকৃত কারণ অনুসন্ধান করার প্রচেষ্টা করা হয়।

তথ্য উপাত্ত সংগ্রহ এবং তা বিশ্লেষণের পর প্রাপ্ত ফলাফল বা ফাইন্ডিংস এর ভিত্তিতে বাস্তব ভিত্তিক সুপারিশ প্রণয়ন করা হয় যেন তার আলোকে গৃহীত পদক্ষেপে উল্লেখিত প্রকল্পের কাজ আরও গতিশীল ও মানসম্পন্ন হয় এবং স্টেকহোল্ডারদের চাহিদা মেটাতে সক্ষম হয়। নিবিড় পরিবীক্ষণের বিভিন্ন পদ্ধতির বিস্তারিত বর্ণনা নিম্নে দেয়া হলোঃ

### ২.৪.১ কারিগরী পদ্ধতি

প্রকল্পটির নিবিড় পরিবীক্ষণ পরিচালনার জন্য সকল কার্যক্রম প্রকল্পের উদ্দেশ্য এবং এ সংক্রান্ত কর্মপরিধির আলোকে গ্রহণ করা হয়েছে। প্রকল্পের উদ্দেশ্যের আলোকে প্রকল্পে গৃহীত প্রধান প্রধান কার্যাবলীকে ভিত্তি ধরে বর্তমান সমীক্ষার কৌশলগত পদ্ধতি নির্ধারণ করা হয়েছে। প্রকল্পের নিবিড় সমীক্ষার উদ্দেশ্য অর্জনে তিন ধরনের কৌশল অবলম্বন করা হয়েছে যথাঃ

(১) প্রকল্পের বাস্তবায়ন সংক্রান্ত কাগজপত্র পর্যালোচনার মাধ্যমে তথ্য সংগ্রহ

(২) জরিপের মাধ্যমে প্রকল্প এলাকার সংখ্যাগত ও গুণগত তথ্য সংগ্রহ

(৩) প্রকল্প এলাকা সরেজমিন পরিদর্শনের মাধ্যমে ভৌত ও অন্যান্য কাজ পরিবীক্ষণ ও যাচাইকরণ

### ২.৪.২ বিশ্লেষণগত ফ্রেমওয়ার্ক

নিবিড় পরিবীক্ষণে নির্দিষ্টকৃত নির্দেশকসমূহের সঙ্গে সঙ্গতি রেখে প্রাপ্ত তথ্যের Input-output framework এমনভাবে স্তর বিন্যাস করা হয় যেন তথ্যের পরিসংখ্যাণগত বিশ্লেষণ সঠিকভাবে সম্পন্ন হয়। প্রাপ্ত তথ্যসমূহ MS Excel ডাটাবেস এর সাহায্যে এন্ট্রি করা হয়েছে এবং MS Excel সফটওয়্যার ব্যবহার করে তথ্য বিশ্লেষণ কাজ সম্পন্ন করা হয়েছে।

### ২.৪.৩ সমীক্ষার ধারণা (Conceptualization)

সমীক্ষা কাজটি সম্পাদনের জন্য টার্মস অব রেফারেন্স-এ প্রদত্ত গাইডলাইন অনুসরণ করা হয়েছে। গৃহীত সকল কার্যক্রম পর্যায়ক্রমে ও ক্রমানুযায়ী সম্পন্ন করা হয়েছে। তবে প্রকল্পটির নিবিড় পরিবীক্ষণের কাজটি নির্ধারিত সময়ে সম্পন্ন করার উদ্দেশ্যে কোন কোন কার্যক্রম যুগোপৎভাবে সম্পাদিত হয়েছে।

নিবিড় পরিবীক্ষণ কার্যক্রমের বিভিন্ন ধাপ নিম্নে বর্ণিত হয়েছে এবং চিত্র-২-এ দেখানো হয়েছে।

ক) প্রথম ধাপঃ এ পর্যায়ে প্রকল্প সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিবেদন ও তথ্যাদি সংগ্রহ এবং পর্যালোচনা করা হয়েছে। এ ছাড়া সমীক্ষা সম্পাদনের পরিকল্পনা গ্রহণ, নির্দেশক নির্বাচন, তথ্যের উৎস চিহ্নিতকরণ, সমীক্ষা এলাকায় নমুনা নির্ধারণ ও বিভিন্ন প্রশ্নমালা/ছক/ চেকলিস্ট প্রস্তুত করা হয়েছে।

খ) দ্বিতীয় ধাপঃ এই ধাপে মাঠ পর্যায়ের তথ্য/ উপাত্ত সংগ্রহের জন্য প্রয়োজনীয় লোকবল নিয়োগ ও তাদের প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়া প্রস্তুতকৃত প্রশ্নাবলি ও ছকের উপর বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ প্রদত্ত মতামত/পরামর্শ অনুসরণে বিভিন্ন প্রশ্নমালা/চেকলিস্ট চূড়ান্তকরণপূর্বক মাঠ পর্যায়ে তথ্য/উপাত্ত সংগ্রহের পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে।

গ) তৃতীয় ধাপঃ এই ধাপে তথ্য সংগ্রহকারীগণ কর্তৃক মাঠ পর্যায় হতে নির্দিষ্ট পরিকল্পনা ও সময়ানুযায়ী তথ্য/উপাত্ত সংগ্রহ করা হয়েছে। পরামর্শক সমীক্ষা টিম কর্তৃক তথ্য সংগ্রহকারীদের কাজের তদারকি করা হয়েছে। তথ্য সংগ্রহকারীগণ কর্তৃক মাঠ পর্যায়ে Convenient পদ্ধতির ভিত্তিতে নির্বাচিত স্টেকহোল্ডারদের নিকট হতে প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করা হয়েছে এবং প্রকল্প বাস্তবায়নে জড়িতদের (গণপূর্ত) নিকট হতে সুনির্দিষ্ট তথ্য/উপাত্ত সংগ্রহ করা হয়েছে।

ঘ) চতুর্থ ধাপঃ মাঠ পর্যায়ে সংগৃহীত তথ্যে ভুলত্রুটি থাকলে তা সংশোধন করা হয়েছে। সংগৃহীত তথ্য/উপাত্ত সংশোধনের পর সেগুলোতে সাংকেতিক নাম্বার প্রদান করা হয়েছে এবং সে অনুযায়ী কম্পিউটারে ধারণ করা হয়েছে। পরবর্তীতে সংগৃহীত তথ্য/উপাত্তসমুহের পরিসংখ্যানিক বিশ্লেষণ এবং প্রাপ্ত ফলাফল টেবিল আকারে উপস্থাপন করা হয়েছে।

ঙ) পঞ্চম ধাপঃ

এই ধাপে প্রাপ্ত ফলাফলের উপর ভিত্তি করে খসড়া প্রতিবেদন প্রণয়ন এবং পর্যালোচনার জন্য আইএমইডি এর নিকট দাখিল করা হয়। খসড়া প্রতিবেদনের উপর টেকনিক্যাল কমিটি, স্টিয়ারিং কমিটি-এর সুপারিশের ভিত্তিতে চূড়ান্ত খসড়া প্রতিবেদন প্রণয়ন পূর্বক কর্মশালায় উপস্থাপন করা হয়েছে। কর্মশালা হতে প্রাপ্ত মতামত/ পরামর্শ/ সুপারিশের আলোকে চূড়ান্ত প্রতিবেদন প্রণয়ন ও দাখিল করা হবে।

উপরোল্লিখিত ধাপ সমূহের কার্যাবলী সমূহ নিম্নে পর্যায়ক্রমে সাজানো হয়েছে:

**তথ্যাদি পর্যালোচনা**

- প্রকল্প দলিল (ডিপিপি) ও অন্যান্য তথ্যাদি পর্যালোচনা;
- অগ্রগতি ও অন্যান্য বাস্তবায়নাধীন সংশ্লিষ্ট প্রতিবেদন পর্যালোচনা; এবং
- বাস্তবায়িত/ বাস্তবায়নাধীন কার্যক্রম পর্যালোচনা।

**প্রস্তুতিমূলক কাজ**

- তথ্য সংগ্রহের জন্য প্রয়োজনীয় প্রশ্নমালা/ ছক/ চেকলিস্ট প্রস্তুতকরণ;
- তথ্য সংগ্রহকারী নিয়োগ ও তাদের প্রশিক্ষণ প্রদান;
- নমুনা সমীক্ষা এলাকা ও তথ্য প্রদানকারী নির্বাচন;
- টেকনিক্যাল কমিটির মতামত/পরামর্শ অনুসরণে প্রস্তুতকৃত প্রশ্নমালা ও ছক চূড়ান্তকরণ ও মাঠ পর্যায়ে যাচাইকরণ; এবং
- কর্মপদ্ধতি চূড়ান্তকরণ।

**তথ্য সংগ্রহ ও অবকাঠামো যাচাইকরণ**

- প্রস্তুতকৃত প্রশ্নমালা/ ছক/ চেকলিস্ট এর সাহায্যে প্রকল্প এলাকা হতে তথ্য সংগ্রহ;
- প্রকল্পের অঙ্গভিত্তিক চলমান/ নির্মিত অবকাঠামো পর্যবেক্ষণ ও পরীক্ষা-নিরীক্ষাকরন ;
- সমীক্ষা পরিবীক্ষণের/ তথ্য সংগ্রহ কাজের গুণগতমান নিশ্চিতকরণে সঠিক ব্যবস্থাপনা গ্রহণ; এবং
- স্থানীয় পর্যায়ে কর্মশালা আয়োজন এবং সংগৃহীত তথ্য সম্পাদন/ যাচাই।

**সংগৃহীত তথ্য ব্যবস্থাপনা ও বিশ্লেষণ**

- সংগৃহীত তথ্য ব্যবস্থাপনার পরিকল্পনা প্রণয়ন;
- তথ্যের ভুলত্রুটি সংশোধন;
- কম্পিউটারে তথ্য এন্ট্রি ও সংকলন; এবং
- তথ্যের বিশ্লেষণ ও ডাটা-টেবিলে উপস্থাপন।

**প্রতিবেদন প্রণয়ন**

- খসড়া প্রতিবেদন প্রস্তুতকরণ;
- খসড়া প্রতিবেদনের ওপর স্টিয়ারিং কমিটির মতামত গ্রহণ;
- টেকনিক্যাল ও স্টিয়ারিং কমিটির সুপারিশের আলোকে ২য় খসড়া প্রতিবেদন প্রস্তুতকরণ;;
- ২য় খসড়া প্রতিবেদনের উপর জাতীয় পর্যায়ে কর্মশালা আয়োজন; এবং
- কর্মশালায় প্রাপ্ত মতামত অনুসরণে চূড়ান্ত প্রতিবেদন প্রস্তুত ও দাখিলকরন ।

চিত্র-২: নিবিড় পরিবীক্ষণ কাজের ধাপ ভিত্তিক কর্মকাণ্ডের বর্ণনা

## ২.৫ কর্মপদ্ধতি (Methodology)

এ অধ্যায়ে সমীক্ষার নমুনা এলাকা নির্দিষ্টকরণ, নির্দেশক নির্বাচন, সমীক্ষায় অংশগ্রহণকারী উত্তরদাতা নির্বাচন, সমীক্ষার জন্য প্রশ্নমালা ও ছক তৈরী, প্রশ্নমালা ও ছক ব্যবহারের কৌশলগত পদ্ধতি, সমীক্ষা পরিকল্পনা, সংগৃহীত তথ্যের ব্যবস্থাপনা ও পরিসংখ্যানগত বিশ্লেষণ ইত্যাদি বিষয়ে আলোচনা করা হয়। উল্লেখ্য যে নিবিড় পরিবীক্ষণের উদ্দেশ্য ও চাহিদার প্রয়োজনে বর্তমান প্রকল্পের সংখ্যাগত ও গুণগত সমীক্ষার বিশ্লেষণ করা হয়েছে।


### ২.৫.১ প্রকল্পে দলিলাদি পর্যালোচনা

প্রকল্পের কার্যক্রম সম্পর্কে অবহিত এবং প্রয়োজনীয় সেকেন্ডারী তথ্যের উৎস সম্পর্কে জানার জন্য প্রকল্পের দলিলাদি পর্যালোচনা, প্রকল্পের পিআইসি এবং পিএসসি সভার কার্যবিবরণী ও সিদ্ধান্তসমুহ প্রতিপালনের বিষয় পর্যালোচনা এবং বিশ্লেষণ করা হয়। ফার্মের সমীক্ষা টিম কর্তৃক ইতোমধ্যে প্রকল্পের ডিপিপি ও অন্যান্য দলিলাদি সংগ্রহ করা হয়েছে। এছাড়া অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি সংগ্রহের কাজ প্রক্রিয়াধীন আছে যা নিবিড় পরিবীক্ষণ কার্যক্রমের শেষ সময় পর্যন্ত চলমান থাকবে।

### ২.৫.২ সমীক্ষার রূপরেখা প্রণয়ন

নিবিড় পরিবীক্ষণ কাজটি সম্পাদনের জন্য সংখ্যাগত ও গুণগত পদ্ধতির অবলম্বন করা হয়েছে। প্রস্তুতকৃত প্রশ্নমালা (Questionnaire)/ ছক, কেআইআই চেকলিষ্ট, এফজিডি এর মাধ্যমে প্রয়োজনীয় সংখ্যাগত ও গুণগত তথ্য সংগ্রহ করা হয়েছে। প্রকল্প এলাকায় সরেজমিন পরিদর্শন (Physical Inspection) করে পরামর্শক টিম প্রকল্পের অগ্রগতির বিভিন্ন তথ্যাদি সংগ্রহ এবং অবকাঠামো ও অন্যান্য উন্নয়ন কাজের ফিজিক্যাল মেজারমেন্ট ও উপাদানের/ অঙ্গের ফিল্ড/ ল্যাব টেস্ট করে গুণগতমান পরীক্ষা করা হয়েছে। সমীক্ষা কাজ মাঠ পর্যায়ে সঠিকভাবে সম্পন্ন করার লক্ষ্যে একটি সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে যাতে বিভিন্ন কাজের বর্ণনা ও সম্পাদনের সম্ভাব্য সময়সূচির উল্লেখ করা হয় ।

নিবিড় পরিবীক্ষণ সমীক্ষার ধারণায় উল্লিখিত ৫টি ধাপের সকল কার্যক্রমকে মোট তিনটি পর্বে সাজানো হয়েছে। প্রতিটি পর্বের অধিনস্থ কার্যক্রমগুলো চিত্র-৩ এর মাধ্যমে দেখানো হলো ।




চিত্র-৩: নিবিড় পরিবীক্ষণ কার্যক্রমের কাঠামো

### ২.৫.৩ নিবিড় পরিবীক্ষণের নির্দেশক নির্বাচন

প্রকল্পের বর্তমান অবস্থা ও ভূমিকার সঙ্গে তার পরিকল্পনা তথা ডিপিপি/ ডিপিপিতে বর্ণিত বিষয়সমূহের চলক (Variable) ও নির্দেশকের (Indicator) মান তুলনার মাধ্যমে প্রকল্পের নিবিড় পরিবীক্ষণ করা হয়েছে। প্রকল্পের সফলতা ও তার উদ্দেশ্য অর্জনের মাত্রা নির্ভর করে বাস্তবায়ন সফলতার উপর। সমীক্ষার শর্তাবলী (TOR) পর্যালোচনা করে নিম্নোক্ত পর্যায়ে মূল্যায়নের মাধ্যমে প্রকল্পটির নিবিড় পরিবীক্ষণ করা হয়ঃ

| পরিবীক্ষণের প্রকৃতি | পরীক্ষণীয় বিষয়/ চলক/ নির্দেশক | উৎস | পদ্ধতি |
|---|---|---|---|
| প্রকল্প উদ্দেশ্য এবং ব্যাপ্তি | প্রকল্পের উদ্দেশ্য এবং প্রকল্প বাস্তবায়নের সম্ভাব্যতা (feasibility) লক্ষ্যমাত্রা অর্জনের সাথে সামঞ্জস্যপূর্ণ কিনা তা প্রকল্প উপাদানগুলি বাস্তবায়নের অবস্থা পর্যালোচনা ও পরিবীক্ষণ।<br>প্রকল্পের লগফ্রেমে বর্ণিত সূচকগুলো প্রকল্পের উদ্দেশ্যগুলির অর্জন, পর্যবেক্ষণ ও মূল্যায়নের জন্য উপযুক্ত কিনা। | প্রকল্প এলাকা, প্রকল্প কর্তৃপক্ষ ও অন্যান্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহ | ডিপিপি ও প্রতিবেদন পর্যালোচনা, কেআইআই, এফজিডি ও মাঠ পর্যায়ে পর্যবেক্ষণ |
| প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত কর্মকান্ডের নিবিড় পরিবীক্ষণ | ক) প্রকল্পের প্রধান অঙ্গসমূহ বাস্তবায়নের সময় ও অবস্থা। অসম্পন্ন/ বিলম্বের কারণসমূহ পর্যালোচনা। | প্রকল্প কর্তৃপক্ষ/ গণগ্রন্থাগার অধিদপ্তর | প্রতিবেদন/ নথি পর্যালোচনা, কেআইআই, মাঠ পর্যায়ে পর্যবেক্ষণ |
| | খ) প্রকল্পের গ্রন্থাগার ভবন নির্মাণ, মিনায়তন ভবন, পাবলিক প্লাজা, কম্পিউটার ও যন্ত্রাংশ ক্রয়, অফিস সরঞ্জাম ক্রয়, গাড়ী ক্রয়, আসবাবপত্র ক্রয় ও সরবরাহ পরিকল্পনা অনুযায়ী সময়মত সংগৃহীত হয়েছে কিনা। | প্রকল্প কর্তৃপক্ষ ও অন্যান্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহ | ডকুমেন্ট পর্যালোচনা, কেআইআই |
| | গ) প্রকল্পের আওতায় সম্পাদিত বিভিন্ন কার্য ও পণ্য সংগ্রহের ক্ষেত্রে প্রচলিত PPR ও প্রযোজ্য গাইড লাইন প্রতিপালন করা হয়েছে কিনা। অসম্পাদিত প্যাকেজের অবস্থা, কেন ক্রয় সম্পাদন হয়নি তার কারণসমূহ। | প্রকল্প কর্তৃপক্ষ/ গণগ্রন্থাগার অধিদপ্তর ও অন্যান্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহ | ডকুমেন্ট পর্যালোচনা, কেআইআই, মাঠ পর্যায়ে পর্যবেক্ষণ |
| | ঘ) প্রকল্পের আওতায় সংগৃহীত পণ্য, কার্য, জনবল নিয়োগ ইত্যাদি সংশ্লিষ্ট ক্রয়চুক্তিতে নির্ধারিত স্পেসিফিকেশন, গুণগতমান ও পরিমাণ অনুযায়ী প্রয়োজনীয় পরিবীক্ষণ/ যাচাইয়ের মাধ্যমে সংগ্রহ করা হয়েছে কিনা। | প্রকল্প কর্তৃপক্ষ ও অন্যান্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহ, মাঠ পর্যায়ে পর্যবেক্ষণ | ক্রয় সংক্রান্ত ডকুমেন্ট পর্যালোচনা, কেআইআই ও পর্যবেক্ষণ |
| | ঙ) প্রকল্পের অর্থায়ন ও ব্যবস্থাপনা এবং কাজের গুণগতমান ও অনুসরণযোগ্য উপাদান। | প্রকল্প কর্তৃপক্ষ/ গণগ্রন্থাগার অধিদপ্তর ও মাঠ পর্যায়ে পর্যবেক্ষণ | ডকুমেন্ট পর্যালোচনা, কেআইআই ও পর্যবেক্ষণ |
| | চ) জনবল নিয়োগ। | প্রকল্প কর্তৃপক্ষ, মাঠ পর্যায়ে পর্যবেক্ষণ | কেআইআই, সংশ্লিষ্ট দলিল ও পর্যবেক্ষণ |
| প্রকল্পের বর্তমান অবস্থা পর্যবেক্ষণ | ১। প্রকল্পের গ্রন্থাগার ভবন নির্মাণ, মিলনায়তন ভবন, পাবলিক প্লাজা ও অন্যান্য। | প্রকল্প কর্তৃপক্ষ/ গণগ্রন্থাগার অধিদপ্তর , মাঠ পর্যায়ে পর্যবেক্ষণ ও সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহ | কেআইআই, সংশ্লিষ্ট দলিল পর্যালোচনা / মাঠ পর্যায়ে পর্যবেক্ষণ |
| | ২। , গাড়ী ক্রয়, কম্পিউটার ও যন্ত্রাংশ ক্রয়, অফিস সরঞ্জাম ক্রয়আসবাবপত্র ক্রয় ও সরবরাহ । | প্রকল্প কর্তৃপক্ষ/ গণগ্রন্থাগার অধিদপ্তর, মাঠ পর্যায়ে পর্যবেক্ষণ | ডকুমেন্ট পর্যালোচনা, কেআইআই, মাঠ পর্যায়ে পর্যবেক্ষণ |
| প্রকল্পের SWOT বিশ্লেষণ | প্রকল্পের সবলদিক, দুর্বলদিক, সুযোগ ও ঝুঁকি চিহ্নিতকরণ। | প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত কর্মকান্ড, স্টেক হোল্ডারগণ | কেআইআই, এফজিডি, কর্মশালা ও মাঠ পর্যায়ে পর্যবেক্ষণ |

উপরে বর্ণিত পরিবীক্ষণীয় বিষয়/চলক/নির্দেশক সংক্রান্ত তথ্য সঠিকভাবে সংগ্রহ ও যথাযথ বিশ্লেষণ করে প্রকল্প বাস্তবায়ন অবস্থা ডিপিপিতে বর্ণিত লক্ষ্যমাত্রার সাথে তুলনার মাধ্যমে প্রকল্পের নিবিড় পরিবীক্ষণ করা হয়।

### ২.৫.৪ নিবিড় পরিবীক্ষণের জন্য প্রশ্নমালা ও ছক

প্রকল্পের কার্যক্রম, নিবিড় পরিবীক্ষণের উদ্দেশ্য, চাহিদা ও মূল্যায়ন নির্দেশক এর উপর ভিত্তি করে নিবিড় পরিবীক্ষণের জন্য পরামর্শক দল কর্তৃক নিম্নলিখিত প্রশ্নমালা ও ছক প্রস্তুত করা হয়েছে (সংযুক্তি-২)।

- ✓ ফোকাস গ্রুপ ডিসকাশন (FGD) গাইড লাইন
- ✓ মুখ্য ব্যক্তিবর্গের নিবীড় আলোচনা (KII) প্রশ্নমালা
- ✓ অঙ্গাভিত্তিক পরিবীক্ষণ ছক
- ✓ ক্রয় সংক্রান্ত তথ্য পর্যালোচনা ছক
- ✓ ভৌত ও অন্যান্য কাজের অগ্রগতি পরিবীক্ষণ ছক

প্রকল্প এলাকায় সমীক্ষার কাজ তথ্য সংগ্রহকারী দ্বারা প্রশ্নমালা ও চেকলিস্ট/ ছক পুরণের মাধ্যমে সম্পন্ন করা হয়েছে। প্রতিটি প্রশ্নমালা ও চেকলিস্ট/ ছকে প্রকল্পের চাহিদা, উদ্দেশ্য ও নির্দেশক অনুযায়ী বিভিন্ন সেকশন এবং নির্দিষ্ট নমুনা সংখ্যক প্রশ্নমালার মাধ্যমে প্রকল্পের চাহিদা, উদ্দেশ্য ও নির্দেশক অনুসারে বিভিন্ন তথ্য সংগ্রহ করা হয়েছে। প্রকল্প এলাকায় সরেজমিন পরিদর্শনের (Physical Observation/ Verification) মাধ্যমে পরামর্শক টিম কর্তৃক প্রকল্পের অঙ্গাভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি বিষয়ক তথ্যাদি সংগ্রহ ও যাচাই করা হয়েছে।

### ২.৫.৫ নমুনা নির্বাচন পদ্ধতি এবং নমুনা সংখ্যা

#### *২.৫.৫.১ পরিমাণগত পদ্ধতি*

যেহেতু প্রকল্পের আওতায় সাংস্কৃতিক কমপ্লেক্সটি নির্মাণাধীন রয়েছে এবং কমপ্লেক্স থেকে এখনোও পর্যন্ত কোন সুবিধা/ সেবা প্রদান শুরু হয়নি তাই এ পর্যায়ে অত্র প্রকল্পের কোন সুবিধাভোগী নির্বাচন বা তাদের কাছ থেকে এ প্রকল্পের সুবিধা/কার্যক্রম/ উদ্দেশ্য অর্জন সংক্রান্ত তথ্য সংগ্রহ করা সম্ভব নয়। অতএব, এক্ষেত্রে শুধুমাত্র গুণগত পদ্ধতি অবলম্বনের মাধ্যমে প্রকল্পের নিবিড় পরিবীক্ষণ কাজ পরিচালনা করা হয়েছে।

#### *২.৫.৫.২ গুণগত পদ্ধতি*

নিবিড় পরিবীক্ষণে গুণগত সমীক্ষার জন্য মাঠ পর্যায়ে নমুনা নির্বাচন করা হয়। নীচের উত্তরদাতাবৃন্দের নিকট থেকে বিভিন্ন পদ্ধতির মাধ্যমে তথ্য সংগ্রহ করা হয় যা নীচের টেবিলে প্রদর্শিত হল:

| ক্রঃ নং | পদ্ধতি | পরিমাণ | অংশগ্রহণকারী / উত্তরদাতা / নথি / পরিমাপ / পরিদর্শন / যাচাইকরণ |
|---|---|---|---|
| ১ | প্রতিবেদন পর্যালোচনা | প্রাপ্ত প্রাসঙ্গিক ডকুমেন্ট | ডিপিপি, বাস্তবায়ন ম্যানুয়াল, বিভিন্ন রিপোর্ট, অগ্রগতি ও পরিবীক্ষণের প্রতিবেদন ইত্যাদি |
| ২ | নিবিড় আলোচনা (কেআইআই) | ১০ | পিডি, ডিপিডি, অন্যান্য প্রকল্প কর্মকর্তা এবং মুসলিম ইন্সস্টিটিউট এবং সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা এবং সংশ্লিষ্ট প্রকৌশলী ইত্যাদি |
| | | ৬ | পরিকল্পনা কমিশন, গণগ্রন্থাগার অধিদপ্তর, গণপুর্ত অধিদপ্তর, স্থাপত্য অধিদপ্তর, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় |
| | | ১৪ | স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ, জনপ্রতিনিধি/ রাজনীতিবিদ, শিক্ষক, ইমাম এবং মুসলিম ইন্সস্টিটিউট থেকে সেবা গ্রহণকারিগণ ইত্যাদি |
| | | ১০ | ঠিকাদার/ সরবরাহকারী, অন্যান্য সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ ইত্যাদি |
| ৩ | এফজিডি | ৩ | প্রকল্প সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ এবং অন্যান্য স্টেকহোল্ডারগণ |
| ৪ | পর্যবেক্ষণ | - | মাঠ পর্যায়ে অঙ্গাভিত্তিক কাজের পর্যবেক্ষণ |
| ৫ | প্রকিউরমেন্ট রিভিউ | ১০%-২০% ক্রয় সংক্রান্ত নথি | ক্রয় সংক্রান্ত নথি (পণ্য ও পূর্তকাজ) পর্যবেক্ষণ /যাচাইকরণ/ কেস স্টাডি এবং বিশ্লেষণ |
| ৬ | প্রকল্পের অডিট | নথি পর্যালোচনা | প্রকল্পের অডিট সংক্রান্ত নথি পর্যালোচনা, কয়টি অডিট হয়েছে, অডিট আপত্তি এবং নিষ্পত্তির বিষয় পর্যালোচনা |
| ৭ | স্থানীয় পর্যায়ে কর্মশালা | ১ | প্রকল্প কর্মকর্তাগণ, গণগ্রন্থাগার অধিদপ্তর, মুসলিম ইন্সস্টিটিউট এবং অন্যান্য স্টেকহোল্ডারগণ |
| ৮ | জাতীয় পর্যায়ে কর্মশালা | ১ | গণগ্রন্থাগার অধিদপ্তর, মুসলিম ইন্সস্টিটিউট, পরিকল্পনা কমিশন, আইএমইডি ও প্রকল্প কর্মকর্তাগণ এবং জাতীয় পর্যায়ের অন্যান্য স্টেকহোল্ডারগণ |

### ২.৫.৬ তথ্য সংগ্রহকারী নিয়োগ ও প্রশিক্ষণ

**তথ্য সংগ্রহকারী নিয়োগঃ** পরামর্শক সংস্থাকে সহায়তা ও প্রকল্প থেকে তথ্য সংগ্রহের জন্য পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক ৩(তিন) জন অভিজ্ঞ তথ্য সংগ্রহকারী নিয়োগ করা হয়। যারা তথ্য সংগ্রহকারী (Enumerator) ও তদারককারী (Supervisor) হিসেবে নিয়োজিত ছিলেন তারা সবাই তথ্য সংগ্রহকাজে দক্ষ ও অভিজ্ঞ।

**তথ্য সংগ্রহকারী প্রশিক্ষণঃ** তথ্য সংগ্রহের কাজ যেন নির্ভুল/ ত্রুটিমুক্ত হয় সে লক্ষ্যে নির্বাচিত তথ্য সংগ্রহকারীগণকে পরামর্শক সংস্থা কর্তৃক ২ (দুই) দিনের প্রশিক্ষণ দেয়া হয় (১দিন মাঠে অনুশীলনসহ)। প্রশিক্ষণের উদ্দেশ্য, নমুনা নির্বাচন, তথ্য সংগ্রহের বিষয়, কৌশল এবং প্রশ্নপত্র ও গাইডলাইনে ব্যবহৃত শব্দাবলী সম্পর্কে অংশগ্রহণকারীদেরকে ধারণা প্রদান করা।

তথ্য সংগ্রহকারীদের প্রশিক্ষণ কর্মসূচিতে নিম্নোক্ত বিষয়াবলী অন্তর্ভুক্ত করা হয়ঃ

- ✓ পরিবীক্ষণ কাজের পটভূমি এবং উদ্দেশ্য
- ✓ পরিবীক্ষণ কাজের কর্মপরিধি (TOR)
- ✓ পরিবীক্ষণ কাজের পন্থা ও পদ্ধতি (Approach & Methodology)
- ✓ পরিবীক্ষণ কাজের প্রশ্নপত্র, ছক ও গাইডলাইন (Questionnaire & Guideline)
- ✓ উত্তরদাতার শ্রেণীবিন্যাস, নমুনায়ন
- ✓ উত্তরদাতাকে প্রশ্ন করার ধরন
- ✓ তথ্য/ উপাত্ত সংগ্রহের পদ্ধতি এবং ধরন
- ✓ উত্তর লিপিবদ্ধকরণ
- ✓ উন্নয়ন কাজের অঙ্গাভিত্তিক ফিজিক্যাল ভেরিফিকেশন/ টেস্ট

### ২.৫.৭ প্রাথমিক তথ্য সংগ্রহ

সরেজমিনে মাঠ পরিদর্শন, প্রশ্নপত্র, চেকলিস্ট/ ছকপূরণ এবং সাক্ষাৎকার গ্রহণ করার মাধ্যমে প্রাথমিক তথ্য সংগ্রহ করা হয়েছে। প্রকল্পের দলিলাদি পর্যালোচনা, ২টি এফজিডি, ৪০টি কেআইআই ও অবকাঠামোর অঙ্গাভিত্তিক সরেজমিন পরিদর্শন ও যাচাইকরণের মাধ্যমে প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করা হয়েছে। পরামর্শক সমীক্ষা টিম কর্তৃক মাঠ পর্যায়ে উন্নয়ন কাজ সরেজমিন পরিদর্শন, ভৌত যাচাইকরণ, নমুনা পরীক্ষা এবং সাক্ষাৎকার গ্রহণ ইত্যাদি কাজ সম্পাদন করা হয়েছে।

ক) নিবিড় আলোচনা/ সাক্ষাৎকার (KII)

নিবিড় পরিবীক্ষণ সমীক্ষাটির জন্য একটি কাঠামোবদ্ধ প্রশ্নপত্রের মাধ্যমে পিডি, ডিপিডি, অন্যান্য প্রকল্প কর্মকর্তা এবং গণগ্রন্থাগার অধিদপ্তর, সংশ্লিষ্ট মন্ত্রণালয় এবং বিভাগের কর্মকর্তা, গণপুর্ত অধিদপ্তরের কর্মকর্তা, রাজনীতিবিদ/ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ, শিক্ষক, ইমাম, ঠিকাদার প্রতিষ্ঠানের কর্মকর্তা, সংশ্লিষ্ট প্রকৌশলী, প্রকল্প পুর্ব মুসলিম ইন্সস্টিটিউট ব্যবহারকারিগণ এবং অন্যান্য সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ এর সাথে মোট ৪০ টি সাক্ষাৎকার গ্রহণ ও নিবিড় আলোচনা করা হয়েছে।

খ) দলগত আলোচনা/ এফজিডি (FGD)

প্রকল্পের নিবিড় পরিবীক্ষণে প্রকল্প সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ এবং অন্যান্য স্টেকহোল্ডারদের সঙ্গে মোট ২ টি এফজিডি করা হয়েছে। প্রতিটি এফজিডিতে ৭ থেকে ১০ জন অংশগ্রহণকারী উপস্থিত ছিলেন।

গ) ক্রয় সংক্রান্ত নথি (দরপত্র, মূল্যায়ন রিপোর্ট, দলিল, চুক্তিপত্র, ডিজাইন, BOQ/ Technical Specifications(TS) ইত্যাদি) পর্যালোচনা

প্রকল্পের বিভিন্ন উপাদানের ক্রয় সংক্রান্ত (পূর্তকাজ এবং পণ্যক্রয়) নথি পর্যালোচনা ও আইএমইডি'র সরবরাহকৃত ছকে উপস্থাপন করা হয়েছে।

ঘ) অডিট সংক্রান্ত নথি পর্যালোচনা

প্রকল্পের অডিট সংক্রান্ত নথি পর্যালোচনা, কয়টি অডিট হয়েছে, অডিট আপত্তি এবং নিষ্পত্তির বিষয় পর্যালোচনা করা হয়েছে।

ঙ) অঙ্গাভিত্তিক অগ্রগতি পরিবীক্ষণ ও ভৌত যাচাইকরণ

প্রকল্পের বাস্তবায়নাধীন কাজ এবং ক্রয়কৃত পণ্য সরজমিনে পর্যবেক্ষণ, যাচাইকরণ এবং প্রয়োজনীয় তথ্যাদি সংগ্রহ করা হয়েছে। প্রকল্পের প্রধান অঙ্গসমূহ বাস্তবায়ন সংশ্লিষ্ট কাজের গুণগতমান পরীক্ষার জন্য অবকাঠামো/ উন্নয়ন কাজের ৫% থেকে ১০% নমুনা উপাদানের ফিল্ড টেস্ট/ ল্যাব টেস্ট (প্রযোজ্য ক্ষেত্রে) করা হয়েছে। (তৃতীয় অধ্যায়ে বিস্তারিত বর্ণনা দেয়া হয়েছে) ।

মাঠ পর্যায়ে কাজ পরিদর্শনকালে নিম্নোক্ত বিষয়ের উপর পরামর্শকদল কর্তৃক পরীক্ষা নিরীক্ষা করা হয় ।

- উন্নয়ন কার্যক্রমের বাস্তবভিত্তিক অগ্রগতি পরিবীক্ষণ । ব্যবহারের পূর্বে নির্মাণ সামগ্রীর গুণাগুণ নিশ্চিত হওয়ার লক্ষ্যে যে সকল পরীক্ষা- নিরীক্ষা ও টেস্ট কোড/ স্পেসিফিকেশন ও ফ্রিকোয়েন্সি অনুযায়ী করা হয়েছে তার দলিলাদি পরিবীক্ষণ ।
- অনুমোদিত ডিজাইন এবং প্রোফাইল পর্যালোচনা। চলমান কাজের কর্মপদ্ধতি, ব্যবস্থাপনা এবং ব্যবহৃত নির্মাণ সামগ্রীর ও যন্ত্রপাতি পর্যবেক্ষণ ও পরিদর্শন।

মাঠ পর্যায়ে পরিবীক্ষণকালে বাস্তব অবস্থার নিরিখে ভৌত অবকাঠামোর গুণগতমান যাচাই করার জন্য ফিজিক্যাল মেজারমেন্ট ও ফিল্ড টেস্ট এবং প্রয়োজনীয় ক্ষেত্রে ল্যাবরেটরি পরীক্ষার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। দৈবচয়ন ভিত্তিতে অঙ্গসমূহ থেকে নমুনা পরিবীক্ষণ ও টেস্ট সম্পন্ন করা হয় এবং BOQ মোতাবেক যথাযথ হয়েছে কিনা তা নিরীক্ষা করে দেখা হয়েছে।

| ক্রমিক নং | অবকাঠামো/ অঙ্গের নাম | পর্যালোচনা/মেজারমেন্ট টেস্ট/ যাচাইকরণ | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | গ্রন্থাগার ভবন, মিনায়তন ভবন, পাবলিক প্লাজা, এবং অন্যান্য অবকাঠামো নির্মাণ | ডিজাইন পর্যালোচনা, ফিজিক্যাল মেজারমেন্ট ও যাচাইকরণ এবং স্যাম্পল টেস্ট-<br>১। নির্মিত অবকাঠামোর ক্ষেত্রে রিবাউন্ড হ্যামার টেস্ট এবং<br>২। চলমান কাজের ক্ষেত্রে ব্যবহৃত মেটেরিয়ালের স্যাম্পল টেস্ট | |
| ২ | গাড়ী ক্রয়, কম্পিউটার ও যন্ত্রাংশ ক্রয়, অফিস সরঞ্জাম ক্রয়, আসবাবপত্র ক্রয় ইত্যাদি | স্পেসিফিকেশন মোতাবেক পরিবীক্ষণ ও যাচাইকরণ। | |

### ২.৫.৮ সেকেন্ডারী তথ্য সংগ্রহ

নিবিড় পরিবীক্ষণ সমীক্ষাটির জন্য পরামর্শক দল কর্তৃক তথ্য সংগ্রহের জন্য বিভিন্ন প্রশ্নপত্র/ চেকলিস্ট প্রণয়নের লক্ষ্যে প্রকল্প বাস্তবায়ন ম্যানুয়াল, প্রকল্পের সংকলিত প্রতিবেদন, অগ্রগতি প্রতিবেদন প্রকল্প অফিস থেকে সংগ্রহ ও পর্যালোচনা করা হয়েছে। প্রকল্পের ডিজাইন/ নকশা পরিবর্তন সংক্রান্ত বিষয় তুলনামুলক পর্যালোচনা ও পরিবীক্ষণ করা হয়েছে।

#### ২.৫.৮.১ ক্রয় কার্যক্রম পরিবীক্ষণ

প্রকল্পের পূর্তকাজ এবং পণ্য ক্রয় বিষয়ে পরিকল্পনা ও তদানুযায়ী প্রকৃত অগ্রগতি পরিবীক্ষণ করা হয়েছে। ক্রয় সংক্রান্ত সরকারি নীতিমালা অনুসরণ করা হয়েছে কিনা তা পরীক্ষা করে দেখার জন্য প্রকল্প পরিচালকের দপ্তর, পিডব্লিউডি অফিস এবং ঠিকাদার প্রতিষ্ঠানের সাইট অফিসে রক্ষিত ক্রয় সংক্রান্ত বিভিন্ন রেকর্ড থেকে প্রাপ্ত তথ্য সংগ্রহপূর্বক পর্যালোচনা করে মতামত প্রণয়ন করা হয়েছে। (বিস্তারিত ৩য় অধ্যায়ে বর্ণনা করা হয়েছে)।

### ২.৫.৯ সংগৃহীত তথ্যের গুণগতমান নিয়ন্ত্রণ পদ্ধতি

তথ্য সংগ্রহের প্রতিটি পর্যায়ে যেমন- প্রশ্নপত্র প্রণয়ন, তথ্য সংগ্রহকারীদের নিয়োগ ও প্রশিক্ষণ, মাঠ ব্যবস্থাপনা, পরিদর্শন ও পরিবীক্ষণের এবং তথ্য প্রক্রিয়াকরণ ইত্যাদি ক্ষেত্রে যথেষ্ট সতর্কতা অবলম্বন করা হয়েছে। সমীক্ষা দল কর্তৃক প্রশ্নপত্র ও চেকলিস্ট প্রণয়নের পরে আইএমইডি'র সাথে আলোচনা ও মাঠ পর্যায়ে প্রাক-যাচাইকরণের মাধ্যেমে চূড়ান্ত করা হয়েছে। তথ্য সংগ্রহের পূর্বেই তথ্য সংগ্রহকারীদেরকে নিবিড় প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। তাছাড়া দক্ষ মাঠ ব্যবস্থাপনা ও নিবিড় পরিবীক্ষণ নিশ্চিত করার মাধ্যমে তথ্য সংগ্রহের মান নিয়ন্ত্রণ করা হয়েছে।

### ২.৫.১০ সংগৃহীত তথ্যের ব্যবস্থাপনা এবং বিশ্লেষণ

মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহের পর তথ্য সংগ্রহকারীগণ কর্তৃক প্রাথমিকভাবে মাঠ পর্যায়েই সংগৃহীত তথ্যসমূহের প্রয়োজনীয় ভুল-ত্রুটি সংশোধন করা হয়েছে এবং পরামর্শকের নিকট জমা দেয়া হয়েছে। পরামর্শক সমীক্ষা টিম কর্তৃক পূরণকৃত প্রশ্নপত্র/ চেকলিস্ট পরীক্ষা করা হয়েছে এবং ভুল-ভ্রান্তি তথ্য সংগ্রহকারীদের মাধ্যমে সংশোধন করা হয়েছে এবং প্রয়োজনে মাঠ পর্যায় হতে পুনরায় যাচাই করা হয়েছে। এভাবে প্রাথমিকভাবে প্রয়োজনীয় পরীক্ষা-নিরীক্ষা শেষে সংগৃহীত তথ্যাদি ডেটাবেজ এর সাহায্যে এন্ট্রি করা হয়েছে এবং তথ্য বিশ্লেষণ কাজ সম্পন্ন করা হয়েছে।

### ২.৫.১১ প্রতিবেদন প্রস্তুত এবং দাখিলকরন

মাঠ পর্যায়ের সংগৃহীত তথ্যসমূহের বিশ্লেষণ এবং নিবিড় পরিবীক্ষণের উদ্দেশ্যের সাথে সামঞ্জস্য রেখে সারণির এবং গ্রাফ/ চার্টের মাধ্যমে তথ্যাদি উপস্থাপনের মাধ্যমে খসড়া প্রতিবেদন প্রণয়ন করা হয়েছে। উক্ত খসড়া প্রতিবেদন টেকনিক্যাল ও স্টিয়ারিং কমিটিতে পর্যায়ক্রমে উপস্থাপন করে কমিটির পরামর্শ/ সুপারিশের আলোকে খসড়া প্রতিবেদন সংশোধন পুর্বক জাতীয় কর্মশালায় উপস্থাপন করা হয়েছে। কর্মশালার ফিডব্যাক অন্তর্ভুক্ত করে প্রতিবেদন চূড়ান্ত করা হয়েছে।

### ২.৫.১২ স্থানীয় ও জাতীয় পর্যায়ে কর্মশালা

**স্থানীয় পর্যায়ে কর্মশালা :** আইএমইডি'র সাথে পরামর্শক্রমে স্থানীয় পর্যায়ে কর্মশালা নির্মাণাধীন অডিটরিয়াম ভবনের নীচতলার হল রুমে আয়োজন করা হয় যাতে আইএমইডি, প্রকল্প কর্মকর্তাবৃন্দ, গণগ্রন্থাগার অধিদপ্তরের কর্মকর্তা, গণপূর্ত বিভাগের সংশ্লিষ্ট প্রকৌশলী এবং ঠিকাদার প্রতিষ্ঠানের প্রতিনিধিগণ, সাংস্কৃতিক ব্যক্তিবর্গ, এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ, ব্যবসায়ী প্রতিনিধি, সুশিল সমাজের প্রতিনিধি, মসজিদের ইমামসহ অন্যান্য ব্যক্তিবর্গ অংশগ্রহণ করেন ।

**জাতীয় পর্যায়ে কর্মশালা:** খসড়া চূড়ান্ত প্রতিবেদনে টেকনিক্যাল ও স্টিয়ারিং কমিটির ফিডব্যাক অন্তর্ভুক্ত করে আইএমইডি, প্রকল্প কর্মকর্তা ও জাতীয় পর্যায়ের স্টেকহোল্ডারদের নিয়ে আইএমইডিতে একটি জাতীয় কর্মশালার আয়োজন করা হয়েছে যার মাধ্যমে তাদের চূড়ান্ত ফিডব্যাক গ্রহণ করা হয়েছে । কর্মশালার পরে ফিডব্যাক অন্তর্ভুক্ত করে প্রতিবেদন চূড়ান্ত করা হয়েছে ।

## ২.৬ সময় ভিত্তিক কর্মপরিকল্পনা

নিবিড় পরিবীক্ষণ কার্যক্রমে পরামর্শক প্রতিষ্ঠানের সময় ভিত্তিক খসড়া কর্ম পরিকল্পনা নিম্নরূপঃ

| ক্র নং | কাজের বিবরণ | পরামর্শক দলের দায়িত্বপ্রাপ্ত সদস্য | কার্যক্রমের সময় (মাস ভিত্তিক) | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ফেব্রুয়ারী'২২ | মার্চ'২২ | এপ্রিল'২২ | মে'২২ | জুন'২২ |
| ১ | আইএমইডি ও প্রকল্প কর্তৃপক্ষের সঙ্গে বৈঠক | টিএল, সিই, পিএমও | ■ | | | | |
| ২ | ডিপিপি/ আরডিপিপি, প্রকল্প তথ্য, মিটিং মিনিট্স, রিপোর্ট ও অন্যান্য নথি পর্যালোচনাকরণ | টিএল, সিই, পিএমও | ■ | | | | |
| ৩ | সমীক্ষার প্রশ্নপত্র/ চেকলিস্ট ও ছক প্রণয়ন | টিএল সিই, পিএমও | ■ | | | | |
| ৪ | ইনসেপশন রিপোর্ট প্রণয়ন ও দাখিলকরণ | টিএল, সিই, পিএমও | ■ | | | | |
| ৫ | টেকনিক্যাল কমিটির সুপারিশের আলোকে ইনসেপশন সংশোধন দাখিলকরণ | টিএল, সিই, পিএমও | ■ | ■ | | | |
| ৬ | স্টিয়ারিং কমিটির সুপারিশের আলোকে ইনসেপশন সংশোধন দাখিল করণ | টিএল, সিই, পিএমও | | ■ | | | |
| ৭ | তথ্য সংগ্রহকারীদের প্রশিক্ষণ, মাঠ পর্যায়ে তথ্য-উপাত্ত সংগ্রহকরণ এবং প্রকল্প কার্যক্রম সরেজমিনে পর্যবেক্ষণ ও গুণগতমান যাচাইকরণ | টিএল, সিই, পিএমও, এফটি | | ■ | ■ | | |
| ৮ | উপাত্ত সংগ্রহ কার্যক্রমের তদারকিকরণ | টিএল, সিই, পিএমও | | ■ | ■ | | |
| ৯ | সাক্ষাৎকার (KII) & এফজিডি (FGD) পরিচালনা করা | টিএল, সিই, পিএমও, এফটি | | ■ | ■ | | |
| ১০ | স্থানীয় পর্যায়ে কর্মশালা আয়োজন/পরিচালনা করা | টিএল, পিএমও | | | ■ | | |
| ১১ | সংগৃহীত উপাত্ত সম্পাদনাকরণ | টিএল, সিই, পিএমও | | | ■ | | |
| ১২ | ডাটা এন্ট্রি ও যাচাইকরণ | টিএল, সিই, পিএমও | | | ■ | | |
| ১৩ | টেবুলেসন সম্পন্ন করণ | পিএমও, টিসি | | | ■ | | |
| ১৪ | ডাটা বিশ্লেষণ করণ | টিএল, সিই, পিএমও | | | ■ | | |
| ১৫ | ১ম খসড়া প্রতিবেদন প্রণয়ন ও দাখিল করণ | টিএল, সিই, পিএমও | | | ■ | | |
| ১৬ | টেকনিক্যাল কমিটির সুপারিশের আলোকে খসড়া প্রতিবেদন সংশোধন ও দাখিলকরণ | টিএল, সিই, পিএমও | | | ■ | ■ | |
| ১৭ | স্টিয়ারিং কমিটির সুপারিশের আলোকে খসড়া প্রতিবেদন সংশোধন ও ২য় খসড়া প্রতিবেদন দাখিলকরণ | টিএল, সিই, পিএমও | | | | ■ | |
| ১৮ | জাতীয় পর্যায়ের সেমিনারে চূড়ান্ত খসড়া প্রতিবেদন উপস্থাপন ও মতামত সংগ্রহকরণ | টিএল, সিই, পিএমও | | | | ■ | |
| ১৯ | সেমিনারের মতামতের ভিত্তিতে খসড়া প্রতিবেদন চূড়ান্তকরণ ও চূড়ান্ত প্রতিবেদন দাখিল করণ | টিএল, সিই, পিএমও | | | | ■ | ■ |
| ক) | প্রারম্ভিক প্রতিবেদন প্রণয়ন ও দাখিল | টিএল, পিএমও, টিসি | ▼ | | | | |
| খ) | ১ম খসড়া প্রতিবেদন প্রণয়ন ও দাখিল | টিএল, সিই, পিএমও | | | ▼ | | |
| গ) | ২য় খসড়া প্রতিবেদন উপস্থাপন ও সংশোধন | টিএল, পিএমও | | | | ▼ | |
| ঘ) | জাতীয় পর্যায়ের কর্মশালায় ২য় চূড়ান্ত প্রতিবেদন উপস্থাপন | টিএল, সিই, পিএমও | | | | ▼ | |
| ঙ) | কর্মশালার মতামতের ভিত্তিতে খসড়া প্রতিবেদন চূড়ান্তকরণ | টিএল, সিই, পিএমও | | | | ▼ | |
| চ) | চূড়ান্ত প্রতিবেদন মুদ্রণ ও দাখিল | টিসি | | | | | ▼ |


**টিএল**=টিম লিডার; **সিই** =সিভিল ইঞ্জিনিয়ার; **পিএমও** = প্রজেক্ট মনিটরিং অফিসার; **এফটি** =ফিল্ড টিম; **টিসি** = টিম কোঅর্ডিনেটর

## তৃতীয় অধ্যায়

# ফলাফল পর্যালোচনা

## ৩.১ প্রকল্পের অগ্রগতি পর্যালোচনা

**৩.১.১ প্রকল্পের সার্বিক অগ্রগতিঃ** মে, ২০২২ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত ভৌত অগ্রগতি ৬৩.০০% এবং আর্থিক অগ্রগতি ৫৭.৩০%। বিস্তারিত সারণি ৩.১ তে দেয়া হয়েছে।




চিত্রঃ প্রকল্পের ক্রমপুঞ্জিত ভৌত ও আর্থিক অগ্রগতি

সারণি ৩.১.১ প্রকল্পের সার্বিক অগ্রগতি (লক্ষ টাকায়)

| ক্রঃ নং | মেয়াদকাল, মোট ব্যয় | এডিপি (মোট) বরাদ্দ: জিওবি(প্র:সা:) | আরেডিপিতে বরাদ্দ | মে /২০২২ পর্যন্ত (মোট) অবমুক্তি: জিওবি(সা:সা) | মে/২০২২ পর্যন্ত (মোট) ব্যয়: জিওবি(সা:সা) | মে/২০২২ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় | মে/২০২২ পর্যন্ত ক্রমপুঞ্জিত ভৌত অগ্রগতি (%) |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১. | ০১ জানুয়ারি ১৮ হতে ডিসেম্বর ২২ ২৩২৫১.৯৪ লক্ষটাকা | ৩৫০০.০০ | ৬৫০০.০০ | ৬৫০০.০০ | ৬৪০৩.২৭ | ১৩৩২৩.৩৯ (৫৭.৩০%) | ৬৩.০০% |

সারণি ৩.১.২ প্রকল্পের অর্থবছর ভিত্তিক বরাদ্দ, অর্থছাড় ও ব্যয়ের তুলনামূলক চিত্র (লক্ষ টাকায়)

| অর্থবছর | প্রাক্কলিত ব্যয় (ডিপিপি অনুযায়ী) | প্রাক্কলিত ব্যয় (আরডিপিপি অনুযায়ী) | এডিপি বরাদ্দ | অর্থ ছাড় | ব্যয় (এডিপি বরাদ্দ তুলনায় %) | ডিপিপি/ আরডিপিপি সংস্থানের বিপরীতে ব্যয়ের হার |
|---|---|---|---|---|---|---|
| ২০১৭-১৮ | ৯৩.৫৯ | ০.০০ | ৪০.০০ | ৪০.০০ | ০.০০ (০.০০%) | ০.০০% (ডিপিপি সংস্থানের বিপরীতে) |
| ২০১৮-১৯ | ১০৯৮২.২৫ | ৮১১.৯২ | ৮৫০.০০ | ৮৫০.০০ | ৮১১.৯২ (৯৫.৫২%) | ৭.৩৯% (ডিপিপি সংস্থানের বিপরীতে) |
| ২০১৯-২০ | ১১২৭৫.২১ | ১৫৪৪.৭৬ | ৩৫৭১.০০ | ৩৫৭১.০০ | ১৫৪৪.৭৬ (৪৩.২৬%) | ১৩.৭০% (ডিপিপি সংস্থানের বিপরীতে) |
| ২০২০-২১ | ৯০০.৮৯ | ৪৫৬৬.৪৪ | ৬১১০.০০ | ৪৫৮১.০০ | ৪৫৬৩.৪৪ (৭৪.৬৯%) | ৯৯.৯৩% (আরডিপিপি সংস্থানের বিপরীতে) |
| ২০২১-২২ | - | ৬৫০০.০০ | ৬৫০০.০০ | ৬৫০০.০০ | ৬৪০৩.২৭ | ৯৮.৫১% (আরডিপিপি |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | (মে ২০২২ পর্যন্ত ৯৮.৫১%) | সংস্থানের বিপরীতে) |
| ২০২২-২৩ | - | ১৪৭১৬.৫৬ | - | - | - | |
| **মোট** | **২৩২৫১.৯৪** | **২৮১৩৯.৪৮** | **১৭০৭১.০০** | **১৫৫৪২.০০** | **১৩৩২৩.৩৯ (৭৮.০৫%)** | **৫৭.৩০% (ডিপিপি/ সংস্থানের বিপরীতে)** |

প্রকল্প বাস্তবায়নের প্রথম বছর অর্থাৎ ২০১৭-১৮ অর্থবছরে মূল ডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা ছিল ৯৩.৫৯ লক্ষ টাকা কিন্তু ডিপিপি সংস্থানের বিপরীতে কোন ব্যয় করা সম্ভব হয়নি। প্রকল্প বাস্তবায়নের দ্বিতীয় বছর অর্থাৎ ২০১৮-১৯ অর্থবছরে মূল ডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা ছিল ১০৯৮২.২৫ লক্ষ টাকা এবং ৮১১.৯২ লক্ষ টাকাব্যয় করা সম্ভব হয়েছে যা লক্ষ্যমাত্রার (৭.৩৯%)। প্রকল্প বাস্তবায়নের তৃতীয় বছর অর্থাৎ ২০১৯-২০ অর্থবছরে মূল ডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা ছিল ১১২৭৫.২১ লক্ষ টাকা এবং ১৫৪৪.৭৬ লক্ষ টাকাব্যয় করা সম্ভব হয়েছে যা লক্ষ্যমাত্রার (১৩.৭০%)। প্রকল্প বাস্তবায়নের ২০২০-২১ অর্থবছরে আরডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা ছিল ৪৫৬৬.৪৪ লক্ষ টাকা এবং ৪৫৬৩.৪৪ লক্ষ টাকা ব্যয় করা সম্ভব হয়েছে যা আরডিপিপি'র লক্ষ্যমাত্রার (৯৯.৯৩%) এবং ২০২১-২২ অর্থবছরে আরডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা ছিল ৬৫০০.০০ লক্ষ টাকা এবং মে'২০২২ পর্যন্ত ৬৪০৩.২৭ লক্ষ টাকা ব্যয় করা সম্ভব হয়েছে যা আরডিপিপি'র লক্ষ্যমাত্রার (৯৮.৫১%)।

প্রকল্পের অর্থবছর ভিত্তিক ডিপিপি/ আরডিপিপি'র সংস্থান, অর্থবরাদ্দ, অর্থছাড় ও বাস্তবায়ন পর্যালোচনায় দেখা যায় যে, মে ২০২২ পর্যন্ত মোট ১৩৩২৩.৩৯ লক্ষ টাকা ব্যয় করা সম্ভব হয়েছে যা লক্ষ্যমাত্রার মাত্র ৫৭.৩০%।

সারণি- ৩.১.৩ প্রকল্পের প্রধান প্রধান কার্যক্রমের লক্ষ্যমাত্রা ও অগ্রগতি (লক্ষ টাকায়)

| ক্রঃ | অঙ্গের নাম | প্রাক্কলিত ব্যয় | জুন ২০২১ পর্যন্ত অর্জন | | চলতি বছরের (২০২১-২২) লক্ষ্যমাত্রা | | চলতি বছরের মে/২০২২ মাস পর্যন্ত অগ্রগতি | | মে/২০২২ মাস পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | আর্থিক | ভৌত | আর্থিক | ভৌত (উপাদানের%) | আর্থিক | ভৌত (উপাদানের%) | আর্থিক | ভৌত (উপাদানের% |
| **১** | **মোট রাজস্ব** | **৩০২.১৬** | **১১৬.১৭** | **০.৬৮** | **১১০** | **০.৪৭** | **১৩.৩৭** | **০.০৫** | **১২৯.৫৪** | **০.৭৩** |
| ২ | যানবাহন | ৩১ | ৩১ | ০.১৩ | ০ | ০ | ০ | ০ | ৩১.০০ | ০.১৩ |
| ৩ | কম্পিউটার সামগ্রী | ৯৮.৩৫ | ১.৫ | ০ | ০ | ০ | ০ | ০ | ১.৫০ | ০ |
| ৪ | অফিস সরঞ্জাম | ১৬৪.৩৫ | ১.৬২ | ০ | ০ | ০ | ০ | ০ | ১.৬২ | ০ |
| ৫ | আসবাবপত্র (বই সমর্থন সহ) | ১৩৪.০৭ | ০ | ০ | ৫০ | ০.২২ | ০ | ০ | ০.০০ | ০ |
| ৬ | টেলিযোগাযোগ | ০.২ | ০ | ০ | ০.২ | ০ | ০ | ০ | ০.০০ | ০ |
| ৭ | অফিস ভবন নির্মাণ | ২১৭৭৮.৩৭ | ৬৭৬৯.৮৩ | ২৯.১১ | ৩৩৩৯.৮ | ১৪.৩৬ | ৬৩৮৯.৯ | ২৭.৪৮ | ১৩১৫৯.৭৩ | ৫৬.৫৯ |
| ৮ | ভাস্কর্য নির্মাণ | ৭৫ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০.০০ | ০ |
| **৯** | **মোট মূলধন** | **২২২৮১.৩** | **৬৮০৩.৯৫** | **২৯.২৪** | **৩৩৯০** | **১৪.৫৮** | **৬৩৮৯.৯** | **২৭.৪৮** | **১৩১৯৩.৮৫** | **৫৬.৭২** |
| **শারীরিক আকস্মিকতা মূলধন খরচের ১%** | | **২২২.৮১** | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০.০০ | **০** |
| **প্রাইস কন্টিনজেন্সি মূলধন খরচের ২%** | | **৪৪৫.৬৩** | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০.০০ | **০** |
| | সর্বমোট | **২৩২৫১.৯৪** | **৬৯২০.১২** | **২৯.৯২** | **৩৫০০** | **১৫.০৪** | **৬৪০৩.২৭** | **২৭.৫৩** | **১৩৩২৩.৩৯** | **৫৭.৩০** |

উৎস: প্রকল্প পরিচালকের কার্যালয়

## প্রকল্পের পূর্তকাজ/ অবকাঠামো নির্মাণ কাজের অগ্রগতিঃ

প্রকল্পের অবকাঠামোর কম্পোনেন্ট অনুযায়ী বাস্তবায়ন অগ্রগতি নিম্নে তুলে ধরা হলো-

### ১. গ্রন্থাগার ভবন নির্মাণ

গ্রন্থাগার ভবনের (১৬ তলা ভিত্তিসহ ১টি বেসমেন্টসহ ১৫তলা বিশিষ্ট) সকল ফ্লোরের ছাদ ঢালাই সম্পন্ন হয়েছে এবং ভবনে দরজার কাঠের ফ্রেম, গ্রিল স্থাপন, ইলেকট্রিক্যাল অয়ারিং, প্লাম্বিং, স্যানিটারী এবং অন্যান্য ফিনিশিং কাজ চলমান রয়েছে। ভবনের আভ্যন্তরীন শেয়ার ওয়াল, পার্টিসন ওয়াল এর কাজ চলমান রয়েছে এবং ভবনের উপর জলাধার নির্মাণ এর আরসিসি কাজ সম্পন্ন হয়েছে। ভবনটিতে ওঠা-নামার জন্য ৩টি লিফট এর সংস্থান রয়েছে কিন্তু অদ্যাবধি লিফট স্থাপনের কার্যক্রম শুরু হয়নি। ৩টি লিফট এর প্রতিটি ১০০০ কেজি ধারণ ক্ষমতা সম্পন্ন হবে। এছাড়াও ভবনটিতে ওঠা-নামার জন্য ভবনের দুই পাশে ২টি সিঁড়ি রয়েছে।

গ্রন্থাগার ভবনের বেজমেন্ট এ পার্কিং, বই প্রসেসিং, ডিজিটাইলেশন, লেভেলিং, সেপটিক ট্যাংক এর সংস্থান রাখা হয়েছে। নিচ তলায় পার্কিং, অফিস স্পেস, রিসিপশন, ২য় ও ৩য় তলায় অফিস ও কনফারেন্স রুম, ৪র্থ ও ৫ম তলায় সাধারণ লাইব্রেরি, ৬ষ্ঠ তলায় শিশু লাইব্রেরি, ৭ম তলায় প্রতিবন্ধীদের লাইব্রেরি ও ক্যাফেটেরিয়া, ৮ম তলায় নিউজ পেপার লাইব্রেরি ও ক্যাফেটেরিয়া, ৯ম ও ১০ম তলায় রেফারেন্স লাইব্রেরি এবং ১১তম তলায় সাইন্স লাইব্রেরি স্থাপন করা হচ্ছে। এছাড়াও ভবনের ১২তম তলায় প্রশিক্ষণ ইউনিট, ১৩তম তলায় আইসিটি ইউনিটসহ ১৫তম তলায় রেষ্ট হাউজ স্থাপনের কাজ চলছে। মে’ ২০২২ পর্যন্ত ভবনটির ভৌত অগ্রগতি ৬৫.০%।



চিত্রঃ নির্মাণাধীন গ্রন্থাগার ভবন

### ২. অডিটোরিয়াম ভবন নির্মাণ

অডিটরিয়াম ভবনের (৯ তলা ভিত্তিসহ ১টি বেসমেন্টসহ ০৮তলা বিশিষ্ট) সকল ফ্লোরের ছাদ ঢালাই সম্পন্ন হয়েছে এবং ভবনে দরজার কাঠের ফ্রেম, গ্রিল স্থাপন, ইলেকট্রিক্যাল অয়ারিং, প্লাম্বিং, স্যানিটারী এবং অন্যান্য ফিনিশিং কাজ চলমান রয়েছে। ভবনের আভ্যন্তরীন শেয়ার ওয়াল, পার্টিসন ওয়াল এর কাজ সম্পন্ন হয়েছে এবং ভবনের উপর জলাধার নির্মাণ এর আরসিসি কাজ সম্পন্ন হয়েছে। ভবনটিতে ওঠা-নামার ৬টি লিফট এর সংস্থান রয়েছে কিন্তু অদ্যাবধি লিফট স্থাপনের কার্যক্রম শুরু হয়নি। ৬টি লিফট এর মধ্যে ২টি ১২৫০ কেজি ধারণ ক্ষমতার এবং অবশিষ্ট ৪টির প্রতিটি ১০০০ কেজি ধারণ ক্ষমতা সম্পন্ন লিফট স্থাপন করা হবে। এছাড়াও ভবনটিতে ওঠা-নামার জন্য ভবনের দুই পাশে ২ টি সিঁড়ি রয়েছে।


অডিটরিয়াম ভবনের বেজমেন্ট এ কার পার্কিং, ওয়াটার রিজার্ভার, ই/এম রুম এবং নীচতলায় ১০০ জন ও ২০০ জন ধারণ ক্ষমতা সম্পন্ন সেমিনার হল এবং সাবষ্টেশন রুমের সংস্থান রয়েছে। ভবনটির ২য় তলায় ৩৫০ জন ধারণ ক্ষমতা সম্পন্ন এক্সপেরিমেন্টাল থিয়েটার হল, রিহার্সেল রুম ও  মেকআপ রুম, ৩য় তলায় এয়ার হাইড্রোলিক ইউনিট ও ওপেন এক্সিভিশন লবি এবং ৪র্থ তলায় ৯০০ জন ধারণ ক্ষমতা সম্পন্ন মূল অডিটরিয়াম হল, রিহার্সেল রুম, ভিআইপি রুম, মেকআপ রুম, লাউঞ্জ এবং ৫ম তলায় কন্টোল রুম ও রিহার্সেল রুম, ৬ষ্ঠ তলায় মেজানাইন ফ্লোর ও রিহার্সেল রুম, ৭ম তলায় রিহার্সেল রুম ও রেস্ট রুম এবং ৮ম তলায় ডরমেটরি, রিহার্সেল রুম ইত্যাদি স্থাপন করা হচ্ছে। মে’ ২০২২ পর্যন্ত ভবনটির ভৌত অগ্রগতি ৬৮.০%।



চিত্রঃ নির্মাণাধীন অডিটরিয়াম ভবন

### ৩. পাবলিক প্লাজা নির্মাণ

পাবলিক প্লাজার রাস্তার উত্তর অংশে ১টি বেসমেন্ট ও ১ম তলার আংশিক ছাদ ঢালাই সম্পন্ন হয়েছে এবং রাস্তার দক্ষিন অংশে ম্যাট ফাউন্ডেশন এর কাজ সমাপ্ত হয়েছে এবং বেসমেন্ট এর কাজ চলমান রয়েছে। পাবলিক প্লাজার বেজমেন্ট এ পার্কিং, নীচতলায় পার্কিং ও গার্ড রুম এবং উপরে পাবলিক প্লাজা। মে’ ২০২২ পর্যন্ত প্লাজাটির ভৌত অগ্রগতি ২৭.০%।





চিত্রঃ নির্মাণাধীন পাবলিক প্লাজা

### ৪. শহীদ মিনার ও মঞ্চ নির্মাণ

নির্মাণাধীন মঞ্চ ও শহীদ মিনারের ম্যাট ফাউন্ডেশন এর কাজ সম্পন্ন হয়েছে এবং বেসমেন্ট এর কাজ চলমান রয়েছে। বেইজমেন্ট এ পার্কিং ও মেকআপ রুম, নীচতলায় ওপেন এয়ার থিয়েটার, পুকুর, পার্কিং এবং নীচ তলার উপরে মূল শহীদ মিনার, পাশে মঞ্চ নির্মিত হচ্ছে। মে’ ২০২২ পর্যন্ত এর ভৌত অগ্রগতি ২০.০%।



চিত্রঃ নির্মাণাধীন শহীদ মিনার ও মঞ্চ

### ৫. উন্মুক্ত থিয়েটার নির্মাণ

শহীদ মিনারের পাশে উন্মুক্ত থিয়েটার এবং গ্যালারি নির্মাণের কাজ চলমান রয়েছে। উন্মুক্ত থিয়েটারের ম্যাট ফাউন্ডেশন এর কাজ সম্পন্ন হয়েছে এবং বেসমেন্ট এর কাজ চলমান রয়েছে। মে' ২০২২ পর্যন্ত এর ভৌত অগ্রগতি ২০.০%।

### ৬. ভবনের উপর জলাধার নির্মাণ ও পাম্প হাউজ নির্মাণ

ভবনের উপর জলাধার নির্মাণ এর আরসিসি কাজ সম্পন্ন হয়েছে। মে' ২০২২ পর্যন্ত এর ভৌত অগ্রগতি ৮০.০%।

### ৭. ভূগর্ভস্থ জলাধার নির্মাণ

অডিটরিয়াম ভবনের ভূগর্ভস্থ জলাধার নির্মাণ এর আরসিসি কাজ সম্পন্ন হয়েছে। মে' ২০২২ পর্যন্ত এর ভৌত অগ্রগতি ৯০.০%।

### ৮. সঞ্চালন লাইন সহ ভূগর্ভস্থ গভীর নলকুপ স্থাপন

সঞ্চালন লাইন সহ ভূগর্ভস্থ গভীর নলকুপ স্থাপন কাজ শুরু হয়নি ।

### ৯. অগ্নিনির্বাপক সরবরাহ ও সংযোজন

অগ্নিনির্বাপক সরবরাহ ও সংযোজন পণ্যের চুক্তি বিগত ৩০.০৩.২০২২ তারিখে সম্পাদিত হয়েছে । অদ্যাবধি সংযোজনের কাজ শুরু হয়নি।

### ১০. এয়ারকুলার সরবরাহ ও সংযোজন

এয়ারকুলার সরবরাহ ও সংযোজন (৯৭৩ টন) ক্রয়ের জন্য বিগত ২৩/০৩/২০২২ তারিখে ২য় বার পুনঃদরপত্র আহ্বান করা হয় এবং ০৭.০৪.২০২২ তারিখে দরপত্র উন্মুক্ত করা হলেও ৩১ মে পর্যন্ত দরপত্র মুল্যায়ন সম্পন্ন হয়নি।

### ১০. সয়েল ইনভেস্টিগেশন/ডিজিটাল সার্ভে/পিডিএ টেস্ট/ টেস্টিং ম্যাটেরিয়ালস

সয়েল ইনভেস্টিগেশন, ডিজিটাল সার্ভে, পিডিএ টেস্ট করা হয়েছে। ম্যাটেরিয়ালস টেস্টিং চলমান রয়েছে। ভৌত অগ্রগতি ৫০.০%।

প্রকল্পের আওতায় অন্যান্য কাজ যেমন- ভাস্কর্য ও গার্ডেন নির্মাণ, পয়ঃ নিস্কাশন ড্রেন এবং সীমানা প্রাচীর নির্মাণ, ফলস সিলিং ও বিটি ভিনিয়ার্ড ওয়াল প্যানেল রং, মিলনায়তনের একুাইস্টিক কাজ, আরবারিকালচার/ ল্যান্ডস্কেপিং এবং কনফারেন্স টেবিল ও চেয়ার সরবরাহ ইত্যাদি আরডিপিপি অনুমোদন সাপেক্ষে দরপত্র আহ্বান করা হবে বলে জানা গিয়েছে। প্রকল্পের আওতায় নির্মাণাধীন অবকাঠামোর মে' ২০২২ পর্যন্ত সার্বিক ভৌত অগ্রগতি ৬৩.০%।

## ৩.২ ডিপিপি অনুসারে ক্রয় পরিকল্পনা ও প্রকৃত অবস্থা পর্যালোচনা

### ৩.২.১ প্রকল্পের পণ্য ক্রয় পর্যালোচনা

পর্যালোচনায় দেখা যায় যে, প্রকল্পের পণ্য ক্রয় পিডি অফিস এবং গণপূর্ত অধিদপ্তর (পিডব্লিউডি) কর্তৃক করা হয়েছে। ডিপিপিতে উল্লিখিত ক্রয় পরিকল্পনায় প্রকল্পের পণ্য ক্রয়ের মোট ৮টি প্যাকেজের মধ্যে পিডি অফিস কর্তৃক মাত্র ১টিতে সম্পূর্ণ ক্রয় এবং ৫টি প্যাকেজের আংশিক পণ্য ক্রয় করা হয়েছে এবং এরমধ্যে ৩টি প্যাকেজে উন্মুক্ত দরপত্র পদ্ধতির স্থলে কোটেশনের মাধ্যমে ক্রয় করা হয়েছে। এতে ডিপিপির পরিকল্পনার ব্যত্যয় হয়েছে তবে পর্যবেক্ষণে দেখা যায় যে, আংশিক পণ্য ক্রয়ের ব্যয় সীমা অনধিক ৫ লক্ষ টাকা হাওয়ায় উক্ত পণ্য প্যাকজগুলোর ক্রয় হোপ (HOPE) এর অনুমোদন ক্রমে কোটেশনের মাধ্যমে সম্পন্ন করা হয়। পর্যালোচনায় দেখা যায় যে, প্রকল্পের পূর্তকাজ বিলম্বিত হওয়ায় অবশিষ্ট ২টি প্যাকেজের দরপত্র আহ্বান করা হয়নি। গণপূর্ত অধিদপ্তর (পিডব্লিউডি) কর্তৃক পণ্য ক্রয়ে ২০টি প্যাকেজের মধ্যে মাত্র ২টি প্যাকেজে চুক্তি সাক্ষরিত হয়েছে এবং ১টি প্যাকেজের দরপত্র আহ্বান করা হয়েছে, অবশিষ্ট ১৭টি প্যাকেজের দরপত্র আহ্বান করা হয়নি। বিস্তারিত সারণি-৩.২ ও সারণি-৩.৪ এ দেয়া হয়েছে।

### ৩.২.২ প্রকল্পের কার্য ক্রয় পর্যালোচনা

ডিপিপিতে উল্লিখিত ক্রয় পরিকল্পনায় প্রকল্পের কার্য ক্রয় গণপূর্ত অধিদপ্তর (পিডব্লিউডি) কর্তৃক করা হয়েছে। প্রকল্পের কার্য (সিভিল) সংক্রান্ত মোট ১৭টি প্যাকেজের মধ্যে ১০টি প্যাকেজের কাজ এবং পূর্তকাজ (ই/এম) ২০ টি পণ্য প্যাকেজের মধ্যে ০১টি প্যাকেজসহ (লিফট) মোট ১১টি প্যাকেজের সমন্বয়ে ০১টি প্যাকেজ তৈরী করে [যার নং *EE-০৮(SD-১) of ২০১৮-১৯*] গণপূর্ত অধিদপ্তর কর্তৃক দরপত্র আহ্বান করতঃ CCGP এর অনুমোদনক্রমে ওটিএম পদ্ধতিতে ১টি টেন্ডার এর মাধ্যমে ক্রয় করা হয়েছে। অবশিষ্ট ৭ টি প্যাকেজের দরপত্র আহ্বান করা হয়নি। বিস্তারিত সারণি- ৩.৩ ও ৩.৪ এ দেয়া হয়েছে।

**সারণি- ৩.২ প্রকল্পের ক্রয় পরিকল্পনা (পণ্য ক্রয়) পর্যালোচনা** (লক্ষ টাকায়)

| প্যাকেজ এবং জিডি নং | প্যাকেজের বর্ণনা (পণ্য) | একক | পরিমাণ | ক্রয় পদ্ধতি এবং ধরণ | ক্রয় অনুমোদনকারী কর্তৃপক্ষ | অর্থের উৎস | প্রাক্কলিত ব্যয় | প্রাক-যোগ্যতা আহ্বান(যদি থাকে) | সম্ভাব্য তারিখ: দরপত্র আহ্বান | সম্ভাব্য তারিখ: চুক্তি স্বাক্ষর | সম্ভাব্য তারিখ: চুক্তি অনুযায়ী সম্পাদনের শেষ তারিখ | প্রকৃত তারিখ: দরপত্র আহ্বান | প্রকৃত তারিখ: চুক্তি স্বাক্ষর | প্রকৃত তারিখ: চুক্তি অনুযায়ী সম্পাদনের শেষ তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| জিডি-০১ | স্টেশনারি,সিলস ও স্ট্যাম্প | থোক | থোক | আর এফকিউ পদ্ধতি | প্রকল্প পরিচালক | জিওবি | ০.৫০ | _ | ০১.০১.২০১৮ | ১১.১২.২০১৮ | ১১.১০.২০২০ | | | ক্রয় সম্পাদন জুন **২০২০** | বিভিন্ন সময়ে খুচরা ক্রয় |
| জিডি-০২ | বই পত্র ও সামগ্রী ক্রয় | থোক | থোক | উন্মুক্ত দরপত্র পদ্ধতি | প্রকল্প পরিচালক | জিওবি | ২৫.০০ | _ | ১৯.০৮.২০১৯ | ০১.১১.২০১৯ | ৩০.০৫.২০২০ | | | জুন ২০২০ (আংশিক) | ওটিএম এর স্থলে কোটেশনে ক্রয় ৪.০০ লক্ষ টাকা |
| জিডি-০৩ | ব্যবহার্য সামগ্রী ক্রয় | থোক | থোক | আরএফকিউ পদ্ধতি | প্রকল্প পরিচালক | জিওবি | ০.৫০ | – | ১৫.০১.২০১৮ | ২১.০২.২০১৯ | ১১.১০.২০২০ | | | জুন ২০২০ (আংশিক) | বিভিন্ন সময়ে খুচরা ক্রয় |
| জিডি--০৪ | কম্পিউটার ও যন্ত্রাংশ | সংখ্যা | ৮৯ | উন্মুক্ত দরপত্র পদ্ধতি | প্রকল্প পরিচালক | জিওবি | ৯৮.৩৫ | _ | ২১.০১.২০১৮ | ১১.০৩.২০১৯ | ৩০.০৫.২০১৯ | | | জুন ২০২০ (আংশিক) | ওটিএম এর স্থলে কোটেশনে ক্র ১.৫০ (এক লক্ষ টাকা |
| জিডি--০৫ | অফিস সরঞ্জাম | সংখ্যা | ৩৪ | উন্মুক্ত দরপত্র পদ্ধতি | প্রকল্প পরিচালক | জিওবি | ১৬৪.৩৫ | _ | ২১.০১.২০১৮ | ১১.০৩.২০১৯ | ৩০.০৫.২০১৯ | | | জুন ২০২০ (আংশিক) | ওটিএম এর স্থলে কোটেশনে ক্র ১.৫০ (এক লক্ষ টাকা |
| জিডি--০৬ | আসবাবপত্র (স্টিলের বুক সাপোর্টসহ) | সংখ্যা | ১০৮২ | উন্মুক্ত দরপত্র পদ্ধতি | প্রকল্প পরিচালক | জিওবি | ১৩৪.০৭ | _ | ১৯.১০.২০১৯ | ১১.০২.২০২০ | ৩১.০৯.২০২০ | - | - | - | দরপত্র আহ্বান করা হয়নি |
| জিডি--০৭ | টেলিযোগাযোগ সামগ্রী | সংখ্যা | ০৪ | ডিপিএম পদ্ধতি | প্রকল্প পরিচালক | জিওবি | ০.২০ | _ | ১৯.০১.২০১৮ | ২৯.০৩.২০১৮ | ৩০.০৫.২০১৮ | - | - | - | দরপত্র আহ্বান করা হয়নি |
| জিডি--০৮ | যানবাহন ক্রয় (কার) | সংখ্যা | ০১ | উন্মুক্ত দরপত্র পদ্ধতি | প্রকল্প পরিচালক | জিওবি | ৩১.০০ | _ | ০২.০১.২০১৮ | | ৩০.০৪.২০১৮ | প্রগতি থেকে ক্রয় | | ১৮/০৪/২০১৯ | ব্যত্যয় ঘটেনি |
| | **সর্বমোট ক্রয় মূল্য** | | | | | | **৪৫৩.৯৭** | | | | | | | | |

উৎস: ডিপিপি এবং পিডি অফিস

## সারণি- ৩.৩ প্রকল্পের কার্যক্রয় পরিকল্পনা পর্যালোচনা

| প্যাকেজ এবংজিডি নং | প্যাকেজের বর্ণনা (কার্য) | একক | পরিমাণ | ক্রয়পদ্ধতি এবংধরণ | ক্রয় অনুমোদনকারী কর্তৃপক্ষ | অর্থের উৎস | প্রাক্কলিত ব্যয় | প্রাক-যোগ্যতা আহ্বান (যদি থাকে) | সম্ভাব্যতারিখ | | | প্রকৃত তারিখ | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | দরপত্রআহ্বান | চুক্তিস্বাক্ষর | চুক্তি অনুযায়ী সম্পাদনের শেষ তারিখ | দরপত্র আহ্বান | চুক্তিস্বাক্ষর | চুক্তি অনুযায়ী সম্পাদনের শেষ তারিখ | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| W(PWD)/ PB-01 | গ্রন্থাগার ভবন নির্মাণ | বর্গমিটার | ১৫২১২.২৮ | উন্মুক্ত দরপত্র পদ্ধতি | মন্ত্রনালয় | জিওবি | ৫৭১৩.১৩ | প্রযোজ্য নয় | ০৭.০১.২০১৮ | ১৭.০২.২০১৮ | ১৫.০৩.২০২০ | ১৫.০২.২০১৮ | ২৭.০৮.২০১৮ | ২৬.০৮.২০২০ | পরিকল্পিত সময়ে হয়নি |
| W(PWD)/ PB-02 | মিলনায়তন ভবন নির্মাণ | বর্গমিটার | ১৪৪৯৩.২২ | উন্মুক্ত দরপত্র পদ্ধতি | মন্ত্রনালয় | জিওবি | ৬১৮২.৭৯ | প্রযোজ্য নয় | ১৮.০১.২০১৮ | ২১.০৩.২০১৮ | ২১.০৬.২০২০ | ১৫.০২.২০১৮ | ২৭.০৮.২০১৮ | ২৬.০৮.২০২০ | পরিকল্পিত সময়ে হয়নি |
| W(PWD)/ PB-03 | পাবলিক প্লাজা নির্মাণ | বর্গমিটার | ৭৪১৩.৬০ | উন্মুক্ত দরপত্র পদ্ধতি | এসিই পিডব্লিউডি | জিওবি | ২৯১৭.৪৩ | প্রযোজ্য নয় | ১৫.০২.২০১৮ | ২৫.০৩.২০১৮ | ১৫ .০৬.২০২০ | ১৫.০২.২০১৮ | ২৭.০৮.২০১৮ | ২৬.০৮.২০২০ | পরিকল্পিত সময়ে হয়নি |
| W(PWD)/ PB-04 | ফুড গার্ডেন নির্মাণ | বর্গমিটার | ৪৪৫.৯৩ | উন্মুক্ত দরপত্র পদ্ধতি | সিই পিডব্লিউডি | জিওবি | ২২৪.৯৯ | প্রযোজ্য নয় | ০৩.০৩.২০১৮ | ০৯.০৫.২০১৮ | ২০ .০৬.২০২০ | ১৫.০২.২০১৮ | ২৭.০৮.২০১৮ | ২৬.০৮.২০২০ | পরিকল্পিত সময়ে হয়নি |
| W(PWD)/ PB-05 | ক্যাফে ভবন নির্মাণ | বর্গমিটার | ৩১৫.৮৬ | উন্মুক্ত দরপত্র পদ্ধতি | এসই পিডব্লিউডি | জিওবি | ১২৩.৫৪ | প্রযোজ্য নয় | ১২.০৩.২০১৮ | ০৯.০৫.২০১৮ | ২২ .০৫.২০১৯ | ১৫.০২.২০১৮ | ২৭.০৮.২০১৮ | ২৬.০৮.২০২০ | পরিকল্পিত সময়ে হয়নি |
| W(PWD)/ PB-6 | মঞ্চ নির্মাণ | বর্গমিটার | ১০৯.১৬ | উন্মুক্ত দরপত্র পদ্ধতি | এসিই পিডব্লিউডি | জিওবি | ২৯.১৮ | প্রযোজ্য নয় | ১০.০৮.২০১৮ | ০৯.০৬.২০১৮ | ০৯ .০৫.২০১৯ | ১৫.০২.২০১৮ | ২৭.০৮.২০১৮ | ২৬.০৮.২০২০ | পরিকল্পিত সময়ে হয়নি |
| W(PWD)/ PB-7 | উন্মুক্ত থিয়েটার নির্মাণ | বর্গমিটার | ৯৯৯৬.২৮ | উন্মুক্ত দরপত্র পদ্ধতি | এসিই পিডব্লিউডি | জিওবি | ৪৪৭.২৫ | প্রযোজ্য নয় | ০৪.০৬.২০১৮ | ০৪.০৮.২০১৮ | ০৪.০৫.২০১৯ | ১৫.০২.২০১৮ | ২৭.০৮.২০১৮ | ২৬.০৮.২০২০ | পরিকল্পিত সময়ে হয়নি |
| W(PWD)/ PB-8 | মসজিদ ও মার্কেট নির্মাণ | বর্গমিটার | ৪০২২.৬৭ | উন্মুক্ত দরপত্র পদ্ধতি | এসিই পিডব্লিউডি | জিওবি | ১৩৬৫.৩৬ | প্রযোজ্য নয় | ০৫.১১.২০১৮ | ১৫.০১.২০১৮ | ০১ .১১.২০২০ | - | - | - | - |
| W(PWD)/ PB-9 | ভাস্কর্য ও গার্ডেন নির্মাণ | বর্গমিটার | ১১৪২.৭০ | উন্মুক্ত দরপত্র পদ্ধতি | এসিই পিডব্লিউডি | জিওবি | ৩০৯.১৯ | প্রযোজ্য নয় | ১৩.৮.২০১৯ | ১০.০১.২০১৮ | ০৫ .০৪.২০২০ | | | | দরপত্র আহ্বান করা হয়নি |
| W(PWD)/ PB-10 | ভবনের উপরের জলাধার নির্মাণ ও পাম্প হাউজ নির্মাণ | বর্গমিটার. | ৩১১.২২ | উন্মুক্ত দরপত্র পদ্ধতি | এসই পিডব্লিউডি | জিওবি | ২৪.৮১ | প্রযোজ্য নয় | ০৮.১০.২০১৮ | ০৮.০১.২০১৯ | ০৮.০৬.২০২০ | ১৫.০২.২০১৮ | ২৭.০৮.২০১৮ | ২৬.০৮.২০২০ | পরিকল্পিত সময়ে হয়নি |
| W(PWD)/ PB-11 | ভূ-গর্ভস্থ জলাধার নির্মাণ | গ্যালন | ১০০০০০.০০ | উন্মুক্ত দরপত্র পদ্ধতি | এসই পিডব্লিউডি | জিওবি | ৭১.০০ | প্রযোজ্য নয় | ১৮.০১.২০১৮ | ০৯.০৩.২০১৮ | ০৯.১২.২০১৯ | ১৫.০২.২০১৮ | ২৭.০৮.২০১৮ | ২৬.০৮.২০২০ | পরিকল্পিত সময়ে হয়নি |
| W(PWD)/ PB-12 | সঞ্চালন লাইনসহ ভূ-গর্ভস্থ গভীর নলকূপ স্থাপন | কাজের সংখ্যা | ১.০০ | উন্মুক্ত দরপত্র পদ্ধতি | এসই পিডব্লিউডি | জিওবি | ৬৩.০২ | প্রযোজ্য নয় | ০৭.০২.২০১৮ | ১৭.০৪.২০১৮ | ১৫.০৪.২০১৯ | ১৫.০২.২০১৮ | ২৭.০৮.২০১৮ | ২৬.০৮.২০২০ | পরিকল্পিত সময়ে হয়নি |
| W(PWD)/ PB-13 | পয়ঃনিস্কাশন ড্রেন এবং সীমানা প্রাচীর নির্মাণ | আরএম | ৬৩৮.২২ | উন্মুক্ত দরপত্র পদ্ধতি | এক্সইএন পিডব্লিউডি | জিওবি | ৫০.৯৫ | প্রযোজ্য নয় | ২২.০১.২০১৯ | ২২.০৪.২০১৯ | ২১.১২.২০২০ | - | - | - | দরপত্র আহ্বান করা হয়নি |

| প্যাকেজ এবংজিডি নং | প্যাকেজের বর্ণনা (কার্য) | একক | পরিমাণ | ক্রয়পদ্ধতি এবংধরণ | ক্রয় অনুমোদনকারী কর্তৃপক্ষ | অর্থের উৎস | প্রাক্কলিত ব্যয় | প্রাক-যোগ্যতা আহ্বান (যদি থাকে) | সম্ভাব্যতারিখ | | | প্রকৃত তারিখ | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | দরপত্রআহ্বান | চুক্তিস্বাক্ষর | চুক্তি অনুযায়ী সম্পাদনের শেষ তারিখ | দরপত্র আহ্বান | চুক্তিস্বাক্ষর | চুক্তি অনুযায়ী সম্পাদনের শেষ তারিখ | |
| W(PWD)/PB-14 | সংযোগ সড়ক,ফুটপাত ও গার্ডসেড নির্মাণ | বর্গমিটার | ২২২.৯৭ | উন্মুক্ত দরপত্র পদ্ধতি | এক্সইএন পিডব্লিউডি | জিওবি | ৯.৮০ | প্রযোজ্য নয় | ২২.০২.২০১৯ | ২২.০৫.২০১৯ | ২১.১২.২০২০ | - | - | - | দরপত্র আহ্বান করা হয়নি |
| W(PWD)/PB-15 | ফলস সিলিং ও বিটি ভিনিয়ার্ড ওয়াল প্যানেলিং | বর্গমিটার | ১৫৭৬.৭২ | উন্মুক্ত দরপত্র পদ্ধতি | এক্সইএন পিডব্লিউডি | জিওবি | ২১৯.৪১ | প্রযোজ্য নয় | ২২.১২.২০১৮ | ২২.০৩.২০১৯ | ৩০.১২.২০২০ | - | - | - | দরপত্র আহ্বান করা হয়নি |
| W(PWD)/PB-16 | মিলনায়তনের এক্যুইস্টিক কাজ | বর্গমিটার | ১১১৪.৮২ | উন্মুক্ত দরপত্র পদ্ধতি | এক্সইএন পিডব্লিউডি | জিওবি | ৪১০.০৭ | প্রযোজ্য নয় | ০৪.১১.২০১৮ | ০৪.০২.২০১৯ | ০৪.০৬.২০১৯ | - | - | - | দরপত্র আহ্বান করা হয়নি |
| W(PWD)/PB-17 ০ | সয়েল ইনভেস্টিগেশন/ ডিজিটাল সার্ভে/পিডিএ টেস্ট/ টেস্টিং ম্যাটেরিয়ালস এবং আরবারিকালচার/ ল্যান্ডস্কেপিং | কাজের সংখ্যা | ৩.০ | উন্মুক্ত দরপত্র পদ্ধতি | এক্সইএন পিডব্লিউডি | জিওবি | ২২.৫০ | প্রযোজ্য নয় | ১৫.০১.২০১৮ | ২৩.০২.২০১৮ | ১৩.০৯.২০২০ | ১৫.০২.২০১৮ | ২৭.০৮.২০১৮ | ২৬.০৮.২০২০ | দরপত্র আহ্বান করা হয়নি |
| **কাজ ক্রয়ের মোট মুল্য** | | | | | | | ১৮১৮৪.৬২ | | | | | | | | |

উৎসঃ ডিপিপি এবং পিডব্লিউডি অফিস

## সারণি- ৩.৪ পণ্যক্রয় (Goods) পর্যালোচনা

| প্যাকেজএবংজিডি নং | প্যাকেজের বর্ণনা (কার্য) | একক | পরিমাণ | ক্রয়পদ্ধতি এবংধরণ | ক্রয় অনুমোদনকারী কর্তৃপক্ষ | অর্থের উৎস | প্রাক্কলিত ব্যয় | | সম্ভাব্য তারিখ | | | প্রকৃত তারিখ | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | প্রাক-যোগ্যতা আহ্বান (যদি থাকে) | দরপত্র আহ্বান | চুক্তিস্বাক্ষর | চুক্তি অনুযায়ী সম্পাদনের শেষ তারিখ | দরপত্র আহ্বান | চুক্তি স্বাক্ষর | চুক্তি অনুযায়ী সম্পাদনের শেষ তারিখ |
| জি (পিডব্লিউডি)/ জেন জেন-২ | জেনারেটর( ২৫০কেভিএ) সরবরাহ ও সংযোজন | সংখ্যা | ১২৫.০০ | উন্মুক্ত দরপত্র পদ্ধতি | এসিই পিডব্লিউডি | জিওবি | ৬১৮২.৭৯ | প্রযোজ্য নয় | ২১.০৩.২০১৯ | ২১.০৬.২০১৯ | ২১.০৬.২০২০ | দরপত্র আহ্বান করা হয়নি | | |
| জি (পিডব্লিউডি)/ জেন লিফট-৩ | লিফট সরবরাহ ও সংযোজন | টন | ৮.০ | উন্মুক্ত দরপত্র পদ্ধতি | এসিই পিডব্লিউডি | জিওবি | ৮৩১.০০ | প্রযোজ্য নয় | ০৭.০৭.২০১৯ | ০৭.১০.২০১৯ | ০৭.০৪.২০২০ | ১৫.০২.২০১৮ | ২৭.০৮.২০১৮ | ২৬.০৮.২০২০ |
| জি (পিডব্লিউডি)/ জেন এসি-৪ | এয়ারকুলার সরবরাহ ও সংযোজন | টন | ৯৭৩.০০ | উন্মুক্ত দরপত্র পদ্ধতি | এসিই পিডব্লিউডি | জিওবি | ১১৯৮.০০ | প্রযোজ্য নয় | ১৫.১১.২০১৯ | ১৫.০২.২০২০ | ১৫.০৮.২০২০ | ২৩.০৩.২০২২ | - | - |
| জি (পিডব্লিউডি)/ জেন পিএম-৫ | পাম্প মটর সরবরাহ ও সংযোজন | সংখ্যা | ৭.০০ | উন্মুক্ত দরপত্র পদ্ধতি | এসিই পিডব্লিউডি | জিওবি | ৩১.০০ | প্রযোজ্য নয় | ৩০.০৯.২০১৮ | ৩০.১২.২০১৮ | ৩০.০৩.২০২০ | দরপত্র আহ্বান করা হয়নি | | |
| জি (পিডব্লিউডি) এসপি-০৬ | Sugar protection সরবরাহ ও সংযোজন | কাজ | ১.০০ | উন্মুক্ত দরপত্র পদ্ধতি | এসিই পিডব্লিউডি | জিওবি | ৩০.০০ | প্রযোজ্য নয় | ১৯.১২.২০১৯. | ০৩.২০.২০ | ১৯.০৬.২০২০ | দরপত্র আহ্বান করা হয়নি | | |
| জি (পিডব্লিউডি) এসপি-০৭ | কম্পিউটার লাইট সরবরাহ ও সংযোজন | - | ১.০০ | উন্মুক্ত দরপত্র পদ্ধতি | এসিই পিডব্লিউডি | জিওবি | ৫০.০০ | প্রযোজ্য নয় | ০১.০১.২০১৯ | ০১.০৪.২০১৯ | ০১.০৫.২০২০ | দরপত্র আহ্বান করা হয়নি | | |
| জি (পিডব্লিউডি) এফডি-০৮ | অগ্নি নির্বাপক সরবরাহ ও সংযোজন | কাজ | ১.০০ | উন্মুক্ত দরপত্র পদ্ধতি | এসিই পিডব্লিউডি | জিওবি | ৩০০.০০ | প্রযোজ্য নয় | ১৯.০৫.২০১৯ | ১৯.০৮.২০১৯ | ১৯.০২.২০২০ | ১৩.০১.২০২২ | ৩০.০৩.২০২২ | ৩০.১২.২০২২ |
| জি (পিডব্লিউডি) /পিএবিক্স-০৯ | টেলিফোন/পিএবিক্স-০৯ সরবরাহ ও সংযোজন | কাজ | ১.০০ | উন্মুক্ত দরপত্র পদ্ধতি | এসিই পিডব্লিউডি | জিওবি | ২৫.০০ | প্রযোজ্য নয় | ১১.১১.২০২১৯ | ১১.০২.২০২০ | ১১.০৫.২০২০ | দরপত্র আহ্বান করা হয়নি | | |
| জি (পিডব্লিউডি)/ সিএস-১০ | পিএ/কনফারেন্স সিস্টেম সরবরাহ ও সংযোজন | কাজ | ১.০০ | উন্মুক্ত দরপত্র পদ্ধতি | এসিই পিডব্লিউডি | জিওবি | ৪০.০০ | প্রযোজ্য নয় | ১১.১১.২০২১৯ | ১১.০২.২০২০ | ১১.০৫.২০২০ | দরপত্র আহ্বান করা হয়নি | | |
| জি (পিডব্লিউডি)/ এস এল -১১ | স্টেজ লাইন/ পর্দা/সাউন্ড সিস্টেম | কাজ | ১.০০ | উন্মুক্ত দরপত্র পদ্ধতি | এসিই পিডব্লিউডি | জিওবি | ২৫০.০০ | প্রযোজ্য নয় | ১৫.১২.২০১৯ | ০৬.০৩.২০২০ | ০৫.০৬.২০২০ | দরপত্র আহ্বান করা হয়নি | | |

## সারণি- ৩.৪ পণ্যক্রয় (Goods) পর্যালোচনা - *চলমান*

| প্যাকেজ এবং জিডি নং | প্যাকেজের বর্ণনা (কার্য) | একক | পরিমাণ | ক্রয়পদ্ধতি এবংধরণ | ক্রয় অনুমোদন কারী কর্তৃপক্ষ | অর্থের উৎস | প্রাক্কলিত ব্যয় | | সম্ভাব্য তারিখ | | | প্রকৃত তারিখ | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | প্রাক-যোগ্যতা আহ্বান (যদি থাকে) | দরপত্র আহ্বান | চুক্তিস্বাক্ষর | চুক্তি অনুযায়ী সম্পাদনের শেষ তারিখ | দরপত্র আহ্বান | চুক্তি স্বাক্ষর | চুক্তি অনুযায়ী সম্পাদনের শেষ তারিখ |
| জি (পিডব্লিউডি)/এম এম পি-১২ | মাল্টিমিডিয়া প্রজেক্ট এবং ভিডিও কনফারেন্সিং সিস্টেম | কাজ | ১.০০ | উন্মুক্ত দরপত্র পদ্ধতি | এসিই পিডব্লিউডি | জিওবি | ৩০.০০ | প্রযোজ্য নয় | ০৬.১২.২০১৯ | ২৫.০৯.২০১৯ | ২৫.০৩.২০২০ | দরপত্র আহ্বান করা হয়নি | | |
| জি (পিডব্লিউডি)/ এফডি-১৩ | এক্সস্ট ফ্যান ( বায়ু নির্গমণের জন্য) | কাজ | ১.০০ | উন্মুক্ত দরপত্র পদ্ধতি | এসিই পিডব্লিউডি | জিওবি | ৩০.০০ | প্রযোজ্য নয় | ২৫.০৭.২০১৯ | ২৫.০৯.২০১৯ | ২৫.০৩.২০২০ | দরপত্র আহ্বান করা হয়নি | | |
| জি (পিডব্লিউডি)/ সিসিটিভি-১৪ | সিসিটিভি সিস্টেম সরবরাহ ও সংযোজন | কাজ | ১.০০ | উন্মুক্ত দরপত্র পদ্ধতি | এসিই পিডব্লিউডি | জিওবি | ৫০.০০ | প্রযোজ্য নয় | ১৭.০৭.২০১৯ | ১৭.১০.২০১৯ | ১৭.০৩.২০২০ | দরপত্র আহ্বান করা হয়নি | | |
| জি (পিডব্লিউডি) ডিসিআর -১৫ | ডিজিটাল কার পার্কিং/ট্রাফিক কন্ট্রোল আর্চওয়ে | কাজ | ১.০০ | উন্মুক্ত দরপত্র পদ্ধতি | এসিই পিডব্লিউডি | জিওবি | ২০.০০ | প্রযোজ্য নয় | ২৯.০৯.২০২৯ | ২৯.১২.২০১৯ | ২৯.০৪.২০২০ | দরপত্র আহ্বান করা হয়নি | | |
| জি (পিডব্লিউডি) ডিসিআর -১৬ | ঝর্না উপকরণ সরবরাহ ও সংযোজন | কাজ | ১.০০ | উন্মুক্ত দরপত্র পদ্ধতি | এসিই পিডব্লিউডি | জিওবি | | প্রযোজ্য নয় | ০৮.১২.২০১৯ | ০৮.০৩.২০২০ | ০৮.০৬.২০২০ | দরপত্র আহ্বান করা হয়নি | | |
| জি (পিডব্লিউডি) আর এম ইউ-১৭ | রিংম্যান ইউনিট সরবরাহ ও সংযোজন | কাজ | ১.০০ | উন্মুক্ত দরপত্র পদ্ধতি | এসিই পিডব্লিউডি | জিওবি | ১০০.০০ | প্রযোজ্য নয় | ১৬.১১.২০১৯ | ১৬.০২.২০২০ | ১৬.০৫.২০২০ | দরপত্র আহ্বান করা হয়নি | | |
| জি (পিডব্লিউডি) ইসি এফ-১৮ | বৈদ্যুতিক সংযোজন ফি ( বিপিডিবি) | কাজ | ১.০০ | ডিপিএম | এসিই পিডব্লিউডি | জিওবি | ৪০.০০ | প্রযোজ্য নয় | ০৪.০২.২০১৯ | ০৪.০৫.২০১৯ | ০৪.০৬.২০১৯ | দরপত্র আহ্বান করা হয়নি | | |
| জি (পিডব্লিউডি) এসপি-১৯ | সোলার পিভি সিস্টেম সরবরাহ ও সংযোজন | কিলোওয়াট | ১৮.০০ | উন্মুক্ত দরপত্র পদ্ধতি | এসিই পিডব্লিউডি | জিওবি | ২৮.০০ | প্রযোজ্য নয় | ১৮.১২.২০১৯ | ১৮.০৩.২০২০ | ০৮.০৬.২০২০ | দরপত্র আহ্বান করা হয়নি | | |
| জি (পিডব্লিউডি) সিটি-২০ | কনফারেন্স টেবিল ও চেয়ার সরবরাহ | | | উন্মুক্ত দরপত্র পদ্ধতি | এসিই পিডব্লিউডি | জিওবি | ৩৩.৭৫ | প্রযোজ্য নয় | ২১.০১.২০২০ | ২১.০৪.২০২০ | ০১.০৬.২০২০ | দরপত্র আহ্বান করা হয়নি | | |
| | সর্বমোট সম্পদের ক্রয়মূল্যঃ | | **৩৫৯৩.৭৫** | | | | | | | | | | | |

**সারণি ৩.৫ কার্যক্রয় প্যাকেজের বিস্তারিত পর্যালোচনা এবং বিশ্লেষণ**

| | | |
|---|---|---|
| ১ | প্যাকেজ চুক্তি | EE-০৮(SD-১) of ২০১৮-১৯ |
| ২ | প্যাকেজটি HOPE কর্তৃক অনুমোদিত বাৎসরিক ক্রয় পরিকল্পনায় অন্তভুক্ত ছিল | অনুমোদিত ডিপিপি অনুযায়ী দরপত্র আহবান করা হয়েছে |
| ৩ | দরপত্র আহবানের তারিখ | ১৫.০২.২০১৮ |
| ৪ | দরপত্র প্রকাশিত পত্রিকার নাম | দৈনিক ইত্তেফাক ও দৈনিক যুগান্তর, The Daily Star, The Asian Age |
| ৫ | ক্রয়পদ্ধতি | ওটিএম |
| ৬ | দরপত্র খোলার তারিখ | ২২-০৩-২০১৮৮ |
| ৭ | দরপত্র বিক্রির সংখ্যা | ৬টি |
| ৮ | দরপত্র জমার সংখ্যা | ৩টি |
| ৯ | অনুমোদনকারী কর্তৃপক্ষ | CCGP |
| ১০ | মূল্যায়ন কমিটিতে মূল্যায়ন কমিটির/ আহবায়ক পদবীসহ) সভাপতির নাম | মোঃ আমিনুল ইসলাম খান,অতিরিক্ত প্রধান প্রকৌশলী(পওবিপ্র) গণপূর্ত অধিদপ্তর,ঢাকা। |
| ১১ | মূল্যায়ন কমিটিতে সংস্থা বহির্ভূত | ৩ জন,গণগ্রন্থাগার অধিদপ্তর,জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর,সড়ক ও জনপথ অধিদপ্তর। |
| ১২ | মূল্যায়ন কমিটির কোন সদস্য কর্তৃক মূল্যায়নের সময় কোন বিরূপ মন্তব্য | ছিল না। |
| ১৩ | দরপত্র মূল্যায়নের সর্বশেষ তারিখ | ৩০-০৪-২০১৮ |
| ১৪ | Responsive দরপত্রের সংখ্যা | ১টি |
| ১৫ | Non-Responsive দরপত্রের সংখ্যা | ২টি |
| ১৬ | প্যাকেজের প্রাক্কলিত ব্যয় | ১৫৪৯৬.৮৯ লক্ষ টাকা |
| ১৭ | চুক্তিবদ্ধ প্রতিষ্ঠানের নাম | GKB & Company private Ltd-National development Engineers Ltd (JV) |
| ১৮ | চুক্তিরতারিখ | ২৭-০৮-২০১৮ |
| ১৯ | চুক্তিমুল্য/ কার্য্যদেশকৃত দর | ১৬৫৯০.০০ লক্ষ টাকা |
| ২০ | কার্য্যদেশ মোতাবেক কাজ সমাপ্তের তারিখ | ২৬-০৮-২০২০ |
| ২১ | বাস্তবে কাজ সমাপ্তের তারিখ (প্রযোজ্য ক্ষেত্রে) | ৩০-১২-২০২২ |
| ২২ | বিলম্বের কারণ | সাইট বুঝে পেতে বিলম্ব হয়েছে,শহীদ মিনার নিয়ে জটিলতা ও ড্রইং সংশোধনের কারণে। |
| ২৩ | কার্য্যাদেশের বিপরীতে পরিশোধিত বিল | ৮৪৬৪.৭৩ লক্ষ টাকা |
| ২৪ | চুক্তি মুল্য প্রাক্কলিত ব্যয়ের চেয়ে (%)বেশি/ কম | ৭.০৯% বেশী |

উৎসঃ পিডব্লিউডি অফিস

## ৩.৩ প্রকল্পের আওতায় সম্পাদিত/ চলমান বিভিন্ন পণ্য এবং কার্য ক্রয়ের ক্ষেত্রে প্রচলিত আইন ও বিধিমালা অনুসরণের অবস্থা পর্যালোচনা

### ৩.৩.১ প্রকল্পের পূর্তকাজ (সিভিল) ও ই/এম এর ক্রয় কার্যক্রম পরিবীক্ষণ

প্রকল্পের প্রধান অঙ্গসমূহের ক্রয় সংক্রান্ত নথিপত্র যাচাই বাছাই করাসহ ক্রয় সংক্রান্ত নথির বিস্তারিত তথ্য পর্যালোচনা করা হয়েছে। প্রকল্পের পূর্তকাজ (সিভিল) সংক্রান্ত মোট ১৭টি প্যাকেজের মধ্যে ১০টি প্যাকেজের কাজ [W(PWD)/PB-01, 02, 03, 04, 05, 06, 07, 10, 11, 12] এবং পূর্তকাজ (ই/এম) ২০ টি প্যাকেজ পণ্যের মধ্যে ০১টি প্যাকেজসহ [জি (পিডব্লিউডি)/ জেন লিফট-৩] মোট ১১টি প্যাকেজের সমন্বয়ে ০১টি প্যাকেজ তৈরী করে গণপূর্ত অধিদপ্তর (পিডব্লিউডি) কর্তৃক দরপত্র আহ্বান করতঃ CCGP এর অনুমোদনক্রমে ওটিএম পদ্ধতিতে একত্রে ১টি টেন্ডার এর মাধ্যমে ক্রয় করা হয়েছে এবং উক্ত প্যাকেজের ক্রয় ডিপিপিতে উল্লিখিত ক্রয় পরিকল্পনা অনুযায়ী সম্পন্ন করা হয়নি, সময়ের তুলনায় কিছুটা বিলম্বে সম্পন্ন করা হয়েছে। পূর্তকাজ (সিভিল) ৭টি প্যাকেজের দরপত্র আহ্বান করা হয়নি। বিস্তারিত সারণি ৩..৩ এ দেওয়া হয়েছে।

গণপূর্ত অধিদপ্তর (পূর্তকাজ পণ্য - ই/এম) পণ্য ক্রয়ের অবশিষ্ট ১৯টি প্যাকেজের মধ্যে ১টি প্যাকেজের (অগ্নি নির্বাপক সরবরাহ ও সংযোজন) ক্রয় চুক্তি বিগত ৩০.০৩.২০২২ তারিখে সম্পাদিত হয়েছে। যার চুক্তিমুল্য ২৪৯.০২ লক্ষ টাকা (ডিপিপি মুল্য ৩০০ লক্ষ টাকা)। এয়ারকুলার সরবরাহ ও সংযোজন (৯৭৩ টন) ক্রয়ের জন্য বিগত ২৩/০৩/২০২২ তারিখে ২য় বার পুনঃদরপত্র আহ্বান করা হয় এবং ০৭.০৪.২০২২ তারিখে দরপত্র উন্মুক্ত করা হলেও ৩১ মে পর্যন্ত দরপত্র মুল্যায়ন সম্পন্ন হয়নি। অবশিষ্ট ১৭ টি প্যাকেজের দরপত্র আহ্বান করা হয়নি. উল্লেখ্য যে সকল প্যাকেজের ক্রয় কার্যক্রম ডিপিপিতে উল্লিখিত সময়ের তুলনার বিলম্বে সম্পন্ন হয়েছে। বিস্তারিত সারণি ৩.৪ এ দেওয়া হয়েছে।

### ৩.৩.২ ক্রয় কার্যক্রমে পিপিএ-২০০৬ ও পিপিআর-২০০৮ এর নির্দেশনা অনুসরণ সংক্রান্ত তথ্য পর্যালোচনা

**Package No. EE-০৮(SD-১) ১০টি প্যাকেজের কার্য ক্রয় [W(PWD)/PB-০১, ০২, ০৩, ০৫, ০৬, ০৭, ১০, ১১, ১২, ১৭] এবং পণ্যক্রয়ের ১টি [জি (পিডব্লিউডি)/ জেন লিফট-৩]**

সারণি ৩.৫ বিশ্লেষণে দেখা যায় যে প্রকল্পের আওতায় কার্য প্যাকেজ- **No. EE-০৮(SD-১)** এর জন্য ওটিএম (এনসিবি) পদ্ধতিতে ঠিকাদার নিয়োগের লক্ষ্যে ১৫-০২-২০১৮ তারিখে ২টি বাংলা (দৈনিক ইত্তেফাক, দৈনিক যুগান্তর) ও ২ টি ইংরেজি (The Daily star ও The Asian Age) জাতীয় দৈনিক পত্রিকায় দরপত্র আহ্বানের নোটিশ প্রকাশিত হয়। দরপত্র গ্রহণ ও খোলার শেষ তারিখ, অর্থাৎ ২২-০৩-২০১৮ তারিখে বিক্রিত মোট ৬টি দরপত্রের মধ্যে ৩টি দরপত্র দাখিল হয়। দরপত্র মূল্যায়নের জন্য অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পওবিপ্র), গণপূর্ত-কে আহবায়ক করে একটি মূল্যায়ন কমিটি গঠন করা হয়। নিয়ম অনুযায়ী মূল্যায়ন কমিটি গঠিত হয় যাতে পিপিআর নির্দেশনা অনুযায়ী ২ জন সংস্থা বহিঃর্ভূত সদস্য রয়েছে এবং যথারীতি কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে।

দরপত্র মূল্যায়নের শেষ তারিখ ছিল ৩০-০৪-২০১৮ যা অনুসরণ করে মূল্যায়ন সমাপ্ত হয় এবং মূল্যায়নান্তে ১টি দরপত্র রেসপনসিভ হয় এবং অপর ২টি নন- রেসপনসিভ প্রতীয়মান হয়। যাচাই বাছাই কালে ঠিকাদার প্রতিষ্ঠান তাদের দরপত্র প্রস্তাবের সাথে যে সমস্ত কাগজ পত্র দাখিল করেছিল, যেমনঃ ফাইন্যান্সিয়াল টার্ন অভার, ব্যাংক সল্ভেন্সি সার্টিফিকেট, ওয়ার্ক কমপ্লিশন সার্টিফিকেট সমূহ সংশ্লিষ্ট ব্যাংক/দপ্তরে পত্র প্রেরণ/টেলিফোন/ই-মেইল যোগে যাচাই বাছাই করা হয়। যথাযথ মূল্যায়নপূর্বক উত্তীর্ণ ঠিকাদার GKB & Company Private Ltd-National Development Engineers Ltd (JV)- এর পক্ষে মূল্যায়ন প্রতিবেদনে সিসিজিপি-তে অনুমোদনের জন্য প্রেরণ করা হয়। পরবর্তীতে সিসিজিপি-এর অনুমোদনক্রমে ঠিকাদারের সাথে ২৭-০৮-২০১৮ তারিখে চুক্তি স্বাক্ষরিত হয়। ঠিকাদারের চুক্তি মূল্য ছিল ১৬,৫৯০.০০ লক্ষ টাকা যা প্রাক্কলিত মূল্য ১৫৪৯৬.৮৯ লক্ষ টাকার ৭.০৯% বেশী ।

পর্যবেক্ষণে দেখা যায় যে, ডিপিপি তে উল্লেখিত ১১ টি প্যাকেজের প্রাক্কলিত ব্যয় সীমা অনুযায়ী ক্রয় অনুমোদন কারী কর্তৃপক্ষ নির্ধারিত ছিল গণপূর্ত সচিব বা তত্বাবধায়ক প্রকৌশলী। পরবর্তীতে প্যাকেজগুলো একত্রিকরণের ফলে ১টি প্যাকেজের মোট প্রাক্কলিত ব্যয় ১০০ কোটির অধিক হওয়ায় CCGP এর অনুমোদনক্রমে ওটিএম পদ্ধতিতে ক্রয়টি সম্পন্ন করা হয় যা আর্থিক ক্ষমতা অর্পণ অনুযায়ী সঠিক, তবে টেন্ডার প্রক্রিয়ায় ডিপিপি তে প্রস্তাবিত সময়ের সাথে প্রকৃত সময়ের যথেষ্ট ব্যত্যয় পরিলক্ষিত হয়। কার্য প্যাকেজের টেন্ডার নথি পর্যালোচনা করে দেখা যায় যে, দাপ্তরিক প্রাক্কলন ২০১৪ সালের পিডাব্লিউডি-এর রেট সিডিউল

অনুসরণ করে প্রস্তুত করা হয়েছিল যা নির্মাণ সামগ্রীর ঊর্ধ্বগতির কারণে অকার্যকর হিসেবে পরিগণিত এবং যার ফলশ্রুতিতে অংশগ্রহণকারী ঠিকাদারগণের প্রস্তাবিত দর প্রাক্কলিত দরের অধিক হয়। পর্যালোচনায় দেখা যায় যে, নমুনা প্যাকেজটির ক্রয় কার্যক্রম পিপিএ-২০০৬ এবং পিপিআর-২০০৮ এর নির্দেশনা অনুসারে করা হয়েছে। তবে এখানে উল্লেখ্য যে, মাত্র ১টি দরপত্র রেস্পন্সিভ হওয়ায় টেন্ডার প্রক্রিয়াটি প্রতিযোগিতামূলক হয়নি।

## ৩.৪ মাঠ পর্যায়ে পরিদর্শন এবং নির্মাণ কাজের গুণগতমান পর্যবেক্ষণ ও পরীক্ষা

### ৩.৪.১ ভৌতকাজ পরিদর্শন, পর্যবেক্ষণ এবং গুণগতমান যাচাইকরণ

প্রকল্পের নিবিড় পরিবীক্ষণের লক্ষ্যে পরামর্শক প্রতিষ্ঠান এম আর কন্সালট্যান্টস্ এর সমীক্ষা টিম কর্তৃক চট্টগ্রাম মুসলিম ইনস্টিটিউট সাংস্কৃতিক কমপ্লেক্স স্থাপন শীর্ষক প্রকল্পের ক্রয় সংক্রান্ত নথির বিস্তারিত তথ্য পর্যালোচনা এবং মাঠ পর্যায়ে সরেজমিনে পর্যবেক্ষণ ও পরীক্ষা করা হয়। **নির্মাণাধীন** অবকাঠামোর ভৌত অবস্থা পরিদর্শন ও পর্যবেক্ষণ, ডিজাইন পর্যবেক্ষণসহ বিভিন্ন অঙ্গের সরেজমিন পরিমাপ, পরিবীক্ষণ এবং পরীক্ষা করা হয়। অবকাঠামোর ভৌত অবস্থা পরিদর্শন ও পর্যবেক্ষণ, ভৌত পরিমাপ এবং পরীক্ষা নিম্নে উল্লেখ করা হলোঃ

**১। অবকাঠামোর/ উপাদানের নামঃ অডিটরিয়াম ভবন,** চট্টগ্রাম মুসলিম ইনস্টিটিউট সাংস্কৃতিক কমপ্লেক্স

পরিদর্শনের তারিখঃ ০৮/০৪//২০২২ ইং থেকে ০৯/০৪//২০২২ ইং এবং ২৬/০৪/২০২২ ইং

| কাজ আরম্ভের তারিখ | চুক্তি অনুযায়ী কার্য সম্পাদনের তারিখ | কাজের সার্বিক অগ্রগতি |
|---|---|---|
| ২৭/০৮/২০১৮ | ৩০/১২/২০২২ | সার্বিক অগ্রগতি ৬৮% |
| ১ম তলা থেকে ৮ম তলা পর্যন্ত Structural কাজ প্রায় সম্পন্ন হয়েছে। অন্যান্য এবং ফিনিশিং কাজ চলমান রয়েছে। | | |






চিত্রঃ ভবনের ডিজাইন পর্যালোচনা, ভৌত অবস্থা পরিদর্শন, হল রুম, সিঁড়ি এবং প্লিন্থ এরিয়া পরিমাপ, হ্যামার টেস্ট

| ক্র:নং | কাজের বিবরণ | অনুমোদন অনুসারে করণীয় | মাঠ পর্যায়ে প্রাপ্ত অবস্থা | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ভবন এর প্লিন্থ এরিয়া (Plinth Area) | ১৯৬৫০ sft | ১৯৬৫০ sft | সঠিক |

| ক্র:নং | কাজের বিবরণ | অনুমোদন অনুসারে করণীয় | মাঠ পর্যায়ে প্রাপ্ত অবস্থা | মন্তব্য |
|---|---|---|---|---|
| ২ | গ্রাউন্ড লেবেল(GL) থেকে এক্সিস্টিং গ্রাউন্ড লেবেল(EGL) এর উচ্চতা (height) | ২’ ২”(GL to EGL) | ২’ ২”(GL to EGL) | সঠিক |
| ৩ | কলাম থেকে কলামের দূরত্বঃ<br><br>কলামের ডায়াঃ | C৭- C৯ -১৫’৬”, (clear) ১৬’১”<br>১৯’৪”, ১৭’১১”<br>(৩০”X৪০”) (২৫”X৩০”) | C৭- C৯ -১৫’৬” (clear) ১৬’১”<br>১৯’৪”, ১৭’১১”<br>(৩০”X৪০”) (২৫”X৩০”) | সঠিক |
| ৪ | রুমের সাইজ (১ -২ টি) -<br><br>টয়লেটের সাইজ (১-২ টি) - | রুম (127’0’’x77’6”)<br>(110’6’’x61’0”)<br>টয়লেট রুম (11’8”x 10’-0”) | রুম (127’0’’x77’6”)<br>(110’6’’x61’0”)<br>টয়লেট রুম (11’8”x 10’-0”) | সঠিক |
| ৫ | Floor হতে Floor এর উচ্চতা (height) | 14’6”, 15’0” | 14’6”, 15’0” | সঠিক |
| ৬ | সিঁড়ির ধাপের সাইজ | ধাপ-১০’’/উচ্চতা ৬” | ধাপ-১০’’/উচ্চতা ৬” | সঠিক |
| ৭ | CC/ RCC এর Thickness<br>স্লাব/ সিলিন্ডার টেস্ট (স্তরে স্তরে) | Slub-6”, 7”,8”,9 ” ,<br>টেস্ট (স্তরে স্তরে) | Slub-6”, 7”,8”,9 ” ,<br>টেস্ট (স্তরে স্তরে) | সঠিক |
| ৮ | ইটের মান (সাইজ/ class/ color) | ১ম শ্রেণীর | ১ম শ্রেণীর | সঠিক |
| ৯ | রডের মান (Brand name/ Test স্তরে স্তরে) | BSRM/CSRM/KSRM/ SAS | BSRM/CSRM/KSRM<br>বর্তমানে SAS ব্যবহৃত হচ্ছে | সঠিক<br>ব্যত্যয় |
| ১০ | সিমেন্ট (Brand name/ Test স্তরে স্তরে) | fresh/ diamond/ কনফিডেন্স<br>সিমেন্ট টেস্ট (স্তরে স্তরে) | কনফিডেন্স সিমেন্ট<br>স্তরে স্তরে টেস্ট হয়নি | সঠিক<br>ব্যত্যয় |
| ১১ | বালু পরীক্ষা (স্তরে স্তরে) | As stated in TS | লালবালু, ল্যাবটেস্ট করা হয়েছে | |
| ১২ | Stone chips (type/ Test স্তরে স্তরে) | Stated in Technical Specifications (TS) | সাদাওকালো stone chips, কালো বেশি ব্যবহার হয়েছে | সঠিক |
| ১৩ | Brick chips (type/ Test স্তরে স্তরে) | As stated in TS | Brick chips ব্যবহার হয়নি | - |
| ১৪ | দরজা জানালার পরিমাপ<br>কাঠের গুণগতমান | As stated in TS | দরজার কাজ চলমান।<br>কাঠের গুণগতমান ভাল | সঠিক |
| ১৫ | ক) প্লাস্টারের ফিনিশিং এর মান<br>খ) দেয়ালে নীল বর্ণ<br>গ) হানিকম্ব | As stated in TS | প্লাস্টারের ফিনিশিং এর কাজ চলমান | - |
| ১৬ | Site order book, Stock book | As stated in TS | Site order book এ নিয়মিত record নেই, Stock book আছে। | ব্যত্যয়<br>সঠিক |
| ১৭ | মাটির নিচে সমাপ্তি কাজের ছবি/video এবং পাইল ড্রাইভিং রের্কড | As stated in TS | মাটির নিচে সমাপ্তি কাজের ছবি এবং পাইল ড্রাইভিং রের্কড আছে | সঠিক |
| ১৮ | Shutter use: Steel/ bamboo/ Wooden | Steel shutter | Steel shutter ব্যবহৃত হচ্ছে | সঠিক |
| ১৯ | দক্ষ, কারিগরি এবং প্রয়োজনীয় জনবল | As stated in TS | প্রয়োজনীয় জনবল কম। | ব্যত্যয় |
| ২০ | ব্যবহৃত যন্ত্রপাতি এবং সরঞ্জাম | As stated in TS | যন্ত্রপাতি এবং সরঞ্জাম আছে। | সঠিক |
| ২১ | মেটেরিয়ালের টেস্ট রিপোর্ট | As stated in TS | আছে তবে পর্যাপ্ত নেই। | পর্যাপ্ত নেই |
| ২২ | কর্ম পরিকল্পনা (workplan) অনুসরণ | As stated in TS | কর্মপরিকল্পনা আছে | সঠিক |
| ২৩ | পিরিওডিক্যাল প্রগ্রেস রিপোর্ট | - | কোন প্রগ্রেস রিপোর্ট পাওয়া যায়নি | ব্যত্যয় |
| ২৪ | ডিজাইন/ লে আউট এবং BNBC অনুসরণ | BNBC এর সকল ক্রাইটেরিয়া অনুসরণ করা | BNBC এর সকল ক্রাইটেরিয়া অনুসৃত হচ্ছেনা | ব্যত্যয় |
| হ্যামার টেস্ট (অঙ্গের নাম): | | | | |
| ১। কলাম C -1= ৪৪,৪২,৪৪,৪৪,৪৪,৪২,৪০,৪২,৪৮,৪২<br>২।কলাম C-7 =৪২,৪২,৪০,৪১,৪০,৪২,৪০,৪০,৩৬,৪২<br>৩। বীম B1-1st Floor /=৪০,৪২,৪৩,৩২,৩৩,৩৯,৪০,৪১.৩৮.৪৩.৪৪,৩৯<br>=৩৮,৪০,৩৯,৩৯,৩৮,৪০,৪১,৪২,৩৮,৩৯,৩৮,৩৬ | | | | |

| ক্র:নং | কাজের বিবরণ | অনুমোদন অনুসারে করণীয় | মাঠ পর্যায়ে প্রাপ্ত অবস্থা | মন্তব্য |
|---|---|---|---|---|
| (কলাম Angle ০° এবং বীম ৯০°)<br>৫। ফ্লোর 4th Floor/ Slab. ৩৮,৪০,৩৬,২৯,৩৬,৩৬,৩১,২৯,৩৩,৩৪,৩২,২৯,৩১ | | | | |

**২। অবকাঠামোর/ উপাদানের নামঃ লাইব্রেরি ভবন,** চট্টগ্রাম মুসলিম ইনস্টিটিউট সাংস্কৃতিক কমপ্লেক্স

পরিদর্শনের তারিখঃ ০৮/০৪//২০২২ ইং থেকে ০৯/০৪//২০২২ ইং এবং ২৬/০৪/২০২২ ইং

| কাজ আরম্ভের তারিখ | চুক্তি অনুযায়ী কার্য সম্পাদনের তারিখ | কাজের সার্বিক অগ্রগতি |
|---|---|---|
| ২৭/০৮/২০১৮ | ৩০/১২/২০২২ | সার্বিক অগ্রগতি ৬৫% |
| ১ম তলা থেকে ১৫তলা পর্যন্ত Structural কাজ সম্পন্ন হয়েছে। অন্যান্য এবং ফিনিশিং কাজ চলমান রয়েছে। | | |

লাইব্রেরি ভবনের ভৌত অবস্থা পরিদর্শন এবং ডিজাইন অনুসারে বিভিন্ন রুমের পরিমাপ ও পরিবীক্ষণ:

প্রাপ্ত ফলাফলঃ ডিজাইন স্পেসিফিকেশন মোতাবেক পরিমাপ সঠিক পাওয়া গিয়েছে।কাজের মান ভাল দেখা গিয়েছে








চিত্রঃ লাইব্রেরি ভবনের ভৌত অবস্থা পরিদর্শন ও সরজমিনে পরিমাপ, হ্যামার টেস্ট

| ক্র: | কাজের বিবরণ | অনুমোদন অনুসারে করণীয় | মাঠ পর্যায়ে প্রাপ্ত অবস্থা | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ভবন এর প্লিন্থ এরিয়া (Plinth Area) | ১১২৮০ sft | ১১২৮০ sft | সঠিক |
| ২ | গ্রাউন্ড লেবেল(GL) থেকে এক্সিস্টিং গ্রাউন্ড লেবেল(EGL) এর উচ্চতা (height) | ২’ ২”(GL to EGL) | ২’ ২”(GL to EGL) | সঠিক |
| ৩ | কলাম থেকে কলামের দূরত্বঃ<br>কলামের ডায়াঃ | C১- C৩-২১’৯” (clear) ২৭’৬” ১৯’৪”, ১৭’১১” (৩০”X৪০”) (২০”X৩০”) | C১- C৩-২১’৯”(clear) ২৭’৬” ১৯’৪”, ১৭’১১” (৩০”X৪০”) (২০”X৩০”) | সঠিক |

| ক্র: | কাজের বিবরণ | অনুমোদন অনুসারে করণীয় | মাঠ পর্যায়ে প্রাপ্ত অবস্থা | মন্তব্য |
|---|---|---|---|---|
| ৪ | রুমের সাইজ (১ -২ টি) -<br>টয়লেটের সাইজ (১-২ টি) - | রুম (১৪’৫’’x২০’৮”)<br>টয়লেট (১১’৮”x ১০’-০”) | রুম(১৪’৫’’x২০’৮”)<br>টয়লেট (১১’৮”x ১০’-০”) | সঠিক |
| ৫ | Floor হতে Floor এর উচ্চতা (height) | ১১’৬”, ১৪’৬” | ১১’৬”, ১৪’৬” | সঠিক |
| ৬ | সিঁড়ির ধাপের সাইজ | ধাপ-১০’’/উচ্চতা ৬” | ধাপ-১০’’/উচ্চতা ৬” | সঠিক |
| ৭ | CC/ RCC এর Thickness<br>স্লাব/ সিলিন্ডার টেস্ট (স্তরে স্তরে) | Slub-৬”, ৮”, ৭”<br>টেস্ট (স্তরে স্তরে) | Slub- ৬”, ৮”, ৭<br>টেস্ট (স্তরে স্তরে) | সঠিক |
| ৮ | ইটের মান (সাইজ/ class/ color) | ১ম শ্রেণীর | ১ম শ্রেণীর | সঠিক |
| ৯ | রডের মান (Brand name/ Test স্তরে স্তরে) | BSRM/CSRM/KSRM/ SAS | BSRM/CSRM/KSRM<br>বর্তমানে SAS ব্যবহৃত হচ্ছে | সঠিক<br>ব্যত্যয় |
| ১০ | সিমেন্ট (Brand name/ Test স্তরে স্তরে) | fresh/ diamond/<br>কনফিডেন্স সিমেন্ট | কনফিডেন্স সিমেন্ট | সঠিক |
| ১১ | বালু পরীক্ষা (স্তরে স্তরে) | As stated in TS | লালবালু, ল্যাবটেস্ট করা হয়েছে | |
| ১২ | Stone chips (type/ Test স্তরে স্তরে) | Stated in Technical Specifications (TS) | সাদাওকালো stone chips, কালো বেশি ব্যবহার হয়েছে | সঠিক |
| ১৩ | Brick chips (type/ Test স্তরে স্তরে) | As stated in TS | Brick chips ব্যবহার হয়নি | - |
| ১৪ | দরজা জানালার পরিমাপ<br>কাঠের গুণগতমান | As stated in TS | দরজার কাজ চলমান।<br>কাঠের গুণগতমান ভাল | - |
| ১৫ | ক) প্লাস্টারের ফিনিশিং এর মান<br>খ) দেয়ালে নীল বর্ণ<br>গ) হানিকম্ব | As stated in TS | প্লাস্টারের ফিনিশিং এর কাজ চলমান | - |
| ১৬ | Site order book, Stock book | As stated in TS | Site order book এ নিয়মিত record নেই, Stock book আছে। | ব্যত্যয়<br>সঠিক |
| ১৭ | মাটির নিচে সমাপ্তি কাজের ছবি/video এবং পাইল ড্রাইভিং রের্কড | As stated in TS | মাটির নিচে সমাপ্তি কাজের ছবি এবং পাইল ড্রাইভিং রের্কড আছে | সঠিক |
| ১৮ | Shutter use: Steel/ bamboo/ Wooden | Steel shutter | Steel shutter ব্যবহৃত হচ্ছে | সঠিক |
| ১৯ | দক্ষ, কারিগরি এবং প্রয়োজনীয় জনবল | As stated in TS | প্রয়োজনীয় জনবল কম। | পর্যাপ্ত নেই |
| ২০ | ব্যবহৃত যন্ত্রপাতি এবং সরঞ্জাম | As stated in TS | যন্ত্রপাতি এবং সরঞ্জাম আছে। | সঠিক |
| ২১ | মেটেরিয়ালের টেস্ট রিপোর্ট | As stated in TS | আছে তবে পর্যাপ্ত নেই। | পর্যাপ্ত নেই |
| ২২ | কর্ম পরিকল্পনা (workplan) অনুসরণ | As stated in TS | কর্মপরিকল্পনা আছে | সঠিক |
| ২৩ | পিরিওডিক্যাল প্রগ্রেস রিপোর্ট | - | কোন প্রগ্রেস রিপোর্ট পাওয়া যায়নি | ব্যত্যয় |
| ২৪ | ডিজাইন/ লে আউট এবং BNBC অনুসরণ | BNBC এর সকল ক্রাইটেরিয়া অনুসরণ করা | BNBC এর সকল ক্রাইটেরিয়া অনুসৃত হচ্ছেনা | ব্যত্যয় |
| হ্যামার টেস্ট (অঙ্গের নাম): | | | | |
| ১। কলাম C -14= ৩৮,৪৪,৪২,৪০,৩৯,৪৯,৪২,৪০,৩৫,৪০,৩৫,৩৮<br>২।কলাম C-17 =৪০,৪২,৪০,৪১,৪২,৪১,৩৮,৫০,৪২,৪০,৩৬,৪৫<br>৩। বীম B2- 3rd Floor/ ৩৮,৪০,৩৬,৪১,৩৮,৪১,৩৮, ৪০,৩৬,৪২,৩৮.৪০<br>৪। 4th -B3 =৩৬,৩৮,৩৪,৩৮,৪৫,৪২,৩৯,৪২,৩৬,৩৪,৩৮,৪০<br>৫। 3rd Floor Slab=৪০,৩৬,৪১,৪৪,৪২,৪০,৪২,৪৪,৩৬,৪৩,৩৫,৩৭ | | | | |

### ৩। অবকাঠামোর/ উপাদানের নামঃ প্লাজা ব্লক চট্টগ্রাম মুসলিম ইনস্টিটিউট সাংস্কৃতিক কমপ্লেক্স

পরিদর্শনের তারিখঃ ০৮/০৪//২০২২ ইং থেকে ০৯/০৪//২০২২ ইং এবং ২৬/০৪/২০২২ ইং

| কাজ আরম্ভের তারিখ | চুক্তি অনুযায়ী কার্য সম্পাদনের তারিখ | কাজের সার্বিক অগ্রগতি |
|---|---|---|
| ২৭/০৮/২০১৮ | ৩০/১২/২০২২ | সার্বিক অগ্রগতি ২৭% |
| গ্রাউন্ড ফ্লোরের ছাদ ঢালাই সম্পন্ন হয়েছে। ১ম তলার কলামের কাজ চলমান রয়েছে। | | |

প্লাজা ব্লকের ভৌত অবস্থা পরিদর্শন, পরিমাপ ও পরিবীক্ষণ:

প্রাপ্ত ফলাফলঃ ডিজাইন স্পেসিফিকেশন মোতাবেক পরিমাপ সঠিক পাওয়া গিয়েছে।কাজের মান ভাল দেখা গিয়েছে









চিত্রঃ প্লাজা ব্লকের ভৌত অবস্থা পরিদর্শন ও সরজমিনে পরিমাপ ও টেস্ট

| ক্র: | কাজের বিবরণ | অনুমোদন অনুসারে করণীয় | মাঠ পর্যায়ে প্রাপ্ত অবস্থা | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ভবন এর প্লিন্থ এরিয়া (Plinth Area) | ১২৭০০+১৩৯০০ sft | ১২৭০০+১৩৯০০ sft | সঠিক |
| ২ | গ্রাউন্ড লেবেল (GL) থেকে এক্সিস্টিং গ্রাউন্ড লেবেল (EGL) এর উচ্চতা (height) | ২' ০"(GL to EGL) | ২' ০"(GL to EGL) | সঠিক |
| ৩ | কলাম থেকে কলামের দূরত্বঃ<br><br>কলামের ডায়াঃ | C-১৬'৪"(clear) ১৮'-০" ২৪'০"।<br>(৩০"x৪০")(২৫"dia) | C-১৬'৪"(clear) ১৮'-০"২৪'০"।<br>(৩০"x৪০")(২৫"dia) | সঠিক |
| ৪ | রুমের সাইজ(১ -২টি) -<br>টয়লেটেরসাইজ(১-২টি) - | রুম(১৮'০''x১০'২")<br>টয়লেট(২২'০"x ১২'-০") | রুম(১৮'০''x১০'২")<br>টয়লেট(২২'০"x ১২'-০") | সঠিক |
| ৫ | Floor হতে Floor এর উচ্চতা (height) | ১৭'৬", ২৩'৬" | ১৭'৬", ২৩'৬" | সঠিক |
| ৬ | সিঁড়ির ধাপের সাইজ | ধাপ-১০''/উচ্চতা ৬" | ধাপ-১০''/উচ্চতা ৬" | সঠিক |
| ৭ | CC/RCC এর Thickness<br>স্লাব/ সিলিন্ডার টেস্ট (স্তরে স্তরে) | Slub-৬", ৮"<br>টেস্ট (স্তরে স্তরে) | Slub- ৬", ৮"<br>টেস্ট (স্তরে স্তরে) | সঠিক |
| ৮ | ইটেরমান (সাইজ/ class/ color) | ১ম শ্রেণীর | ১ম শ্রেণীর | সঠিক |

| ক্র: | কাজের বিবরণ | অনুমোদন অনুসারে করণীয় | মাঠ পর্যায়ে প্রাপ্ত অবস্থা | মন্তব্য |
|---|---|---|---|---|
| ৯ | রডেরমান (Brand name/ Test স্তরে স্তরে) | BSRM/CSRM/KSRM/ SAS | BSRM/CSRM/KSRM বর্তমানে SAS ব্যবহৃত হচ্ছে | সঠিক |
| ১০ | সিমেন্ট (Brand name/ Test স্তরে স্তরে) | fresh/ diamond/ কনফিডেন্স সিমেন্ট | কনফিডেন্স সিমেন্ট স্তরে স্তরে Test নেই | সঠিক |
| ১১ | বালু পরীক্ষা (স্তরে স্তরে) | As stated in TS | লালবালু, ল্যাবটেস্ট করা হয়েছে | |
| ১২ | Stone chips (type/Test স্তরে স্তরে) | Stated in Technical Specifications (TS) | সাদা ও কালো stone chips, কালো বেশি ব্যবহার হয়েছে | সঠিক |
| ১৩ | Brick chips (type/Test স্তরে স্তরে) | As stated in TS | Brick chips ব্যবহার হয়নি | - |
| ১৬ | Site order book, Stock book | As stated in TS | Site order book এ নিয়মিত record নেই, Stock book আছে। | ব্যত্যয় সঠিক |
| ১৭ | মাটির নিচে সমাপ্তি কাজের ছবি/video এবং পাইল ড্রাইভিং রের্কড | As stated in TS | মাটির নিচে সমাপ্তি কাজের ছবি এবং পাইল ড্রাইভিং রের্কড আছে | সঠিক |
| ১৮ | Shutter use: Steel/ bamboo/ Wooden | Steel shutter | Steel shutter ব্যবহৃত হচ্ছে | সঠিক |
| ১৯ | দক্ষ, কারিগরি এবং প্রয়োজনীয় জনবল | As stated in TS | প্রয়োজনীয় জনবল কম। | পর্যাপ্ত নেই |
| ২০ | ব্যবহৃত যন্ত্রপাতি এবং সরঞ্জাম | As stated in TS | যন্ত্রপাতি এবং সরঞ্জাম আছে। | সঠিক |
| ২১ | মেটেরিয়ালের টেস্ট রিপোর্ট | As stated in TS | আছে তবে পর্যাপ্ত নেই। | ব্যত্যয় |
| ২২ | কর্মপরিকল্পনা (workplan) অনুসরণ | As stated in TS | কর্মপরিকল্পনা আছে | সঠিক |
| ২৩ | পিরিওডিক্যাল প্রগ্রেস রিপোর্ট | - | কোন প্রগ্রেস রিপোর্ট পাওয়া যায়নি | ব্যত্যয় |
| ২৪ | ডিজাইন/ লেআউট এবং BNBC অনুসরণ | BNBC এর সকল ক্রাইটেরিয়া অনুসরণ করা | BNBC এর সকল ক্রাইটেরিয়া অনুসৃত হচ্ছেনা | ব্যত্যয় |
| হ্যামার টেস্ট (অঙ্গের নাম): | | | | |
| ১। কলাম C১১= ৪৫,৪২,৪২,৪০,৪৫,৪২,৪২,৪৫,৪৫,৪৪,৪১,৪২<br>২।কলাম C১২ =৪৫,৪৪,৩৮,৪৪,৪৪,৪৮,৪৮,৪৪,৪৫,৪৫,৪২,৩৮ | | | | |

**৪। অবকাঠামোর/ উপাদানের নামঃ শহীদ মিনার,** চট্টগ্রাম মুসলিম ইনস্টিটিউট সাংস্কৃতিক কমপ্লেক্স

**শহীদ মিনার নির্মাণকাজ** পরিদর্শন এবং পর্যবেক্ষণ

পরিদর্শনের তারিখঃ ০৮/০৪//২০২২ ইং থেকে ০৯/০৪//২০২২ ইং এবং ২৬/০৪/২০২২ ইং

শহীদ মিনারের ম্যাট ফাউন্ডেশন এর কাজ সমাপ্ত হয়েছে এবং বেইজমেন্টের কাজ চলমান রয়েছে।





চিত্রঃ শহীদ মিনারের নির্মাণ কাজ পরিদর্শন এবং পর্যবেক্ষণ

| ৫। দরজার ফ্রেম, কাঠের পাল্লা ও নির্মাণ সামগ্রী (সিমেন্ট, রড, বালু) পরিদর্শন এবং পর্যবেক্ষণ | |
|---|---|
| পরিদর্শনের তারিখঃ ০৮/০৪//২০২২ ইং থেকে ০৯/০৪//২০২২ ইং এবং ২৬/০৪/২০২২ ইং | ফলাফলঃ ডিজাইন স্পেসিফিকেশন মোতাবেক পরিমাপ সঠিক পাওয়া গিয়েছে।কাজের মান মোটামুটি ভাল দেখা গিয়েছে |
|  |  |
|  |  |
| চিত্রঃ দরজার ফ্রেম, কাঠের পাল্লা, পাইপ ফিটিংস ও নির্মাণ সামগ্রী (সিমেন্ট, রড, বালু) পরিদর্শন এবং পর্যবেক্ষণ | |

## ৩.৪.২ ভবনের বিভিন্ন অঙ্গের হ্যামার টেস্ট এবং ফলাফল বিশ্লেষণ

মাঠ পর্যায়ে পরিদর্শনের সময় নির্মাণ কাজের গুণগতমান যাচাই এর জন্য ডিজাইন স্পেসিফিকেশন অনুযায়ী অবকাঠামোসমূহের বর্তমান অবস্থা প্রত্যক্ষ পর্যবেক্ষণের পাশাপাশি নির্মিত অবকাঠামোর ক্ষেত্রে কিছু অঙ্গের/ উপাদানসমূহের ফিল্ড ও ল্যাব টেস্ট করা হয়। যেমন নির্মিত ভবনের ক্ষেত্রে রিবাউন্ড হ্যামার টেস্ট এর মাধ্যমে ভবনের কলাম, বীম, স্লাব ও ওয়ালের কংক্রিটের স্ট্রেংথ (Strength) যাচাই করা হয়। রিবাউন্ড হ্যামার টেস্ট এ প্রাপ্ত ফলাফল নিম্নের ছকে দেখানো হলোঃ


সারণিঃ Rebound Hammer Test এর ফলাফলঃ

| ক্রঃ | অবকাঠামোর নাম | নমুনার বিবরণ/ টেস্টে প্রাপ্ত ফল | পরীক্ষার নাম | কাঙ্খিত ফলাফল | পরীক্ষার ফলাফল | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | **অডিটরিয়াম ভবন,** চট্টগ্রাম মুসলিম ইনস্টিটিউট সাংস্কৃতিক কমপ্লেক্স | ১। কলাম-(গ্রাউন্ড ফ্লোর) C-1= ৪৪,৪২,৪৪,৪৪,৪৪,৪২,৪০,৪২,৪৮,৪২ Angle 0$^o$ | Rebound Hammer Test | নূন্যতম গড়ে ৩০.০ mpa | ৪২.০০ – ৪৮.০ mpa (গড় ৪৩.২ mpa) | কাঙ্খিত ফলাফল পাওয়া গিয়েছে। |
| | | ২। কলাম (২য় তলা) C-7 =৪২,৪২,৪০,৪১,৪০,৪২,৪০,৪০,৩৬,৪২ Angle 0$^o$ | Rebound Hammer Test | নূন্যতম গড়ে ৩০.০ mpa | ৩৬.০০ – ৪২.০ mpa (গড় ৪০.৫ mpa) | কাঙ্খিত ফলাফল পাওয়া গিয়েছে। |
| | | ৩। বীম ২৩- (৪র্থ তলা) ৩৯,৪০,৪৪,৪০, ৩৯,৪২,৪৪,৪৪,৪০,৪২ | Rebound Hammer Test | নূন্যতম গড়ে ৩০.০ mpa | ৩৯.০০ – ৪৪.০ mpa (গড় ৪১.৪ mpa) | কাঙ্খিত ফলাফল পাওয়া গিয়েছে। |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | ৪। কলাম-(৪র্থ তলা)- ৪০,৪২,৪২,৪৬,৪০,৪৪,৪২,৪৪, ৪২,৪৩ | Rebound Hammer Test | নূন্যতম গড়ে ৩০.০ mpa | ৪০.০০ – ৪৬.০ mpa (গড় ৪২.৫ mpa) | কাঙ্খিত ফলাফল পাওয়া গিয়েছে। |
| ২ | লাইব্রেরি ভবনের হ্যামার টেস্ট | ১।কলাম C-14 (গ্রাউন্ড ফ্লোর)= ৩৮,৪৪,৪২,৪০,৩৯,৪৯,৪২,৪০,৩৫,৪০ ,৩৫,৩৮ Angle 0º | Rebound Hammer Test | নূন্যতম গড়ে ৩০ mpa | ৩৫.০– ৪৪.০ mpa (গড় ৩৭.৯১ mpa) | কাঙ্খিত ফলাফল পাওয়া গিয়েছে। |
| | | ২। কলাম -(গ্রাউন্ড ফ্লোর) C-17= ৪০,৪২,৪০,৪১,৪২,৪১, ৩৮, ৫০,৪২,৪০,৩৬,৪৫ Angle 0º | Rebound Hammer Test | নূন্যতম গড়ে ৩০ mpa | ৩৬.০– ৫০.০ mpa (গড় ৪১.২ mpa) | কাঙ্খিত ফলাফল পাওয়া গিয়েছে। |
| | | ৩। বীম -৪৬ (৩য় তলা) ৪২,৪২,৪১,৪৩,৪৩, ৪০,৪৪,৪৩,৪২,৪২ Angle৯0º | Rebound Hammer Test | নূন্যতম গড়ে ৩০ mpa | ৪০.০– ৪৪.০ mpa (গড় ৪২.২ mpa) | কাঙ্খিত ফলাফল পাওয়া গিয়েছে। |
| | | ৪। স্লাব (১৩তলা)- ৩০,৩২,২৮,২৯, ৩১,২৮,৩২,৩৩,২৬,২৮ Angle১৮0º | Rebound Hammer Test | নূন্যতম গড়ে ৩০ mpa | ২৬.০– ৩৩.০ mpa (গড় ২৯.৭ mpa) | কাঙ্খিত ফলাফল পাওয়া গিয়েছে। |
| | | ৫। বীম ৪০-( ১২ তলা) ৩৫,৩৫,৩৭,৩৫,৩৬,৩৫,৩২,৩৭,৩৫,৩৫ Angle৯0º | Rebound Hammer Test | নূন্যতম গড়ে ৩০ mpa | ৩২.০– ৩৭.০ mpa (গড় ৩৫.২ mpa) | কাঙ্খিত ফলাফল পাওয়া গিয়েছে। |
| | | ৬। সেয়ার ওয়াল - (১১ম তলা)- ৪৪,৪১,৪২,৪৩,৪০,৪১,৪৫,৪১, ৪২,৪০ Angle৯0º | Rebound Hammer Test | নূন্যতম গড়ে ৩০ mpa | ৪০.০– ৪৪.০ mpa (গড় ৪১.৯ mpa) | কাঙ্খিত ফলাফল পাওয়া গিয়েছে। |
| ৩ | প্লাজা ব্লকের হ্যামার টেস্ট | ১। কলাম C১১= ৪৫,৪২,৪২,৪০,৪৫, ৪২,৪২,৪৫,৪৫,৪৪,৪১,৪২ Angle 0º | Rebound Hammer Test | নূন্যতম গড়ে ৩০ mpa | ৪০.০– ৪৫.০ mpa (গড় ৪৩.১ mpa) | কাঙ্খিত ফলাফল পাওয়া গিয়েছে। |
| | | ২। কলাম C১২ =৪৫,৪৪,৩৮,৪৪,৪৪,৪৮,৪৮,৪৪,৪৫,৪৫,৪২,৩৮ Angle 0º | Rebound Hammer Test | নূন্যতম গড়ে ৩০ mpa | ৩৮.০– ৪৮.০ mpa (গড় ৪৪.৫ mpa) | কাঙ্খিত ফলাফল পাওয়া গিয়েছে। |

**রিবাউন্ড হ্যামার টেস্ট এর ফলাফল পর্যালোচনাঃ**

নির্মাণ কাজের গুণগতমান যাচাইয়ের জন্য নির্মাণাধীন **অডিটরিয়াম ভবন,** লাইব্রেরি ভবন এবং প্লাজা ব্লকের কলাম, বীম, স্লাব ও সেয়ার ওয়াল এর মোট ১২ টি স্থানে Rebound Hammer Test এর মাধ্যমে কংক্রিটের Strength যাচাই করা হয়েছে । অডিটরিয়াম ভবনের বিভিন্ন তলায় কলাম ও বীমের মোট ৪টি স্থানে হ্যামার টেস্ট করা হয়েছে এবং কাঙ্খিত ফলাফল পাওয়া গিয়েছে। নির্মাণাধীন লাইব্রেরি ভবনের বিভিন্ন তয়ায় কলাম, বীম, স্লাব ও সেয়ার ওয়াল এর মোট ৬টি স্থানে হ্যামার টেস্ট করা হয়েছে এবং কাঙ্খিত ফলাফল পাওয়া গিয়েছে। নির্মাণাধীন প্লাজা ব্লকের কলামের ২টি স্থানে হ্যামার টেস্ট করা হয়েছে এবং কাঙ্খিত ফলাফল পাওয়া গিয়েছে।



## BNBC অনুসারে করনীয়ঃ

১। পর্যাপ্ত নিরাপত্তা ব্যবস্থা (Sefety Measurement) নেয়া যেমন গার্ডবেইল, দূর্ঘটনা প্রতিরোধে বিল্ডিং এর চারদিকে নিরাপত্তার ব্যবস্থা, শ্রমিকের হেলমেট, গ্লাবস, গামবোট ইত্যাদি সাইটে সরবরাহ করা ।

২। সাইটে নির্মাণ কাজের তথ্য সম্বলিত ডিসপ্লে বোর্ড/ সাইন বোর্ড থাকা ।

৩। নির্মাণ সামগ্রী সময়ে সময় ও স্তরে স্তরে টেস্ট করা এবং নির্মাণ কাজের গুণগতমানের রেকর্ড রাখা ।

### ৩.৪.৩ নির্মাণ কাজে ব্যবহৃত বিভিন্ন মালামালের ল্যাবে গুণগতমান পরীক্ষা ও তার ফলাফল

অবকাঠামোর গুণগতমান যাচাইয়ের জন্য পরামর্শক ফার্ম কর্তৃক নির্মাণ কাজে ব্যবহৃত মেটেরিয়াল সিমেন্ট এর Fineness test ও Tensile Strength টেস্ট এবং 12 mm dia ও 20 mm dia Rebar এর Tensile Strength Test, Average Ultimate Strength, Average Elongation এবং Average Unit Weight টেস্ট চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (CUET) এর ল্যাবে করা হয়েছে এবং ল্যাব টেস্টে প্রাপ্ত ফলাফল কাঙ্খিত মাত্রায় পাওয়া গিয়েছে এবং কোন ব্যত্যয় পরিলক্ষিত হয়নি। মেটেরিয়ালের টেস্ট রিপোর্ট প্রতিবেদনের সংযুক্তি ২ এ দেয়া হয়েছে।

বিভিন্ন উপাদানের ল্যাব পরীক্ষার ফলাফল:

| ক্রঃ নং | স্কিমের নাম | নমুনার বিবরণ/ নাম | পরীক্ষার নাম | কাঙ্খিত ফলাফল | পরীক্ষার ফলাফল | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| **A. Rebar 12mm and 20 mm** | | | | | | |
| ১ | চট্টগ্রাম মুসলিম ইনস্টিটিউট সাংস্কৃতিক কমপ্লেক্স | 12 mm dia Rebar (CSRM) Brand | Tensile Strength Test | 400 MPa | 408.5 MPa | কাঙ্খিত মাত্রায় |
| ২ | | 20 mm dia Rebar (CSRM) Brand | Tensile Strength Test | 400 MPa | 446.9 MPa | কাঙ্খিত মাত্রায় |
| ৩ | | 12 mm dia Rebar (CSRM) Brand | Average Ultimate Strength | 600 MPa | 601.4 MPa | কাঙ্খিত মাত্রায় |
| ৪ | | 20 mm dia Rebar (CSRM) Brand | Average Ultimate Strength | 600 MPa | 662.7 MPa | কাঙ্খিত মাত্রায় |
| ৫ | | 12 mm dia Rebar (CSRM) Brand | Average Elongation (%) | 14-21 (%) | 19.70 (%) | কাঙ্খিত মাত্রায় |
| ৬ | | 20 mm dia Rebar (CSRM) Brand | Average Elongation (%) | 14-21 (%) | 14.29 (%) | কাঙ্খিত মাত্রায় |
| ৭ | | 12 mm dia Rebar (CSRM) Brand | Average Unit Weight(kg/m) | 0.88 kg/m | 0.90 kg/m | কাঙ্খিত মাত্রায় |
| ৮ | | 20 mm dia Rebar (CSRM) Brand | Average Unit Weight(kg/m) | 2.866 kg/m | 2.54 kg/m | কাঙ্খিত মাত্রায় |
| **B. Cement Test** | | | | | | |
| ১ | চট্টগ্রাম মুসলিম ইনস্টিটিউট সাংস্কৃতিক কমপ্লেক্স | Cement Test (Confidence Brand) | Fineness test Tensile Strength | | | |
| | | | | | | |

**নির্মাণ কাজে ব্যবহৃত ইটের ফিল্ড টেস্টঃ**

নির্মাণ কাজের গুণগতমান যাচাইয়ের জন্য ফিল্ডে ইটের টি টেস্ট করা হয় এবং প্রাপ্ত ফলাফল নিম্নের সারণিতে উল্লেখ করা হলো-

| ক্রঃ নঃ | স্কিমের নাম | নমুনার বিবরণ/ নাম | পরীক্ষার নাম | পরীক্ষার ফলাফল |
|---|---|---|---|---|
| ১ | চট্টগ্রাম মুসলিম ইনস্টিটিউট সাংস্কৃতিক কমপ্লেক্স | ইট -১ | টি টেস্ট | টেস্টে ইট অক্ষত ছিল অর্থাৎ ফলাফল কাঙ্খিত মাত্রায়। পাওয়া গিয়েছে |
| ২ | | ইট -২ | টি টেস্ট | টেস্টে ইট অক্ষত ছিল অর্থাৎ ফলাফল কাঙ্খিত মাত্রায়। পাওয়া গিয়েছে |

## ৩.৪.৩.১ নির্মাণকারী সংস্থা কর্তৃক যেসকল টেস্ট করা হয়েছে তা বিশ্লেষন ও পর্যালোচনা

নির্মাণকারী সংস্থা কর্তৃক নির্মাণকালীন সময়ে যেসকল টেস্ট করা হয়েছে তার রিপোর্ট বিশ্লেষন ও পরিবীক্ষণ করে দেখা হয়েছে এবং ফলাফল কাঙ্খিত পরিমানে পাওয়া গিয়েছে। নিম্নে কিছু নমুনা টেস্টের বিশ্লেষণ দেওয়া হলোঃ

1. Project : Chittagong Muslim Institute culture complex
   Sample test : Sand (source: Sylhet)
   Test : Sieve Analysis of Sand (ASTM C136)
   Date Of Test : 23/08/2021

Sieve Analysis of Sand (F.M 2.96)

| Sieve Size | Material Retained | percent of Material Retained | Cumulattive % Retained | Percent Finer | Fineness Modulus |
|---|---|---|---|---|---|
| mm | gm | % | % | % | |
| 6.35 | 3.7 | 1 | 1 | 99 | 2.96 (two point nine six) |
| 4.75 | 2.7 | 1 | 2 | 98 | |
| 2.36 | 17.3 | 6 | 8 | 92 | |
| 1.18 | 62.3 | 21 | 29 | 71 | |
| 0.6 | 112.8 | 38 | 66 | 34 | |
| 0.15 | 22.0 | 25 | 92 | 8 | |
| 0.075 | 3.0 | 7 | 99 | 1 | |
| Pan | 0.5 | 1 | 100 | 0 | |
| Total | 300 | 0 | | | |

**ফলাফল পর্যালোচনাঃ** Sieve Analysis of Sand (ASTM C136) এর যাচাই করা জন্য নির্মাণকারি সংস্থা কর্তৃক বুয়েটে টেস্ট করা হয়। টেস্টের প্রাপ্ত ডাটা বিশ্লেষনে দেখা যায় যে প্রাপ্ত ফলাফল (F.M 2.96) এর কাঙ্খিত মাত্রার মধ্যে পাওয়া গিয়েছে।

2. Project Name : Establishment of Chittagong Muslim Institute Cultural Complex
Name of Test : Compressive Strength Test of Cylinder( Casting of Pile)
Sample : Sealed
Target Strentgth : 21 Mpa
Ratio : 1:1.5: 3
Date of Test : 27/06/2019

| Sl No | Diameter (cm) | Date of Casting | Date of Crushing | Strength Mpa( psi) | Avg. Strength Mpa ( psi) |
|---|---|---|---|---|---|
| 1 | 10.08 | 28/05/2019 | 01/07/2019 | 37.3 ( 5410) | 36.3 (5260) |
| 2 | 10.10 | 28/05/2019 | 01/07/2019 | 34.9( 5060) | |
| 3 | 10.05 | 28/05/2019 | 01/07/2019 | 36.7 (5320) | |
| Remarks | | | | | |

**ফলাফল পর্যালোচনাঃ** Compressive Strength Test of Cylinder(Casting of Pile) এর Strength যাচাই করা জন্য বুয়েটে টেস্ট করা হয়েছে। টেস্টে প্রাপ্ত ডাটা বিশ্লেষনে দেখা যায় যে Compressive Strength Test of Cylinder প্রাপ্ত ফলাফল (36.3 Mpa/psi) কাঙ্খিত মাত্রায় পাওয়া যায়। ডিজাইন অনুসারে কাঙ্খিত Strentgth:(21 Mpa/psi) । টেস্টে প্রাপ্ত Strength কাঙ্খিত মাত্রায় রয়েছে।

3. Project Name : Establishment of Chittagong Muslim Institute Cultural Complex
Name of Test : Compressive Strength Test of Cylinder
Sample : Cylinder(Aggregate Stone chips)
Location : Ground Floor Roof (Library Building)
Ratio : 1:1.5: 3
Date of Test : 09/12/2020

| Sl No | Date of Casting as per the letter | Specimen Designation/ Frog Mark | Specimen Area | Maximum Load | Crushing Strength | Avarage Crushing Strength | Mode of Failure |
|---|---|---|---|---|---|---|---|
| | | | (sq in) | (Ib) | (psi) | | |
| 1 | 06.11.2020 33 Days Test | - | 12.92 | 81.090 | 6.276 | 6820 Psi 47 Mpa ( 480 kg/cm^2) | Combined* |
| 2 | | - | 12.67 | 92.293 | 7.284 | | Combined* |
| 3 | | - | 12.42 | 85.571 | 6.890 | | Combined* |

**ফলাফল পর্যালোচনাঃ** লাইব্রেরি ভবনের Ground Floor Roof এর Compressive Strength Test of Cylinder (Cylinder Aggregate Stone chips) বুয়েটের ল্যাবে করা হয়। লাইব্রেরি ভবনের Ground Floor Roof এর Compressive Strength of Cylinder এর প্রাপ্ত ফলাফল (47 Mpa 6820 psi (480kg/cm^2) কাঙ্খিত মাত্রায় পাওয়া যায়। ডিজাইন অনুসারে কাঙ্খিত Strentgth:(30mpa/4350psi) । লাইব্রেরি ভবনের Ground Floor Roof এর Compressive Strength কাঙ্খিত মাত্রায় রয়েছে।

4. Project Name : Establishment of Chittagong Muslim Institute Cultural Complex
Name of Test : Compressive Strength Test of Cylinder
Sample : Cylinder (Aggregate Stone chips)
Location : Auditorium Building Ground Floor(Beam & Column)
Ratio : 1:1.25: 2.50
Date of Test : 09/12/2020

| Sl No | Date of Casting as per the letter | Specimen Designation/ Frog Mark | Specimen Area | Maximum Load | Crushing Strength | Avarage Crushing Strength | Mode of Failure |
|---|---|---|---|---|---|---|---|
| | | | (sq in) | (Ib) | (psi) | | |
| 1 | 05.11.2020 34 Days Test | - | 12.92 | 92.293 | 7.284 | 6960 Psi 48 Mpa ( 489 kg/cm^2) | Combined* |
| 2 | | - | 12.67 | 81.090 | 6.276 | | Combined* |
| 3 | | - | 12.67 | 92.741 | 7.320 | | Combined* |

**ফলাফল পর্যালোচনাঃ** অডিটোরিয়াম ভবনে Ground Floor(Beam & Column) এর Cylinder এর Compressive Strength (Cylinder Aggregate Stone chips) যাচাই করার জন্য ল্যাবে টেস্ট করা হয়েছে। অডিটোরিয়াম ভবনে Ground Floor(Beam & Column) প্রাপ্ত ফলাফল (48 Mpa 6960 psi(489kg/cm^2) পাওয়া গিয়েছে। ডিজাইন অনুসারে কাঙ্খিত Strentgth:(30mpa/4350psi) । টেস্টের প্রাপ্ত ডাটা বিশ্লেষনে দেখা যায় যে Strength কাঙ্খিত মাত্রায় রয়েছে।

5. Project Name : Establishment of Chittagong Muslim Institute Cultural Complex
Name of Test : Compressive Strength Test of Cylinder
Sample : Cement (Brand:Confidence Stone chips)
Location : Auditorium Building Ground Floor(Beam & Column)
Date of Test : 16/6/2021

| Conpressive Strength psi & | Age | 3 Days | 7 Days | 28 Days |
|---|---|---|---|---|
| | Date | 19 June -21 | 23 June -21 | 14 Ju-l-21 |

| | | | | |
|---|---|---|---|---|
| (mpa) ASTM 109-11b | In Figure | **3480 Psi**<br>**24 Mpa** | **4550 Psi**<br>**31.4 Mpa** | **5760 Psi**<br>**39.7 Mpa** |
| | In Word | Tree thousend four hundread eighty Psi | Four thousend five hundread fifty Psi | five thousend seven hundread sixty Psi |
| Standard/optional * Requirements for PC Type ASTM C150-19a | | **1740 psi**<br>**12 mpa** | **2760 psi**<br>**19 mpa** | **4060 psi**<br>**28 mpa** |
| Mixing Water v Temperture | | **22.5C** | Curing Water Temperture | **20.5-25c** |

| Water Nomal consistency ASTM C150-19a | | initial Setting time (minutes) ASTM C150-08 | | Final Setting time (minutes) ASTM C150-08 | |
|---|---|---|---|---|---|
| Standard/optional * Requirements for PC Type ASTM C150-19a | Test Result | Standard/optional * Requirements for PC Type ASTM C150-19a | Test Result | Standard/optional * Requirements for PC Type ASTM C150-19a | Test Result |
| **...............** | **24%** | Not less than 45 minutes | **150** | not more than 375 minutes | **295** |

| Fineness Specific Surface) m^2 /kg ASTM C204-11 | | Density/Specific Gravity (gm/cc): ASTM C188-09 | | Weight of Cement Bag (kg) | |
|---|---|---|---|---|---|
| Standard/optional* Requirements for PC Type ASTM C150-19a | Test Result | Standard/optional* Requirements for PC Type ASTM C150-19a | Test Result | Standard/optional* Requirements for PC Type ASTM C150-19a | Test Result |
| Minimum 260m^2/kg | **410** | **...............** | **..........** | **...............** | **...............** |

**ফলাফল পর্যালোচনাঃ** অডিটোরিয়াম ভবনে Ground Floor (Beam & Column) এর Compressive Strength Test of Cylinder: Cement(Brand:Confidence Stone chips) Portland Cement এর Strength যাচাই করা জন্য টেস্ট করা হয়েছে। Compressive Strength Test of Cylinder(Brand:Confidence Stone chips) ৩দিনে (24Mpa 3480psi) এবং ৭ দিনের (31.4 Mpa 4550psi) এবং ২৮দিনের প্রাপ্ত ফলাফল (39.7Mpa5760psi) । ডিজাইন অনুসারে কাঙ্খিত Strentgth: (25mpa/3625psi . টেস্টে প্রাপ্ত ডাটা বিশ্লেষনে দেখা যায় যে ফলাফল কাঙ্খিত মাত্রায় অর্থাৎ Strength কাঙ্খিত মাত্রায় রয়েছে।

6. Project Name : Establishment of Chittagong Muslim Institute Cultural Complex
Name of Test : Compressive Strength (Ref: Standard:ASTM c39-18)
Date Of casting : 28/07/2021
Date of Crushing : 31/08/2021 :
Location : Library Building 8th Floor Column Casting
Ratio : 1:1.5: 3
Age of Specimen : 34 Days
Date of Test : 31/08/2021

| Sl No | Average Diameter mm | Cross-sectional area,mm | Maximum Load,KN | Compressive Strength Mpa/psi | Avarage Cropressive Strength Mpa/psi | *Failure Mode |
|---|---|---|---|---|---|---|
| 1 | 100.5 | 7933 | 279 | 35.2(5100) | 5310 Psi<br>36.6 Mpa | Mode-3 |
| 2 | 100.5 | 7933 | 285 | 35.9(5210) | | Mode-3 |
| 3 | 100.5 | 7933 | 308 | 38.8(5630) | | Mode-3 |

*Mode-1: Mortar Failure Mode-2: Aggregate Failure Mode-3: Combined Failure

**ফলাফল পর্যালোচনাঃ** লাইব্রেরি ভবনে ৮ম তলা ৩৪তম দিনের কলাম কাস্টিং এ Compressive Strength (Ref: Standard:ASTM C-39-18) যাচাই করা জন্য টেস্ট করা হয়েছে। কলাম কাস্টিংটেস্ট করা হয় Compressive Strength ফলাফল (36.6 Mpa 5310 psi) পাওয়া গিয়েছে। ডিজাইন অনুসারে কাঙ্খিত Strentgth: (25mpa/3625psi) । টেস্টের প্রাপ্ত ডাটা বিশ্লেষনে দেখা যায় যে প্রাপ্ত Strength কাঙ্খিত মাত্রায় রয়েছে।

নির্মাণাধীন অবকাঠামোর বিভিন্ন রুম, কলাম, বীম, সিঁড়ি, ভৌত পরিমাপ এবং প্লিন্থ এরিয়া পরিমাপ করা হয়েছে এবং ডিজাইন অনুসারে পরিমাপ সঠিক পাওয়া গিয়েছে। নির্মাণকারী প্রতিষ্ঠান কর্তৃক নির্মাণকালীন সময়ে যে সকল টেস্ট করা হয়েছে তার কয়েকটি নমুনা টেস্ট রিপোর্ট পুঙ্খানুপুঙ্খভাবে বিশ্লেষণ করা হয়েছে এবং ফলাফল কাঙ্খিত মাত্রায় পাওয়া গিয়েছে। এছাড়াও নির্মাণ কাজের গুণগতমান যাচাইয়ের জন্য পরামর্শক ফার্ম এম আর কন্সালট্যান্টস কর্তৃক নির্মাণাধীন ভবনের বিভিন্ন তলার কলাম, বীম, স্লাব ও সেয়ার ওয়ালের এর মোট ১২টি স্থানে রিবাউন্ড HammerTest টেস্ট করা হয়েছে এবং প্রাপ্ত ফলাফল কাঙ্খিত ফলাফলের মধ্যে পাওয়া গিয়েছে। নির্মাণ কাজে ব্যবহৃত ইটের মোট ২টি টি টেস্ট করা হয়েছে এবং কাঙ্খিত মাত্রায় ফলাফল পাওয়া গিয়েছে। এছাড়াও পরামর্শক ফার্ম কর্তৃক নির্মাণ কাজে ব্যবহৃত মেটেরিয়াল রড এবং সিমেন্টের টেস্ট চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (CUET) এর ল্যাবে করা হয়েছে এবং ল্যাব টেস্টে প্রাপ্ত ফলাফল কাঙ্খিত মাত্রায় পাওয়া গিয়েছে। সাইটে কারিগরি এবং অন্যান্য জনবল কম রয়েছে । নির্মাণ কাজে পর্যাপ্ত সেফটি বা নিরাপত্তা ব্যবস্থা পরিলক্ষিত হয়নি । নির্মাণ কাজে ব্যবহৃত মেটেরিয়ালের পর্যাপ্ত সংখ্যক স্তরে স্তরে টেস্ট করা হয়নি। সাইট পরিদর্শনে Site Order Book এ নিয়মিত Record পরিলক্ষিত হয়নি । পিরিওডিক্যাল প্রগ্রেস রিপোর্ট পাওয়া যায়নি। নির্মাণ কাজে BNBC এর সকল ক্রাইটেরিয়া পুরোপুরি অনুসৃত হচ্ছে না।


### ৩.৫ পিআইসি এবং পিএসসি সভা অনুষ্ঠানের তথ্যাবলী

পিআইসি এবং পিএসসি সভা অনুষ্ঠানের তথ্যাবলী নিম্নরূপ:

| ক্রঃ নং | পিআইসি সভা | পিএসসি সভা | মনিটরিং সভা |
|---|---|---|---|
| ১ | ২৪.০৯.২০১৮ খ্রিঃ | ১১.০৬.২০১৮ খ্রিঃ | - |
| ২ | ২১.০৩.২০১৯ খ্রিঃ | ১৩.০২.২০১৯ খ্রিঃ | - |
| ৩ | ০৪.০৫.২০২১ খ্রিঃ | ২৬.০৫.২০১৯ খ্রিঃ | - |
| ৪ | ২৩.১১.২০২১ খ্রিঃ | ১০.০৬.২০২০ খ্রিঃ | - |
| ৫ | - | ০৮.০৯.২০২১ খ্রিঃ | - |

পর্যালোচনায় দেখা যায় যে, প্রকল্প শুরু থেকে অদ্যাবধি অর্থাৎ ১ জানুয়ারি ২০১৮ হতে এপ্রিল ২০২২ পর্যন্ত মোট ৪ টি পিআইসি সভা এবং মোট ৫ টি পিএসসি সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত বিভিন্ন বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়। ডিপিপি অনুযায়ী উক্ত সময়ের মধ্যে কমপক্ষে ২৬টি পিআইসি এবং ৫টি পিএসসি সভা অনুষ্ঠিত হওয়ার কথা ছিল। উল্লেখিত সময়ে ৫টি পিএসসি সভা অনুষ্ঠিত হলেও তা নির্ধারিত সময়ে অনুষ্ঠিত হয়নি এবং পিআইসি সভা খুবই কম ২৬ টির মধ্যে মাত্র ৪টি অনুষ্ঠিত হয়েছে।

পিএসসি সভায় ভুমি সংক্রান্ত বিষয়, প্রকল্প বাস্তবায়নের মেয়াদ বৃদ্ধি, ও বাস্তবায়ন জনিত বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়। পিআইসি সভায় প্রকল্প বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা এবং বাস্তবায়ন জনিত অন্যান্য বিষয় নিয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়। অবশিষ্ট কাজ সময়মত সম্পন্ন করার যথাযথ ব্যবস্থা গ্রহণে পিডব্লিউডির সংশ্লিষ্ট প্রতিনিধিকে নির্দেশনা প্রদান এবং তা বাস্তবায়নের প্রত্যাশী সংস্থার সমন্বয় জোরদার করার উপর পিএসসি সভায় মতামত গৃহীত হয় ।



চিত্রঃ পিআইসি এবং পিএসসি সভা অনুষ্ঠান

## ৩.৬ প্রকল্পের অডিট সম্পর্কিত তথ্যাবলী

প্রকল্প বাস্তবায়নে গণগ্রন্থাগার অধিদপ্তর অংশের অডিট অধিদপ্তর কর্তৃক বিগত ১৪/১০/২০২১ তারিখে ২০২০-২০২১ অর্থবছর পর্যন্ত নিরীক্ষা সম্পন্ন হয়েছে এবং কোন অবজারভেশন বা অডিট আপত্তি উত্থাপিত হয়নি। পিডব্লিউডি অংশের অডিট বিগত ২০১৯-২০ অর্থ বছরে পূর্ত অডিট অধিদপ্তর কর্তৃক করা হয়েছে এবং অডিট আপত্তি উত্থাপিত হয়েছে। এছাড়াও পিডব্লিউডি অংশের ২০১৯-২০ অর্থবছরে পূর্ত অডিট অধিদপ্তর এবং অভ্যন্তরীণ নিরীক্ষা পরিদপ্তর কর্তৃক অডিট সম্পন্ন হয়েছে। ২০২০-২১ অর্থ বছরের আভ্যন্তরীণ নিরীক্ষা পরিদপ্তর এবং শিক্ষা অডিট অধিদপ্তর কর্তৃক অডিট সম্পন্ন হয়েছে। ২০১৯-২০ অর্থ বছরে ২ টি এবং ২০২০-২১ অর্থ বছরে ৬টি আপত্তি উত্থাপিত হয়েছে। এর মধ্যে ৩ টির ব্রডশীট জবাব দেওয়া হয়েছে এবং ২০১৯-২০ অর্থ বছরের ১টি এবং ২০২০-২১ অর্থ বছরের ১টি সহ মোট ২টির আপত্তি নিষ্পত্তি হয়েছে। বাকী ৫টি আপত্তির ব্রডশীট জবাব প্রদান করা হয়নি । বিস্তারিত নিম্নের ছকে উল্লেখ্য করা হলোঃ

| অর্থবছর | আপত্তির বিবরন | জড়িত অর্থ | অবস্থা/ পর্যায় |
|---|---|---|---|
| ২০১৯- ২০ | (পূর্ত অডিট অধিদপ্তর)- একনেক কর্তৃক অনুমোদিত ডিপিপি মূল্য অপেক্ষা অতিরিক্ত প্রাক্কলন ও চুক্তিমূল্য অনুমোদন এবং কার্য সম্পাদন। | টাকা- ৩১,৫৩,৩৭,০১৭/- | অনিষ্পন্ন। আপত্তির ব্রডশীট জবাব মন্ত্রণালয়ের মাধ্যমে মহাপরিচালক পূর্ত এর কার্যালয়ে প্রেরণ করা হয়েছে। |
| | (অভ্যন্তরীণ নিরীক্ষা পরিদপ্তর)- সিটু পাইল কাষ্টিং আইটেমে ডায়া বেশী দেখিয়ে ঘনমিটার বেশী পরিমাপ রেকর্ড এর মাধ্যমে সরকারের অপচয় সাধন। | টাকা- ৭,৫৫,৬৭০/- | নিষ্পত্তি সম্পন্ন হয়েছে। |
| ২০২০- ২১ | (অভ্যন্তরীণ নিরীক্ষা পরিদপ্তর)- সরকারী আইন ও চুক্তিপত্রের শর্ত মোতাবেক বীমা না করায় সরকার ভ্যাট বাবদ ১৩,৬৮,৬৭৫/- টাকা রাজস্ব আয় হতে বঞ্চিত। | মুসলিম ইনস্টিউট সাংস্কৃতিক কেন্দ্রের জন্য ১৩,৬৮,৬৭৫/- | নিষ্পত্তি সম্পন্ন হয়েছে। |
| | (শিক্ষা অডিট অধিদপ্তর)-একনেক কর্তৃক অনুমোদিত ডিপিপি মূল্য অপেক্ষা অতিরিক্ত প্রাক্কলন ও চুক্তিমূল্য অনুমোদন এবং কার্য সম্পাদন। | টাকা- ৩১,০০,৬৫,৮৯৯/- | অনিষ্পন্ন। ব্রডশীট জবাব প্রদান করা হয়নি । |
| | (শিক্ষা অডিট অধিদপ্তর) -চুক্তি মোতাবেক নির্ধারিত সময়ে কার্য সম্পাদনে ব্যর্থ ঠিকাদারের বিল হতে লিকুইডেটেড ডেমেজ কর্তন না করায় সরকারের আর্থিক ক্ষতি। | টাকা-৫০,৫৯,৯৫০/- | অনিষ্পন্ন। ব্রডশীট জবাব প্রদান করা হয়নি । । |
| | (শিক্ষা অডিট অধিদপ্তর)-PWD রেইট সিডিউল ২০১৪ এর দর অপেক্ষা অতিরিক্ত দরে ঠিকাদারের রডের মূল্য পরিশোধ করায় আর্থিক ক্ষতি। | টাকা- ৩,২৮,৩৬,৬১৮/- | অনিষ্পন্ন। ব্রডশীট জবাব প্রদান করা হয়নি । |
| | (শিক্ষা অডিট অধিদপ্তর)-Water proofing এর মাপ উল্লেখ ব্যাতিরেকে এমবিতে রেকর্ড করে ঠিকাদারকে বিল পরিশোধ করায় সরকারের অতিরিক্ত ব্যায়। | টাকা- ৪৫,৮৯,৮৪৯/- | অনিষ্পন্ন। ব্রডশীট জবাব প্রদান করা হয়নি । |

| | | | |
|---|---|---|---|
| | (শিক্ষা অডিট অধিদপ্তর)-অনুমোদিত নকশা অপেক্ষা ইমারতের Length and Breath অপেক্ষা canopy এর মাপ বেশী দেখিয়ে এর মাপ এমবিতে বেশী রেকর্ড করে ঠিকাদারকে বিল পরিশোধ করায় আর্থিক ক্ষতি। | টাকা- ৫,৮৩,৮৫৬/- | অনিষ্পন্ন। ব্রডশীট জবাব প্রদান করা হয়নি । |

### ৩.৭ ডিপিপি প্রণয়নে দুর্বলতা এবং ডিপিপি সংশোধনের কারণসমূহ

**ডিপিপি প্রণয়নে দুর্বলতাঃ**

১. ডিপিপি প্রণয়ন কালে প্রকল্পের এক্সিট প্ল্যান সম্পর্কে কোন সুনির্দিষ্ট নির্দেশ বা মতামত প্রদান করা হয়নি।

২. প্রকল্পের আওতায় সৃষ্ট যাবতীয় সুবিধাদির রক্ষণাবেক্ষণ ও পরিচর্যায় প্রয়োজনীয় জনবল কাঠামো সম্পর্কে কোন নির্দেশনা প্রদান করা হয়নি।

৩. জনবল নিয়োগ এবং তাদের বেতন ভাতাদির সংস্থানের লক্ষ্যে রাজস্ব খাতে বরাদ্দ নিশ্চিতকরণে করণীয় সম্পর্কে কোন মতামত নেই।

৪. প্রকল্পের ক্রয় পরিকল্পনায় সমন্বয়ের অভাব পরিলক্ষিত হয়। সমন্বিত পূর্ত কাজগুলোকে একটি পূর্ত প্যাকেজের আওতায় না রেখে বিভক্ত করা হয়েছে যা ভিন্ন ভিন্ন ঠিকাদার কর্তৃক নির্মাণ বা বাস্তবায়ন অত্যন্ত দুরূহ।

৫. কার্য প্যাকেজের সাথে সংশ্লিষ্ট সুবিধা বা যন্ত্রপাতিকে একটি প্যাকাজের আওতায় না রেখে আলাদা একটি পণ্য প্যাকেজ হিসেবে পরিকল্পনা করা।

**ডিপিপি সংশোধনের কারণসমূহঃ**

প্রকল্প বাস্তবায়নে ডিপিপি সংশোধনের কারণসমূহ নিম্নে উল্লেখ করা হলো-

১। পুরাতন মুসলিম ইনস্টিটিউট ও পাবলিক লাইব্রেরী ভবন অপসারণের কাজ বিলম্বে শুরু হওয়ার ফলে প্রকল্পের মূল কাজ শুরু করতে বেশ কিছু সময় অতিবাহিত হয়। যার কারণে প্রকল্পের সময় বৃদ্ধিকরণ সহ প্রকল্প সংশোধনের প্রয়োজন হয়।

২। প্রকল্পের অংশ বিশেষ যেমন মেইন রোডর দক্ষিণ পাশের প্লাজা, শহীদ মিনার, ওপেন থিয়েটার ও মঞ্চ ইত্যাদির নির্মাণ সাইট বুঝে না পাওয়ায় কাজ বাস্তবায়নে অতিরিক্ত সময় প্রয়োজন হয়।

৩। প্রকল্পটিকে একটি আধুনিক ও দৃষ্টিনন্দন স্থাপনা হিসেবে গড়ে তোলার ক্ষেত্রে প্রত্যাশী সংস্থার চাহিদার প্রেক্ষিতে স্থাপত্য নকশায় সংশোধনসহ কিছু অত্যাবশ্যকীয় আইটেম সংযোজন করা হয়েছে। ফলে ডিপিপিভুক্ত কিছু আইটেম হ্রাস বা বৃদ্ধি ঘটায় ডিপিপি সংশোধনের প্রয়োজন দেখা দেয়।

৪। ডিপিপিতে শুধুমাত্র মূল অডিটোরিয়াম ভবনের এ্যাকুইস্টিক কাজ, স্টেইজ ও সাউন্ড সিস্টেম কাজ অর্ন্তভুক্ত ছিল। সংশোধিত ডিপিপিতে ৯০০ জন ধারণ ক্ষমতা সম্পন্ন থিয়েটার হল, ৩৫০ জন ধারন ক্ষমতা সম্পন্ন এক্সপেরিমেন্টাল থিয়েটার হল, ২০০ জন ও ১০০ জন ধারণ ক্ষমতা সম্পন্ন সেমিনার হলসমূহ যুগোপযোগী করণের নিমিত্তে ৪টি হল এ একুইস্টিক সিস্টেম, অভ্যন্তরীন আলোকসজ্জা, নয়েজ ফ্রি সাউন্ড সিস্টেম ইত্যাদির জন্য ব্যয় বৃদ্ধি প্রয়োজন।

৫। ভাস্কর্য ও গার্ডেন নির্মাণ কাজে বঙ্গবন্ধু আবক্ষ প্রতিকৃতি স্থাপন সহ পানির ফোয়ারা নির্মাণের জন্য ব্যয় বৃদ্ধি প্রয়োজন।

৬। পয়ঃ নিষ্কাশন ড্রেন এবং সীমানা প্রাচীরের দৈর্ঘ্য বৃদ্ধি পাওয়ায় ও নান্দনিকতার জন্য ব্যয় বৃদ্ধি প্রয়োজন।

৭। সংযোগ সড়ক, ফুটপাথ ও গার্ডসেড নির্মাণ কাজের পরিমাণ বৃদ্ধি পাওয়ায় জন্য ব্যয় বৃদ্ধি প্রয়োজন।

৮। ডিপিপিতে কনফারেন্স রুম ও ট্রেনিং রুমে ফলস সিলিং ও বিটি ভিনিয়ার্ড ওয়াল প্যানেলিং কাজ অর্ন্তভুক্ত ছিল। কিন্তু সেন্ট্রাল এসি'র ডাক্ট ঢাকা ও সৌন্দর্য বর্ধনের জন্য স্থপতির চাহিদা অনুসারে ৮ তলা অডিটরিয়ামের সকল লবি অংশে ও ১৫ তলা লাইব্রেরী ভবনে সকল ছাদে ফলস সিলিং অন্তর্ভুক্ত করায় ব্যয় বৃদ্ধি প্রয়োজন।

৯। ফুড গার্ডেন, ক্যাফে ভবন এবং মসজিদ ও মার্কেট ইত্যাদির নির্মাণ কাজ প্রকল্প হতে বাদ দেয়ায় প্রকল্প ব্যয় হ্রাস পেয়েছে। এক্ষেত্রে ডিপিপি সংশোধনের প্রয়োজন দেখা দেয়।

১০। অনুমোদিত স্থাপত্য নকশায় অডিটোরিয়াম অংশে একটি অতিরিক্ত লিফট কোর দেখানো হয়েছে ফলে ১টি লিফট স্থাপন কাজ অন্তর্ভুক্ত করা হয়েছে। এছাড়া স্টেজলাইট, উডসিষ্টেম, মাসেডলাইট ইত্যাদি কাজের জন্য মূল্যবৃদ্ধি পেয়েছে।

১১। অতি বৃষ্টি ও করোনা ভাইরাস আক্রমণ জনিত কারণে দীর্ঘ দিন যাবত নির্মাণ কাজ বন্ধ থাকার কারণে জন্য সময় বৃদ্ধির প্রয়োজন হয়।

নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জিত না হওয়ায় প্রকল্পের মেয়াদ বৃদ্ধিসহ প্রকল্পের ব্যয় নির্বাহের জন্য প্রকল্পটি সংশোধন প্রয়োজন হয়।

## ৩.৮ প্রকল্পের উদ্দেশ্য ও লগ ফ্রেমের আলোকে অর্জন অবস্থা পর্যোলোচনা ও পর্যবেক্ষণ

চট্টগ্রামে মুসলিম ইনস্টিটিউট সাংস্কৃতিক কমপ্লেক্স সমাজের আধুনিক প্রয়োজনে ব্যবহারকারীদের সাংস্কৃতিক, সামাজিক এবং গবেষণা কর্মকান্ডের পাশাপাশি অগ্রগতির প্রয়োজনীয়তা পূরণের উদ্দেশ্যে একটি মাল্টিপারপাস কালচারাল কমপ্লেক্স যেখানে একটি বহুতল বিশিষ্ট প্রশাসনিক ভবন, গ্রন্থাগার ভবন, মিলায়তন, মিউজিয়াম, ক্যাফেটারিয়া, আর্ট গ্যালারি, প্রভৃতি একই সীমানা প্রাচীরে অন্তর্ভুক্ত থাকছে । প্রকল্পটি চট্টগ্রাম শহরের জন্য একটি সাংস্কৃতিক কেন্দ্র নির্মাণের মাধ্যমে শহরের জনগণের ধর্মীয়, সামাজিক, শিক্ষাগত এবং সাংস্কৃতিক কর্মকাণ্ডকে একত্রিত করার জন্য একটি প্ল্যাটফর্মের প্রয়োজনীয়তা পূরণ করবে। উল্লেখ্য যে, প্রকল্প পুর্ব মুসলিম ইনস্টিটিউট ১৯২৫ সাল থেকে চট্টগ্রাম শহরের সাংস্কৃতিক, সামাজিক এবং ধর্মীয় কর্মকান্ডের প্রয়োজনীয়তা মেটাতে সচেষ্ট ছিল। প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে উক্ত উদ্দেশ্যসমুহ কতটুকু অর্জন করা সম্ভব হবে তার পর্যালোচনা সংক্ষিপ্ত আকারে নিম্নে উল্লেখ করা হলোঃ

| সংক্ষিপ্ত বর্ণনা (NS) | বস্তুনিষ্ঠ যাচাই নির্দেশক (OVI) | অর্জন অবস্থা |
|---|---|---|
| **উদ্দেশ্য (Purpose/ Outcome)** | | |
| বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, চট্টগ্রাম মুসলিম ইনস্টিটিউট, শহীদ মিনার কেন্দ্রিক শিক্ষামূলক ও সাংস্কৃতিক কর্মকান্ড বৃদ্ধির জন্য প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিকরণ। | চট্টগ্রামের জনসাধারণ সম্পূর্ণ নতুন একটি আধুনিক এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি সমৃদ্ধ সাংস্কৃতিক কমপ্লেক্স এর সুবিধা উপভোগ করবে। | যেহেতু প্রকল্পের আউটপুট অর্জনের অবস্থা সময়ের তুলনায় অনেকটা পিছিয়ে রয়েছে সেহেতু প্রকল্পের উদ্দেশ্য সংশোধিত সময়ের মধ্যে অর্জিত হবে না বলে প্রতীয়মান হয়।<br>তবে অবকাঠামো নির্মাণসহ সকল সুযোগ সুবিধা নিশ্চিত করা হলে চট্টগ্রাম মুসলিম ইনস্টিটিউট একটি বহুমুখী সাংস্কৃতিক চর্চার কেন্দ্রবিন্দুতে পরিণত হবে এবং কিছুটা দেরিতে হলেও এর উদ্দেশ্য অর্জিত হবে বলে আশা করা যায়। |
| **আউটপুট (Output)** | | |
| ১.বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, চট্টগ্রামের অবকাঠামো উন্নয়ন এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি সংযোজনের মাধ্যমে প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি হবে। | ১.বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, চট্টগ্রামের ১৫২১২.২৮ বর্গফুট আয়তন বিশিষ্ট গ্রন্থাগার ভবন, ১৪৪৯৩.২২ বর্গফুট আয়তনের মিলায়তন, সেমিনার হল এবং ৭৪১৩.৬০ বর্গফুট আয়তনের জনসমাগম স্থান নির্মাণ করা হবে। | গ্রন্থাগার ভবন, মিলনায়তন ভবন, পাবলিক প্লাজা, মঞ্চ ও শহীদ মিনার, উন্মুক্ত থিয়েটার, ভবনের উপর জলাধার নির্মাণ ও পাম্প হাউজ, ভূগর্ভস্থ জলাধার, সঞ্চালন লাইন সহ ভূগর্ভস্থ গভীর নলকূপ স্থাপন ইত্যাদির নির্মাণ কার্যক্রম বর্তমানে চলমান। ভৌত কাজের সার্বিক অগ্রগতি ৬১.০০%।<br><br>প্রকল্প বাস্তবায়ন সংস্থা কর্তৃক অন্যান্য অনুষাঙ্গিক অবকাঠামো নির্মাণের যেমন ভাস্কর্য ও গার্ডেন, পয়ঃ নিস্কাশন ড্রেন এবং সীমানা প্রাচীর, সংযোগ সড়ক, ফুটপাত ও গার্ড সেড, ফলস সিলিং ও বিটি ভিনিয়ার্ড ওয়াল প্যানেল রং, মিলনায়তনের এক্যুইস্টিক কাজ ইত্যাদির দরপত্র এখনও আহ্বান করা হয়নি। অতএব, এক্ষেত্রে বাস্তবিক কোন অগ্রগতি নেই। |
| ২. চট্টগ্রাম মুসলিম ইনস্টিটিউট কমপ্লেক্সটি বহুমুখী সাংস্কৃতিক কর্মকান্ডের সুবিধাযুক্ত উপযুক্ত স্থানে পরিণত হবে। | ২. পুস্তক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি যন্ত্রপাতি, অফিস সরঞ্জাম, আসবাবপত্র এবং বই ও পাঠসামগ্রী সরবরাহ ও সংস্থাপন করা হবে এবং আধুনিক গ্রন্থাগার ও তথ্য সেবা প্রদান করা হবে। | প্রকল্প দপ্তরের জন্য অল্প কিছু অফিস সরঞ্জাম ও আসবাবপত্রের ক্রয় সম্পন্ন হয়েছে। তবে প্রকল্পের আওতায় বেশিরভাগ পণ্য তার পরিকল্পনা অনুযায়ী সম্পাদন করা সম্ভব হয়নি। যেহেতু বেশিরভাগ পণ্য ক্রয় অবকাঠামো উন্নয়নের সাথে সম্পর্কিত সেহেতু এই অঞ্চের আউটপুট অত্যন্ত সামান্য। |

## ৩.৯ প্রকল্প ব্যবস্থাপনা ও বাস্তবায়ন প্রক্রিয়া

চট্টগ্রাম মুসলিম ইনস্টিটিউট সাংস্কৃতিক কমপ্লেক্স স্থাপন শীর্ষক প্রকল্পটির বাস্তবায়নকারী সংস্থা গণগ্রন্থাগার অধিদপ্তর এবং গণপূর্ত অধিদপ্তর। প্রকল্পের আওতায় গ্রন্থাগার ভবন নির্মাণ, মিলনায়তন ভবন, পাবলিক প্লাজা, মঞ্চ ও উন্মুক্ত মঞ্চ, ভাস্কর্য ও ভাস্কর্য গার্ডেন নির্মাণ, মিলনায়তনের একুস্টিক কাজ, পুস্তক ও পাঠ সামগ্রী ক্রয়, কম্পিউটার ও যন্ত্রাংশ ক্রয়, অফিস সরঞ্জাম ক্রয়, গাড়ী ক্রয়, আসবাবপত্র ক্রয় ও সরবরাহ ও স্থাপনাসহ মৌলিক অবকাঠামোগত সুবিধা সৃষ্টি করা হচ্ছে। প্রকল্পের সামগ্রিক কর্মকান্ড বাস্তবায়ন ও দিক নির্দেশনা প্রদান করার জন্য একজন উপসচিব প্রেষণে প্রকল্প পরিচালকের দায়িত্ব এবং গণগ্রন্থাগার অধিদপ্তরের একজন কর্মকর্তা (উপ পরিচালক) নিজ দায়িত্বের অতিরিক্ত দায়িত্ব হিসেবে উপ প্রকল্প পরিচালকের দায়িত্ব পালন করছেন। আউটসোর্সিং এর মাধ্যমে তিনজন অফিস সহায়ক এবং একজন ড্রাইভার নিয়োগ দেয়া হয়েছে। প্রকল্পের জনবল কাঠামো নিম্নের সারণিতে উল্লেখ করা হলো-

| ক্রঃ নং | ডিপিপি অনুযায়ী পদের নাম ও সংখ্যা | নিয়োগের ধরণ | বর্তমানে কর্মরত (সংখ্যা) |
|---|---|---|---|
| ১ | প্রকল্প পরিচালক - ১ জন | প্রেষণে দায়িত্ব | ১ |
| ২ | উপ প্রকল্প পরিচালক - ১ জন | অতিরিক্ত দায়িত্ব | ১ |
| ৩ | হিসাব রক্ষক - ১ জন | - | |
| ৪ | অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর - ১ জন | - | |
| ৫ | গাড়ি চালক - ১ জন | আউটসোর্সিং এর মাধ্যমে নিয়োগ | ১ |
| ৬ | অফিস সহায়ক - ১ জন | আউটসোর্সিং এর মাধ্যমে নিয়োগ | ৩ |
| | মোট = ৮ জন | | ৬ জন |

চট্টগ্রাম মুসলিম ইনস্টিটিউট সাংস্কৃতিক কমপ্লেক্স স্থাপন শীর্ষক প্রকল্পে প্রকল্প পরিচালকগণের দায়িত্ব পালনের সময়কাল ও নিয়োগের ধরণ নিম্নে উল্লেখ করা হলো-

| ক্রঃ | প্রকল্প পরিচালকের নাম | দায়িত্ব পালনের সময়কাল | পূর্ণকালীন/ অস্থায়ী |
|---|---|---|---|
| ১ | আবদুল্যাহ হারুন পাশা | ২৫.০৬.২০১৮ - ০৫.১২.২০১৯ | অতিরিক্ত দায়িত্ব |
| ২ | ফয়জুর রহমান ফারুকী | ০৫.১২.২০১৯ - ১৩.০১.২০২০ | অতিরিক্ত দায়িত্ব |
| ৩ | মুহম্মদ গোলামুর রহমান | ১৩.০১.২০২০ - ২৬.০১.২০২১ | পূর্ণকালীন |
| ৪ | এ,এইচ,এম কামরুজ্জামান (ভারপ্রাপ্ত) | ২৫.১১.২০২০ - ০৩.১০.২০২১ | অতিরিক্ত দায়িত্ব |
| ৫ | মোঃ লুৎফুর রহমান | ০৩.১০.২০২১ - অদ্যাবধি | পূর্ণকালীন |

উপরের তথ্য বিশ্লেষণে দেখা যায় যে, প্রকল্পের শুরু থেকে অদ্যাবধি মোট ৫জন প্রকল্প পরিচালক দায়িত্ব পালন করেছেন। এর মধ্যে ২ জন পূর্ণকালীন এবং ৩ জন অতিরিক্ত দায়িত্ব পালন করেন। বর্তমানে জনাব মোঃ লুৎফুর রহমান বিগত ০৩.১০.২০২১ তারিখ হতে অদ্যাবধি পূর্ণকালীন প্রকল্প পরিচালক হিসেবে দায়িত্ব পালন করে যাচ্ছেন এবং প্রকল্পের সামগ্রিক কর্মকান্ড বাস্তবায়ন ও দিক নির্দেশনা প্রদানের পাশাপাশি সংশ্লিষ্ট মন্ত্রণালয়, বিভাগ, গণপূর্ত অধিদপ্তরের সাথে যোগাযোগ রক্ষা এবং বাস্তবায়ন কাজ তদারকি করে থাকেন। উপ প্রকল্প পরিচালক প্রকল্প বাস্তবায়নে সার্বিক ভাবে প্রকল্প পরিচালককে সহায়তা করে থাকেন। প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত বিষয়ে নির্দেশনা প্রদানের জন্য কয়েকটি কমিটি রয়েছে, যেমনঃ প্রকল্প স্টিয়ারিং কমিটি (পিএসসি), প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি), দরপত্র মূল্যায়ন কমিটি, পুস্তক নির্বাচন কমিটি।

## ৩.১০ নির্মাণাধীন অবকাঠামোসমূহের বিভিন্ন সুবিধাসহের বিন্যাস পর্যালোচনা

নির্মাণাধীন অবকাঠামোসমূহের বিভিন্ন তলায় সুবিধাসহের বিন্যাস পর্যালোচনা ও মতামত নিম্নে উল্লেখ করা হলো-

অবকাঠামোর ডিজাইন পর্যালোচনা এবং এতে স্থাপিত সুবিধাসমূহের বিন্যাস পর্যবেক্ষেণ করে দেখা যায় যে, অডিটোরিয়াম ভবনে সবচেয়ে বড় অডিটরিয়াম হল (৯০০ জন ধারণ ক্ষমতা সম্পন্ন) উপরে ৪র্থ তলায় স্থাপন করা হচ্ছে। অধিক লোক সমাগম এবং এদের উঠানামার জন্য ভবনটিতে ৬টি লিফট এবং ৩টি ছোট আকারের সিঁড়ি রয়েছে, কোন এস্কেলেটর এবং প্রশস্ত সিঁড়ি নেই। উক্ত হলের প্রোগ্রাম চলাকালীন এবং অন্যান্য তলায় স্থাপিত সুবিধাভোগীসহ একসঙ্গে প্রায় ১২০০ থেকে ১৩০০ লোকের ভবনটিতে উঠা নামার প্রয়োজন হলে বিদ্যমান লিফট ও সিঁড়ি যথেষ্ঠ নয়, ফলে সহজে উপরে ওঠা নামা করা যাবে না। এছাড়াও যান্ত্রিক ত্রুটি অথবা বৈদ্যুতিক সমস্যার সৃষ্টি হলে উঠা নামায় জটিল সমস্যা হতে পারে।

একইভাবে গ্রন্থাগার ভবনের ডিজাইন পর্যালোচনা এবং এতে স্থাপিত সুবিধাসমূহের বিন্যাস পর্যবেক্ষেণ ও পর্যালোচনায় দেখা যায় যে, বেশিরভাগ ক্ষেত্রেই সুবিধাসমূহ উপরের দিকে স্থাপন করা হচ্ছে যেমন- ৬ষ্ঠ তলা শিশু লাইব্রেরি, ৭ম তলা প্রতিবন্ধীদের লাইব্রেরি ও ক্যাফেটেরিয়া, ৮ম তলা নিউজ পেপার লাইব্রেরি ও ক্যাফেটেরিয়া ৯ম তলা ও ১০ম তলায় রেফারেন্স লাইব্রেরি, ১১তম তলায় সাইন্স লাইব্রেরি, ১২তম তলায় প্রশিক্ষণ ইউনিট, ১৩তম তলায় আইসিটি ইউনিট ইত্যাদি। ভনের ২য় ও ৩য় তলায় অফিস স্থাপিত হচ্ছে। ভবনটিতে ব্যবহারকারীদের উঠানামার জন্য ৩টি লিফট এবং ২টি সিঁড়ি রয়েছে, কোন এস্কেলেটর নেই। সুবিধাসমূহ ব্যবহারকারিদের সংখ্যা ও ধরণ বিবেচনায় তুলনামূলক নিচের দিকে এর বিন্যাস বা স্থাপন করা বিশেষ করে শিশু ও প্রতিবন্ধীদের লাইব্রেরি ও ক্যাফেটেরিয়া, নিউজ পেপার লাইব্রেরি ইত্যাদি এবং অফিসসমূহ তুলনামূলক উপরের দিকে স্থাপনের বিষয় বিবেচনায় নেয়া দরকার ছিল। ভবনটিতে উঠা নামার জন্য বিদ্যমান লিফট এর যান্ত্রিক ত্রুটি অথবা বৈদ্যুতিক সমস্যার সৃষ্টি হলে সুবিধাভোগীদের উঠা নামায় সমস্যা হতে পারে।

### প্রকল্পের সৃষ্ট সুবিধাদি পরিচালনা ও রক্ষণাবেক্ষণে প্রয়োজনীয় জনবলের তথ্য

প্রকল্পটি টেকসই ভাবে পরিচালনার নিমিত্তে সার্বক্ষণিক প্রশিক্ষণপ্রাপ্ত জনবলের প্রয়োজন হবে। অডিটোরিয়াম ভবনে অত্যাধুনিক বিদেশি আমদানি নির্ভর প্রযুক্তির যন্ত্রপাতি ব্যবহার হবে। যান্ত্রিক ত্রুটি/ নষ্ট জনিত কারণে যন্ত্রপাতির প্রতিস্থাপন করা প্রচুর অর্থ ও সময় সাপেক্ষ হবে। প্রকল্প বাস্তবায়নকারী সংস্থার বর্তমান কাঠামোতে এ ধরনের প্রযুক্তির যন্ত্রপাতি ও অন্যান্য সুবিধাদি পরিচালনার জন্য টেকনিক্যাল জনবলের যথেষ্ট অভাব রয়েছে। তাই প্রকল্প সমাপ্তির পর সৃষ্ট সুবিধাদি পরিচালনার জন্য প্রয়োজনীয় জনবলের সংস্থান করা অতীব জরুর। এব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য গণগ্রন্থাগার অধিদপ্তরকে বলা হয়েছে বলে প্রকল্প পরিচালকের কাছে থেকে জানা যায়। গণগ্রন্থাগার অধিদপ্তরের সিনিয়র কর্মকর্তাদের কাছ থেকে জানা যায় যে, সাংস্কৃতিক কমপ্লেক্স পরিচালনা ও রক্ষণাবেক্ষণের জন্য ডিসি মহোদয়ের নেতৃত্বে গভার্নিং বডি/ কমিটি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। সরকারের পক্ষে থেকে এটি পরিচালনার জন্য থোক বরাদ্দ থাকবে এবং বাকি বিভিন্ন হলের ভাড়া থেকে প্রাপ্ত আয়ে/ অর্থে পরিচালিত হবে। তবে এব্যাপারে এখনোও পর্যন্ত কোন সুনির্দিষ্ট নীতিমালা তৈরি করা হয়নি বলে জানা যায়। গণগ্রন্থাগার ভবন ও এর আনুষঙ্গিক সুবিধাসমূহ সরাসরি সরকারী বিধিমোতাবেক পরিচালিত এবং এর রক্ষণাবেক্ষণ করা হবে বলে জানা যায়।

## ৩.১১ প্রকল্প বাস্তবায়ন সম্পর্কিত বিভিন্ন স্টেক হোল্ডারদের মতামত পর্যালোচনা

প্রকল্পটির নিবিড় পরিবীক্ষণের কাজের জন্য প্রাইমারি ও সেকেন্ডারি উৎস থেকে তথ্য সংগ্রহ করা হয়েছে। পরিবীক্ষণ কাজের শুরুতেই তথ্য সংগ্রহের জন্য চেকলিস্ট তৈরী করা হয়েছে। প্রাইমারি তথ্য সংগ্রহের পাশাপাশি চেকলিস্টএর মাধ্যমে সেকেন্ডারি তথ্য যেমন-আর্থিক অগ্রগতি, প্রকল্পের অনুকূলে বরাদ্দ ও বরাদ্দের ব্যবহার, ইত্যাদি সংগ্রহ করা হয়েছে । প্রাইমারি তথ্য সংগ্রহের জন্য বাস্তবায়নকারী সংস্থা, প্রত্যাশী সংস্থা ও অন্যান্য স্টেক হোল্ডারদের কাছ থেকে ৪০টি কেআইআই সাক্ষাৎকার, ২টি এফজিডির মাধ্যমে তথ্য সংগ্রহ করা হয়েছে । ১টি আঞ্চলিক কর্মশালার মাধ্যমে বিভিন্ন স্টেকহোল্ডারদের উপস্থিতিতে প্রকল্প বাস্তবায়নে প্রাপ্ত তথ্য উপস্থাপন ও যাচাই করা হয় । এ সংক্রান্ত বিস্তারিত মতামত প্রতিবেদনের সংযুক্তি-১ এ বর্ণনা করা হয়েছে। প্রকল্প বাস্তবায়ন সম্পর্কিত বিভিন্ন স্টেক হোল্ডারদের মতামত নিম্নে উপস্থাপন করা হলোঃ

<u>এফজিডির মাধ্যমে প্রাপ্ত মতামত পর্যালোচনাঃ</u>

১. চট্টগ্রাম মুসলিম ইনস্টিটিউট সাংস্কৃতিক কমপ্লেক্স স্থাপন শীর্ষক প্রকল্পটি সময় এবং চাহিদা বিবেচনায় একটি যুগোপযোগী প্রকল্প বলে মতামত গৃহীত হয়। এই প্রকল্পের সফল বাস্তবায়ন নিশ্চিত করা গেলে অত্র এলাকার জনগণের লাইব্রেরির সুবিধা, সাংস্কৃতিক কর্মকান্ড অনুশীলনের সুবিধাসহ মনস্তাত্বিক বিকাশ ও জ্ঞান চর্চার সুযোগ তৈরী হবে প্রকল্প এলাকাসহ এর আশেপাশের এলাকার সামাজিক সাংস্কৃতিক প্রেক্ষাপটে বড় ধরনের ইতিবাচক পরিবর্তন আসবে বলে মতামত গৃহীত হয়। প্রকল্প বাস্তবায়নের ফলে পরিবেশের উপর খারাপ প্রভাব পড়বে না মর্মে সকলে মতামত প্রদান করেন তবে এক্ষেত্রে মসজিদ মার্কেটে বৃষ্টিতে জলাবদ্ধতা কিছুটা বাড়তে পারে এ জন্য প্রয়োজনীয় নিষ্কাশন ব্যবস্থা প্রকল্পের মাধ্যমে গ্রহণ করার দাবি উত্থাপিত হয়।

২. চট্টগ্রাম মুসলিম ইনস্টিটিউট সাংস্কৃতিক কমপ্লেক্স স্থাপন সংক্রান্ত প্রকল্পের দুর্বলদিক হলো কমপ্লেক্সটিতে এস্কেলেটর ও প্রশস্ত সিঁড়ি না থাকা এবং প্রয়োজনের তুলনায় পর্যাপ্ত ওয়াশরুমের ব্যবস্থা না থাকা। প্রকল্পের ডিজাইন পরিবর্তন হওয়ার ফলে প্রকল্প বাস্তবায়ন বাধাগ্রস্ত হওয়া। প্রণয়নকালে পূর্বের অবকাঠামোসমূহ অপসারণ ও অফিস এবং সরঞ্জামাদি স্থানান্তরের সুনির্দিষ্ট সময় বিবেচনা না করেই নির্মাণ কাজের কার্যাদেশ প্রদান করায় নির্দিষ্ট সময়ে সাইট হস্তান্তর এবং নির্মাণ কাজ শুরুতে বিলম্ব হওয়া । প্রকল্প বাস্তবায়নে জড়িত সংস্থা গুলোর মধ্যে সমন্বয়হীনতা এবং প্রকল্প বাস্তবায়নে অবকাঠামো নির্মাণে সুনির্দিষ্ট টাইম বাউন্ড ওয়ার্কপ্লান অনুসরণ না করা । প্রকল্প মেয়াদের পরবর্তি সময়ে নির্মিত অবকাঠামোসহ আধুনিক যন্ত্রপাতি পরিচালনা ও রক্ষণাবেক্ষণের জন্য গণগ্রন্থাগার অধিদপ্তর ও সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের প্রশিক্ষণপ্রাপ্ত জনবলের সংস্থানের পূর্ব পরিকল্পনা না থাকা। প্রকল্প প্রণয়নকালে স্থানীয় জনগণ এবং এর সুবিধাভোগীদের সাথে মতবিনিময় সভা না করা। সাইটে নির্মাণ কাজে পর্যাপ্ত পরিমাণ সেফটি মেজার না নেয়া বা না থাকা।

৩. প্রকল্পের Objective অনুযায়ী নীতিমালা তৈরী করে তা বাস্তবায়নের যথাযথ ব্যবস্থা গ্রহণ করা। প্রকল্পের সফল বাস্তবায়ন নিশ্চিতকরণ এবং উদ্দেশ্যগুলো পুরোপুরি অর্জনের লক্ষ্যে একটি Oriented Action Plan তৈরি করে ঠিকাদার প্রতিষ্ঠানকে তা অনুসরণ ও বাস্তবায়ন নিশ্চিতকরণের জন্য ব্যবস্থা গ্রহণ এবং প্রয়োজনে প্রকল্প কর্তৃপক্ষ, গণপুর্ত অধিদপ্তর এবং মন্ত্রনালয়ের প্রতিনিধির সমন্বয়ে একটি কমিটি বা সেল গঠন করে প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি নিশ্চিত করার ব্যবস্থা করা প্রয়োজন এবং উল্লিখিত সময়ের মধ্যে যেসকল কাজ সম্পন্ন করা সম্ভব হয়নি তা অতিসত্বর সম্পন্ন করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা।

<u>কেআইআই এর মাধ্যমে প্রাপ্ত মতামত পর্যালোচনাঃ</u>

মুসলিম ইন্সটিটিউট বহুমুখী সাহিত্য, সংস্কৃতি, গবেষণার কেন্দ্রীয় প্রতিষ্ঠান হিসেবে প্রতিষ্ঠিত হবে। মিলনায়তন ভবন, উন্মুক্ত মঞ্চ এবং শহীদ মিনারে বহুমাত্রিক শিল্প ও সংস্কৃতি চর্চা বৃদ্ধি ও প্রসার ঘটাতে সাহায্য করবে। সুস্থ সৃংস্কৃতির বিকাশ ঘটবে এবং সন্ত্রাস ও জংগীবাদসহ সমাজবিরোধী কর্মকান্ড হ্রাস/ প্রশমনে সাহায্য করবে। এতে সামাজিক স্থায়িত্ব সৃষ্টি হবে। লাইব্রেরি বিভিন্ন শ্রেণীর পাঠকের জ্ঞানের তৃষ্ণার নিবারনসহ উদ্ভাবনী/ গবেষণামুলক কাজে ভূমিকা রাখবে এবং ইহা মেধা ও মননশীলতার চর্চা ও বিকাশ ঘটাতে সাহায্য করবে।

প্রকল্পের আওতায় সৃষ্ট সুবিধাদি পরিচালনার জন্য নতুন জনবলের অবশ্যই প্রয়োজনীয়তা রয়েছে। অদ্যাবধি জনবলের সংস্থান করা হয়নি। এ বিষয়ে বাস্তবায়নকারী সংস্থা গণগ্রন্থাগার অধিদপ্তর প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে ।

প্রকল্প প্রণয়নে দুর্বল পরিকল্পনা এবং ভূমির স্থানীয় জটিলতার কারণে প্রকল্পের ডিজাইন/ নকশা বিদ্যমান অবস্থা ও পারিপার্শ্বিকতা বিবেচনায় ত্রুটিপর্ণ ছিল। পরবর্তীতে ভূমির স্থানিক জটিলতা নিরসনের মাধ্যমে স্থাপত্য নকশার পরিবর্তন আনয়নসহ নান্দনিক উপাদান সংযোজনক্রমে তা সংশোধন করা হয়েছে।

অনুমোদিত প্রকল্প দলিল এবং পরিকল্পনা বিভাগের গাইডলাইন অনুযায়ী প্রকল্পের পিআইসি এবং পিএসসি কমিটির সভা অনুষ্ঠিত হয়নি। বিধান অনুসারে পিআইসি এবং পিএসসি কমিটির সভা অনুষ্ঠিত না হওয়ার কারণে প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম বিঘ্নিত হয়েছে এবং কাঙ্খিত লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি।

ঝুঁকি - প্রকল্পটি টেকসই ভাবে পরিচালনার নিমিত্তে সার্বক্ষণিক প্রশিক্ষণপ্রাপ্ত জনবলের প্রয়োজন হবে। মিলনায়তন ভবনে অত্যাধুনিক বিদেশি আমদানি নির্ভর প্রযুক্তির যন্ত্রপাতি ব্যবহার হবে। যান্ত্রিক ত্রুটি/ নষ্ট জনিত কারণে যন্ত্রপাতির প্রতিস্থাপন করা প্রচুর অর্থ ও সময় সাপেক্ষ হবে।

প্রকল্পের কোন ফিজিবিলিটি স্টাডি করা হয়নি, কয়েক বার সাইট ভিজিট করে সংশ্লিষ্ট সকল বিষয় বিবেচনায় নিয়ে প্রকল্পের ডিজাইন করা হয়েছে। প্রকল্প প্রণয়নকালে স্থানীয় জনগণের সাথে মতবিনিময় সভা করা হয়নি।

প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত অনুমোদিত কর্মপরিকল্পনা রয়েছে। কিন্তু বেশিরভাগ ক্ষেত্রে কর্মপরিকল্পনা অনুযায়ী নির্মাণ কাজ বাস্তবায়ন করা সম্ভব হচ্ছে না। কারণ অনুমোদিত নকশা পেতে অতিরিক্ত সময় অতিবাহিত হয়েছে। চুক্তির শর্তঅনুযায়ী ঠিকাদারের প্রকল্পের প্রয়োজনীয় জনবল নিয়োগ দেওয়া হয়েছে কিন্তু বর্তমানে জনবল সংকট

## ৩.১২ প্রকল্প বাস্তবায়নে বিলম্বের কারণসমূহ

প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত বিভিন্ন বিষয় পর্যালোচনা এবং সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের সাথে আলোচনার সাপেক্ষে নিম্নে উল্লেখিত বিলম্বের কারণ সমূহ চিহ্নিত করা হয়েছে-

- প্রকল্প প্রণয়নে দুর্বল পরিকল্পনা এবং ভূমি ব্যবহার জনিত জটিলতা ও যথাযথ প্রশাসনিক নির্দেশনার অভাবে প্রকল্প বাস্তবায়নে বিলম্ব হয়েছে;
- টেন্ডার প্রক্রিয়ায় দীর্ঘ সময় অতিবাহিত হওয়া এবং ওয়ার্ক অর্ডার প্রদানে কিছুটা বিলম্ব হওয়া ;
- প্রকল্পের স্থানের পুরাতন মুসলিম ইনস্টিটিউট ভবন ও পাবলিক লাইব্রেরি ভবন অপসারণ করে ঠিকাদারকে সাইট বুঝিয়ে দিতে প্রায় ১ বছর সময় অতিবাহিত হয় এ কারণে বাস্তবায়ন কাজ শুরু করতে বিলম্ব হয়;
- ইউটিলিটি সার্ভিসসমূহ যেমন বৈদ্যুতিক লাইন স্থানান্তর এবং রাস্তার নিচে ওয়াসা, টিএন্ডটি সহ বিভিন্ন সেবা প্রতিষ্ঠানের সার্ভিস লাইন এর ব্যাপারে করণীয় ঠিক করতে সময় ক্ষেপণ হয় এবং পরবর্তীতে স্থাপত্য নক্সা সংশোধনের প্রয়োজন পড়ে ফলে প্রকল্প বাস্তবায়নে বিলম্ব হয়েছে ;
- সিটি করপোরেশনের মালিকানাধীন শহীদ মিনার অংশের জায়গার NOC পেতে এক বছরের অধিক সময় অতিবাহিত হয় এবং NOC প্রাপ্তির পরে আংশিক জায়গায় সিটি কর্পোরেশন কর্তৃক দেয়াল নির্মাণ করায় পরবর্তীতে স্থাপত্য নক্সা সংশোধনের প্রয়োজন পড়ে;
- কোভিড-১৯ এর অতিমারী জনিত লক-ডাউনের কারণে প্রায় তিন মাস সাইটে কার্যক্রম বন্ধ থাকে এবং পরবর্তীতে কাজের বাস্তবায়ন গতি মন্থর হয়;
- সিটি করপোরেশন কর্তৃক শহীদ মিনার অংশের অনাপত্তিপত্র দিলেও বিদ্যমান কেন্দ্রীয় শহীদ মিনার সংস্কার নিয়ে জটিলতা নিরসন না হওয়ায় শহীদ মিনারে অংশের কাজ শুরু করা যায়নি। প্রকল্পের সাইটে স্থাপিত পুরাতন স্থাপনা অপসারণ করে বিগত ২৫/১২/২০২১ ইং তারিখ থেকে প্লাজা, শহীদ মিনার, উন্মুক্ত মঞ্চ, গ্যালারি অংশের কাজ শুরু করা হয়েছে;
- প্রকল্প বাস্তবায়নে জড়িত সংস্থা গুলোর মধ্যে সমন্বয়হীনতা এবং প্রকল্পের পিআইসি, পিএসসি এবং মনিটরিং সভা নিয়ম অনুযায়ী না হওয়ায় প্রকল্প বাস্তবায়ন বিলম্বিত হয়;
- প্রকল্প বাস্তবায়নে অবকাঠামো নির্মাণে সুনির্দিষ্ট টাইম বাউন্ড ওয়ার্কপ্লান না থাকা বা অনুসরণ না করা;
- সাইটে ঠিকাদারের প্রয়োজনীয় জনবল অপ্রতুলতার কারণে বাস্তবায়ন বিলম্বিত হওয়া ।

## ৩.১৩ প্রকল্পের Exit Plan সম্পর্কে

প্রকল্পের ডিপিপি'তে টেকসই পরিকল্পনা বা Exit Plan সম্পর্কে নির্দেশনা রয়েছে তবে তা প্রকল্প পরবর্তী সময়ে প্রকল্প হতে সৃষ্ট সুবিধাদি কিভাবে টেকসই হবে বা এর সুফল কিভাবে স্থায়ী হবে সে বিষয়ে কোন সুনির্দিষ্ট নির্দেশনা প্রদান করে না। প্রকল্প সমাপ্তির পর প্রকল্পের ফলাফল টেকসইকরণের জন্য রাজস্বখাতে প্রয়োজনীয় জনবল সৃষ্টি এবং নির্মিত সকল অবকাঠামো ও যন্ত্রপাতি নিয়মিত রক্ষণাবেক্ষণ এবং পরিচর্যার জন্য রাজস্ব খাতে পর্যাপ্ত বরাদ্দ নিশ্চিত পূর্বক গণপূর্ত অধিদপ্তর কর্তৃক রক্ষণাবেক্ষণ করা যেতে পারে। এছাড়া প্রকল্পের আওতায় সংগৃহীত পণ্য বা সরঞ্জামাদি রক্ষণাবেক্ষণের ক্ষেত্রে গণগ্রন্থাগার অধিদপ্তর ও সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের টেকনিক্যাল পারসনদের সমন্বয়ে একটি কমিটি বা সেল প্রতিষ্ঠার নীতিগত সিদ্ধান্ত গ্রহণ করা যেতে পারে, যাতে করে প্রকল্পের মাধ্যমে সৃষ্ট সুবিধাদি সফলভাবে পরিচালনা করা যায় এবং প্রকল্পের উদ্দেশ্য অর্জিত হয়।

# চতুর্থ অধ্যায়

# প্রকল্পের সবল দিক, দুর্বল দিক, সুযোগ ও ঝুঁকি পর্যালোচনা

নিবিড় পরিবীক্ষণে প্রাপ্ত তথ্য উপাত্তের ভিত্তিতে প্রকল্পের সবল দিক, দুর্বল দিক, সুযোগ ও ঝুঁকিসমূহ পর্যালোচনা করা হলোঃ

## ৪.১ প্রকল্পের সবল (Strengths) দিকসমূহঃ

১। সময় মত অর্থ ছাড় ও বরাদ্দ;

২। বর্তমানে পূর্ণকালীন প্রকল্প পরিচালক নিয়োজিত থাকা;

৩। নির্মাণ কাজে নিযুক্ত ঠিকাদারি প্রতিষ্ঠানের প্রকল্প বাস্তবায়নে সক্ষমতা এবং গণপূর্ত অধিদপ্তরের প্রকল্প বাস্তবায়নে দক্ষতা;

৪। অবস্থানগত দিক থেকে প্রকল্পটি চট্টগ্রাম শহরের কেন্দ্রে অবস্থিত;

৫। সম্পুর্ণ সরকারি অর্থায়নে প্রকল্প বাস্তবায়ন; এবং

৬। একই ক্যাম্পাসে বিভিন্ন ধরনের অবকাঠামো নির্মাণ ও সেবা তৈরি।

## ৪.২ প্রকল্পের দুর্বল (Weaknesses) দিকসমূহঃ

১। প্রকল্পের ১ জানুয়ারি ২০১৮ হতে মে ২০২২ পর্যন্ত ভৌত অগ্রগতি মাত্র ৬৩.০% যা প্রত্যাশিত মাত্রার চেয়ে কম;

২। প্রকল্পের ডিপিপি প্রণয়নকালে প্রকল্প স্থানের অবকাঠামোসমূহ অপসারণ এবং অফিস স্থানান্তরের সুনির্দিষ্ট সময় বিবেচনা না করেই অবকাঠামো নির্মাণে ঠিকাদার নিয়োগের পরিকল্পনা করা;

৩। প্রস্তাবিত শহীদ মিনার এবং মুক্ত মঞ্চের জন্য সিটি কর্পোরেশন ও দূর্যোগ ব্যবস্থাপনার জায়গার সমাধানের পূর্বেই এর প্রাক্কলন সম্পন্ন করায় এর প্রাক্কলন পরিবর্তন হওয়া;

৪। আন্তর্জাতিক মানের আধুনিক সাংস্কৃতিক কমপ্লেক্স এর সুবিধাসমূহের বিন্যাস বিস্তারিত পর্যালোচনা না করে এ জাতীয় একটি কমপ্লেক্স এর প্রাক্কলন প্রণয়ন করায় বিভিন্ন সুবিধাসমূহের বিন্যাস যথাপোযুক্ত স্থানে না হওয়া;

৫। প্রকল্প শুরুর দিকে পূর্ণকালীন প্রকল্প পরিচালক না থাকা;

৬। প্রকল্প প্রণয়নকালে স্থানীয় জনগণ এবং এর সুবিধাভোগীদের সাথে মতবিনিময় সভা না করা;

৭। প্রকল্প প্রণয়নকালে প্রকল্পের সম্ভাব্যতা যাচাই না করা;

৮। প্রকল্প বাস্তবায়নে নিয়মিত পিআইসি, পিএসসি কমিটির সভা না হওয়া এবং জড়িত সংস্থা গুলোর মধ্যে সমন্বয়হীনতা;

৯। প্রকল্প বাস্তবায়নে প্রয়োজনীয় কারিগরি ও সহায়ক জনবলের অপ্রতুলতা এবং সাইটে নির্মাণ কাজে পর্যাপ্ত পরিমাণ সেফটি মেজার না নেয়া;

১০। ঠিকাদার কর্তৃক সকল উপাদানের নিয়ম অনুসারে স্তরে স্তরে পর্যাপ্ত সংখ্যক মেটেরিয়ালের টেস্ট না করা; এবং

১১। সাইট ভিজিট রেজিস্ট্রার, সাইট অর্ডার বুক এবং স্টকবুক ঠিকাদার কর্তৃক সাইটে যথাযথভাবে মেইনটেইন না করা।

## ৪.৩ প্রকল্পের সুযোগসমূহঃ (Opportunities)

১। প্রকল্পের আওতায় একই ক্যাম্পাস থেকে সকল শ্রেণী, বয়স, ধর্ম-বর্ণ-গোত্র, পেশার মানুষ বহুমুখী সাহিত্য, সংস্কৃতি, শিক্ষা ও গবেষণার সুযোগ পাবে;

২। প্রকল্পের আওতায় ৮তলা বিশিষ্ট অডিটরিয়াম ভবনে অত্যাধুনিক সুযোগ-সুবিধাসহ ২টি সেমিনার হল এবং ২টি থিয়েটার হলসহ, অফিস, স্টোররুম, ক্যাফেটেরিয়া, প্রতি তলায় রিহার্সেল কক্ষ নির্মিত হলে সাংস্কৃতিক চর্চা ও গবেষণার সুযোগ তৈরি হবে;

৩। প্রকল্পের আওতায় গ্রন্থাগার ভবনে বিভিন্ন ধরনের লাইব্রেরি যেমন জেনারেল লাইব্রেরি, চিলড্রেন'স লাইব্রেরি, নিউজপেপার লাইব্রেরি, রেফারেন্স লাইব্রেরি, সাইন্স লাইব্রেরি ইত্যাদিসহ ট্রেনিং ইউনিট, আইসিটি ইউনিট, সেমিনার ও মিটিংরুম, গেস্ট হাউস, লবি ইত্যাদি নির্মিত হলে আধুনিক শিক্ষা ও গবেষণার অধিক সুবিধা সৃষ্টি হবে;

৪। প্রকল্পটির আওতায় সৃষ্ট সুবিধার ফলে দেশের যুবসমাজকে গ্রন্থাগারমুখী করার এবং সংস্কৃতি বিকাশের সুযোগ তৈরি হবে; এবং

৫। প্রকল্পটির সফল বাস্তবায়ন নিশ্চিত করা গেলে এটি একটি মডেল হিসেবে কাজ করবে এবং অন্যান্য বিভাগীয় শহরগুলোতে অদূর ভবিষ্যতে এর অনুকরণে প্রকল্প বাস্তবায়ন করা যাবে।

## ৪.৪ প্রকল্পের ঝুঁকিসমূহঃ (Threats)

১। প্রকল্প বাস্তবায়ন কাজ নির্ধারিত সময়ে সম্পন্ন না হওয়ায় এবং ইতোমধ্যে নির্মাণ সামগ্রীর অতিমাত্রায় দাম বৃদ্ধির কারণে অবশিষ্ট অবকাঠামো নির্মাণ ঝুঁকির সম্মুখীন হতে পারে;

২। প্রকল্পটির আওতায় মিলনায়তন ভবনে বিদেশি আমদানি নির্ভর অত্যাধুনিক প্রযুক্তির যন্ত্রপাতি ব্যবহার হবে যা রক্ষণাবেক্ষণ ও ব্যবস্থাপনার জন্য সার্বক্ষণিক প্রশিক্ষণপ্রাপ্ত জনবলের প্রয়োজন হবে;

৩। আধুনিক প্রযুক্তি নির্ভর যন্ত্রপাতির (মিউজিক্যাল ইন্সট্রুমেন্ট, সাউন্ড সিস্টেম, আলোক সজ্জাসহ অন্যান্য) যান্ত্রিক ত্রুটি/ নষ্ট জনিত কারণে যন্ত্রপাতির প্রতিস্থাপন করতে প্রচুর ব্যয় ও সময় সাপেক্ষ হতে পারে;

৪। প্লাজা ও শহীদ মিনার অতিদ্রুত নির্মাণ সম্পন্ন না হলে ভারী বৃষ্টিতে জলাবদ্ধতার সৃষ্টি হতে পারে যা প্রকল্প বাস্তবায়নে ঝুঁকি সৃষ্টি করবে;

৫। ভবন সমূহে উঠানামার জন্য এস্কেলেটর বা প্রশস্ত সিঁড়ির ব্যবস্থা না থাকায় অনুষ্ঠান চলাকালীন ব্যবহারকারীদের সহজে উঠা নামায় ঝুঁকি সৃষ্টি করবে; এবং

৬। অবকাঠামো নির্মাণে ঠিকাদার কর্তৃক পর্যাপ্ত সেফটি মেজার না নেয়ায় যেকোন সময় দূর্ঘটনা ঘটতে পারে যা প্রকল্প বাস্তবায়নে ঝুঁকি সৃষ্টি করবে।

# পঞ্চম অধ্যায়

# প্রকল্পের নিবিড় পরিবীক্ষণে পর্যালোচনা হতে প্রাপ্ত সার্বিক পর্যবেক্ষণ

## ৫.১ প্রকল্পের অগ্রগতি সম্পর্কিত

প্রকল্পের বাস্তবায়নের সময়কাল ডিপিপি অনুযায়ী ১ জানুয়ারি ২০১৮ হতে ৩১ ডিসেম্বর ২০২০ পর্যন্ত উল্লেখ থাকলেও পরবর্তীতে তা ২ বার ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে যথাক্রমে ৩১ ডিসেম্বর ২০২১ ও মে ২০২২ পর্যন্ত মেয়াদ বর্ধিত করা হয়। প্রকল্পটি সর্বশেষ জানুয়ারি ২০১৮ হতে ৩০ জুন ২০২৩ পর্যন্ত বর্ধিত মেয়াদে ও ২৮১৩৯.৪৮ লক্ষ টাকা বর্ধিত ব্যয়ে ১ম সংশোধনী অনুমোদিত হয়। মূল ডিপিপি অনুযায়ী প্রকল্পের শুরু থেকে জুন ২০২১ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত ব্যয়ের পরিকল্পনা ছিল ২৩২৫১.৯৪ লক্ষ টাকা এবং ক্রমপুঞ্জিত অর্থ ব্যয় করা হয়েছে ৬৯২০.১২ লক্ষ টাকা যা ডিপিপির প্রাক্কলনের ২৯.৭৬%। চলতি ২০২১-২২ অর্থবছরে সংশোধিত ডিপিপি অনুযায়ী প্রকল্পের অনুকূলে ব্যয় পরিকল্পনা ছিল ৬৫০০.০০ লক্ষ টাকা এবং এডিপি বরাদ্দের পরিমাণ ৬৫০০.০০ লক্ষ টাকা। এডিপি বরাদ্দের বিপরীতে মে ২০২২ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ৬৪০৩.২৭ লক্ষ টাকা (৯৮.৫১%)। অর্থাৎ চলতি অর্থ বছরে অগ্রগতি সন্তোষজনক।

উল্লেখ্য যে, প্রকল্পের শুরু থেকে মে ২০২২ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত বাস্তব অগ্রগতি ৬৩% এবং আর্থিক অগ্রগতি ১৩৩২৩.৩৯ লক্ষ টাকা যা ডিপিপি ও আরডিপিপি'র প্রাক্কলিত ব্যয়ের যথাক্রমে ৫৭.৩% ও ৪৭.৩৫%। প্রকল্পের আর ১ বছর ১ মাস সময় অবশিষ্ট রয়েছে অতএব ১ম সংশোধিত মেয়াদ কালেও প্রকল্পের সকল কার্যক্রম সমাপ্তি না হওয়ার আশঙ্কা রয়েছে।

## ৫.২ প্রকল্পের ক্রয় কার্যক্রম সম্পর্কিত

প্রকল্পের পণ্য ক্রয় পিডি অফিস এবং গণপূর্ত অধিদপ্তর (পিডব্লিউডি) কর্তৃক করা হয়েছে। ডিপিপিতে প্রকল্পের পণ্য ক্রয়ের মোট ৮টি প্যাকেজের মধ্যে পিডি অফিস কর্তৃক মাত্র ১টিতে সম্পূর্ণ ক্রয় সম্পন্ন এবং ৫টি প্যাকেজের আংশিক পণ্য ক্রয় করা হয়েছে যার মধ্যে ৩টিতে উন্মুক্ত দরপত্র পদ্ধতির স্থলে কোটেশনের মাধ্যমে ক্রয় করা হয়েছে। এতে ডিপিপির পরিকল্পনার ব্যত্যয় হয়েছে তবে, আংশিক পণ্য ক্রয়ের ব্যয় সীমা অনধিক ৫ লক্ষ টাকা হাওয়ায় উক্ত পণ্য প্যাকজ গুলোর ক্রয় হোপ (HOPE) এর অনুমোদনক্রমে কোটেশনের মাধ্যমে সম্পন্ন করা হয়েছে যা পিপিআর ২০০৮ এর সাথে সামঞ্জস্যপূর্ণ। অপরদিকে, যে ৩টি পণ্য প্যাকেজের (১টি সম্পূর্ণ ও ২টির আংশিক) ক্রয় কার্যক্রম উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে সম্পন্ন হয়েছে, তা ডিপিপিতে উল্লেখিত প্রক্রিয়া ও ধরণ অনুযায়ী সঠিক হয়েছে তবে সময়ের তুলনায় কিছুটা বিলম্বে সম্পন্ন হয়েছে। পর্যালোচনায় আরও দেখা যায় যে, প্রকল্পের যে সকল পণ্য প্যাকেজের ক্রয় পূর্ত প্যাকেজ বাস্তবায়নের উপর নির্ভরশীল, তা ডিপিপিতে প্রস্তাবিত সময়ের তুলনায় কিছুটা পিছিয়ে যাবে।

গণপূর্ত অধিদপ্তর (পিডব্লিউডি) কর্তৃক পণ্য ক্রয়ে ২০টি প্যাকেজের মধ্যে মাত্র ২টি প্যাকেজে চুক্তি সাক্ষরিত হয়েছে এবং ১ টি প্যাকেজের দরপত্র আহ্বান করা হয়েছে, অবশিষ্ট ১৭টি প্যাকেজের দরপত্র আহ্বান করা হয়নি। ডিপিপিতে উল্লিখিত ক্রয় পরিকল্পনায় প্রকল্পের পূর্তকাজ ক্রয় গণপূর্ত অধিদপ্তর (পিডব্লিউডি) কর্তৃক করা হয়েছে। প্রকল্পের কার্য (সিভিল) সংক্রান্ত মোট ১৭টি প্যাকেজের মধ্যে ১০টি এবং পূর্তকাজ (ই/এম) ২০টি পণ্য প্যাকেজের মধ্যে ০১টি প্যাকেজসহ (লিফট) মোট ১১টি প্যাকেজের সমন্বয়ে ০১টি প্যাকেজ তৈরী করে গণপূর্ত অধিদপ্তর কর্তৃক ওটিএম পদ্ধতিতে দরপত্র আহ্বান করতঃ CCGP এর অনুমোদনক্রমে ঠিকাদার নিয়োগ সম্পন্ন হয়েছে যা ডিপিপিতে উল্লিখিত ক্রয় পরিকল্পনার ব্যত্যয়। তবে পর্যবেক্ষণে দেখা যায় যে, ডিপিপি তে উল্লেখিত ১১ টি প্যাকেজের প্রাক্কলিত ব্যয়সীমা অনুযায়ী ক্রয় অনুমোদনকারী কর্তৃপক্ষ নির্ধারিত ছিল গণপূর্ত সচিব বা তত্ত্বাবধায়ক প্রকৌশলী তবে ১টি প্যাকেজে একত্রিকরণের ফলে মোট প্রাক্কলিত ব্যয় ১০০ কোটির অধিক হওয়ায় তা অনুমোদনের জন্য CCGP-তে প্রেরণের প্রয়োজন হয় যা আর্থিক ক্ষমতা অর্পণ অনুযায়ী সঠিক। কার্য প্যাকেজের টেন্ডার নথি পর্যালোচনা করে দেখা যায় যে, উক্ত প্যাকেজের কার্যাদেশ দেয়া হয়েছে প্রাক্কলিত দর থেকে ৭.০৯% উর্দ্ধ দরে। কার্য প্যাকেজের টেন্ডার নথি পর্যালোচনা করে দেখা যায় যে, দাপ্তরিক প্রাক্কলন ২০১৪ সালের পিডাব্লিউডি-এর রেট সিডিউল অনুসরণ করে প্রস্তুত করা হয়েছিল যা নির্মাণ সামগ্রীর উর্ধ্বগতির কারণে অকার্যকর হিসেবে পরিগণিত এবং যার ফলশ্রুতিতে অংশগ্রহণকারী ঠিকাদারগণের প্রস্তাবিত দর প্রাক্কলিত দরের অধিক হয়। পর্যালোচনায় দেখা যায় যে, নমুনা প্যাকেজটির ক্রয় কার্যক্রম পিপিএ-২০০৬ এবং পিপিআর-২০০৮ এর নির্দেশনা অনুসারে করা হয়েছে তবে টেন্ডার প্রক্রিয়ায় ডিপিপি তে প্রস্তাবিত সময়ের সাথে প্রকৃত সময়ের যথেষ্ট ব্যত্যয় পরিলক্ষিত হয়। এখানে প্রতীয়মান হয় যে, মাত্র ১টি দরপত্র রেস্পন্সিভ হওয়ায় টেন্ডার প্রক্রিয়াটি প্রতিযোগিতামূলক হয়নি।

## ৫.৩ প্রকল্পের নির্মাণাধীন অবকাঠামোতে সৃষ্ট সুবিধা সম্পর্কিত

অবকাঠামো গুলোতে সৃষ্ট সুবিধা বিন্যাস পর্যালোচনায় দেখা যায় যে, লাইব্রেরি ভবনের বেশিরভাগ ক্ষেত্রেই সুবিধাসমূহ উপরের তলায় স্থাপন করা হচ্ছে। যেমন ৬ষ্ঠ তলায় শিশু লাইব্রেরি, ৭ম তলায় প্রতিবন্ধীদের লাইব্রেরি, ক্যাফেটেরিয়া, ৮ম তলায় নিউজপেপার লাইব্রেরি ইত্যাদি। ভবনটিতে এস্কেলেটর না থাকায় সহজে ব্যবহারকারীদের উঠানামার ওঠা নামা সহজ হবেনা। একইভাবে , অডিটোরিয়াম ভবনে সবচেয়ে বড় অডিটরিয়াম হল (৯০০ জন ধারণ ক্ষমতা সম্পন্ন) উপরে ৪র্থ তলায় স্থাপন করা হচ্ছে। অধিক লোক সমাগম এবং এদের উঠানামার এস্কেলেটর এবং প্রশস্ত সিঁড়ি না থাকায় উপরে ওঠা নামা সহজ হবেনা। বিষয়টি বিবেচনায় নিয়ে ভবনে এস্কেলেটর এবং প্রশস্ত সিঁড়ি স্থাপনের বিষয় বিবেচনা করা অথবা সুবিধা বিন্যাসের ক্ষেত্রে আরোও বিশ্লেষন করা দরকার ছিল। ভবিষ্যতে এ জাতীয় প্রকল্প গ্রহণের ক্ষেত্রে বিষয়টি বিবেচনায় নেওয়া সমীচীন হবে।

প্রকল্পটি টেকসইভাবে পরিচালনার নিমিত্তে সার্বক্ষণিক প্রশিক্ষণপ্রাপ্ত জনবলের প্রয়োজন হবে। মিলনায়তন ভবনে অত্যাধুনিক বিদেশি আমদানি নির্ভর প্রযুক্তির যন্ত্রপাতি ব্যবহার হবে। যান্ত্রিক ত্রুটি/ নষ্ট জনিত কারণে যন্ত্রপাতির প্রতিস্থাপন করা প্রচুর অর্থ ও সময় সাপেক্ষ হতে পারে। প্রকল্প বাস্তবায়নকারী সংস্থার বর্তমান কাঠামোতে এ ধরনের টেকনিক্যাল জনবলের যথেষ্ট অভাব রয়েছে। তাই প্রকল্প সমাপ্তির পর এধরনের সুবিধাদি পরিচালনার জন্য প্রয়োজনীয় জনবলের সংস্থান করা অতীব জরুরি এবং এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য গণগ্রন্থাগার অধিদপ্তরকে অতিশীঘ্র পরিকল্পনা গ্রহণ করতে হবে।

## ৫.৪ প্রকল্পের ভৌত অবকাঠামো ও অন্যান্য কার্যক্রমের গুণগতমান পর্যবেক্ষণ সম্পর্কিত

প্রকল্পের নিবিড় পরিবীক্ষণের লক্ষ্যে প্রকল্পের নির্মাণাধীন অবকাঠামোসমূহের ভৌত অবস্থা পরিদর্শন ও পর্যবেক্ষণ, ভৌত পরিমাপসহ বিভিন্ন অঙ্গের পরিবীক্ষণ এবং গুণগতমান পরীক্ষা/ যাচাই করা হয়েছে। প্রকল্পের আওতায় নির্মাণাধীন সকল অবকাঠামোর ডিজাইন পর্যালোচনার পর অবকাঠামোর বিভিন্ন তলায় রুম, কলাম, বীম, সিঁড়ি, ভৌত পরিমাপ এবং প্লিন্থ এরিয়া পরিমাপ করা হয়েছে । ডিজাইন অনুসারে পরিমাপ সঠিক পাওয়া গিয়েছে।

নির্মাণকাজে স্টীল সাটার ব্যবহার করা হচ্ছে ফলে ভবনের বীম, কলাম ও ছাদে হানিকম্ব খুবই কম দেখা দিয়েছে । ভবনের বিভিন্ন তলায় স্থাপিত দরজার কাঠের ফ্রেম বাহ্যিক দৃষ্টিতে ভাল দেখা গিয়েছে । নির্মাণ কাজে ব্যবহৃত মালামাল বালু, স্টোনচিপস, রড, সিমেন্ট, স্যানিটারি সামগ্রী ইত্যাদি পরিদর্শন ও গুণগতমান যাচাই করা হয়েছে। সাইটে ইটের গুণগতমান পরীক্ষার জন্য টি টেস্ট করা হয়েছে এবং প্রাপ্ত ফলাফল কাঙ্খিত মাত্রায় পাওয়া গিয়েছে।

নির্মাণ কাজের গুণগতমান যাচাইয়ের জন্য নির্মাণকারী সংস্থা কর্তৃক নির্মাণকালীন সময়ে নির্মাণ কাজে ব্যবহৃত মালামাল ও অবকাঠামোর যে সকল টেস্ট করা হয়েছে সে সকল টেস্ট রিপোর্ট পুঙ্খানুপুঙ্খভাবে বিশ্লেষণ ও পরীক্ষা করে দেখা হয়েছে। এছাড়াও নির্মাণ কাজের গুণগতমান যাচাইয়ের জন্য সমীক্ষা টীম কর্তৃক নির্মাণাধীন ভবনের কলাম, স্লাব, বীম ও সেয়ার ওয়ালের ১২টি স্থানে Rebound Hammer Test এর মাধ্যমে কংক্রিটের স্ট্রেংথ (Strength) যাচাই করা হয়েছে এবং প্রাপ্ত ফলাফল কাঙ্খিত ফলাফলের মধ্যে পাওয়া গিয়েছে। নির্মাণ কাজে ব্যবহৃত ২টি (12 mm dia ও 20 mm dia) রডের ৪ টি এবং সিমেন্টের ২টি টেস্ট CUET এর ল্যাবে করা হয়েছে এবং ফলাফল কাঙ্খিত মাত্রায় পাওয়া গিয়েছে ।

প্রকল্প সাইটে কারিগরি এবং প্রয়োজনীয় জনবলের কিছুটা অপ্রতুলতা লক্ষ্য করা গিয়েছে এবং নির্মাণ কাজে পর্যাপ্ত সেফটি বা নিরাপত্তা ব্যবস্থা পরিলক্ষিত হয়নি। নির্মাণ কাজে ব্যবহৃত মেটেরিয়ালের পর্যাপ্ত সংখ্যক স্তরে স্তরে টেস্ট করা হয়নি। সাইট পরিদর্শনে Site Order Book এ নিয়মিত Record পরিলক্ষিত হয়নি । পিরিওডিক্যাল প্রগ্রেস রিপোর্ট পাওয়া যায়নি। নির্মাণ কাজে BNBC এর সকল ক্রাইটেরিয়া পুরোপুরি অনুসৃত হচ্ছে না।

## ৫.৫ প্রকল্পের আওতায় অবকাঠামো নির্মাণ কাজের অগ্রগতি সম্পর্কিত

মে-২০২২ খ্রিঃ পর্যন্ত নির্মাণাধীন নির্মাণাধীন গ্রন্থাগার ভবনের (১টি বেসমেন্টসহ ১৫তলা বিশিষ্ট) সকল ছাদ ঢালাই সম্পন্ন হয়েছে। ভবনের বিভিন্ন তলায় দরজার কাঠের ফ্রেম, স্যানিটারী, গ্রিল স্থাপন এবং অন্যান্য ফিনিশিং কাজ চলমান রয়েছে। গ্রন্থাগার ভবনের বেজমেন্ট এ পার্কিং, বই প্রসেসিং, ডিজিটাইলেশন, লেভেলিং, সেপটিক ট্যাংক, নিচ তলায় পার্কিং, অফিস স্পেস, রিসিপশন, ২য় ও ৩য় তলায় অফিস ও কনফারেন্স রুম, ৪র্থ ও ৫ম তলায় সাধারণ লাইব্রেরি, ৬ষ্ঠ তলায় শিশু লাইব্রেরি, ৭ম তলায় প্রতিবন্ধীদের লাইব্রেরি ও ক্যাফেটেরিয়া, ৮ম তলায় নিউজপেপার লাইব্রেরি, ৯ম ও ১০ম তলায় রেফারেন্স লাইব্রেরি এবং ১১তম তলায় সাইন্স লাইব্রেরি স্থাপন করা হচ্ছে। এছাড়াও ভবনের ১২তম তলায় প্রশিক্ষণ ইউনিট, ১৩তম তলায় আইসিটি ইউনিটসহ ১৫তম তলায় রেষ্ট হাউজ স্থাপন করা হচ্ছে। মে’ ২০২২ পর্যন্ত ভবনটির ভৌত অগ্রগতি ৬৫.০%।

নির্মাণাধীন অডিটরিয়াম ভবনের (১টি বেসমেন্টসহ ০৮তলা বিশিষ্ট) সকল ছাদ ঢালাই সম্পন্ন হয়েছে। ভবনের দরজার কাঠের ফ্রেম, স্যানিটারী, গ্রিল স্থাপন ও অন্যান্য ফিনিশিং কাজ চলমান রয়েছে। নান্দনিক এই ভবনের নীচতলায় ১০০ জন ও ২০০ জন ধারণ ক্ষমতা সম্পন্ন সেমিনার হল এবং ২য় তলায় ৩৫০ জন ধারণ ক্ষমতা সম্পন্ন এক্সপেরিমেন্টাল থিয়েটার হল, রিহার্সেল রুম ও মেকআপ রুম, ৩য় তলায় এয়ার হাইড্রোলিক ইউনিট ও ওপেন এক্সিভিশন লবি, ৪র্থ তলায় ৯০০ জন ধারণ ক্ষমতা সম্পন্ন মূল অডিটরিয়াম হল নির্মিত হচ্ছে। এছাড়াও ভবনটিতে বিভিন্ন তলায় রিহার্সেল রুম, মেকআপ রুম, লাউঞ্জ, ও রেস্ট রুম এবং ডরমেটরি ইত্যাদি স্থাপন করা হচ্ছে। মে' ২০২২ পর্যন্ত ভবনটির ভৌত অগ্রগতি ৬৮.০%।

প্লাজা ব্লকের আন্ডার গ্রাউন্ডের/ বেইজমেন্টের ছাদ ঢালাই সম্পন্ন হয়েছে এবং গ্রাউন্ড ফ্লোরের কলামের কাজ চলমান রয়েছে। মে' ২০২২ পর্যন্ত প্লাজাটির ভৌত অগ্রগতি ২৭.০%। নির্মাণাধীন মঞ্চ ও শহীদ মিনারের ম্যাট ফাউন্ডেশন এর কাজ সমাপ্ত হয়েছে এবং বেসমেন্ট এর কাজ চলমান রয়েছে। বেইজমেন্ট এ পার্কিং ও মেকআপ রুম, নীচতলায় ওপেন এয়ার থিয়েটার, পুকুর, পার্কিং এবং নীচ তলার উপরে মূল শহীদ মিনার, পাশে মঞ্চ নির্মাণ হচ্ছে। মে' ২০২২ পর্যন্ত এর ভৌত অগ্রগতি ২০.০%। উন্মুক্ত থিয়েটারের ম্যাট ফাউন্ডেশন এর কাজ সমাপ্ত এবং বেসমেন্ট এর কাজ চলমান রয়েছে। মে' ২০২২ পর্যন্ত এর ভৌত অগ্রগতি ২০.০%। ভবনের উপর জলাধার নির্মাণ এর আরসিসি কাজ সম্পন্ন হয়েছে। মে' ২০২২ পর্যন্ত এর ভৌত অগ্রগতি ৮০.০%। অডিটরিয়াম ভবনের ভূগর্ভস্থ জলাধার নির্মাণ এর আরসিসি কাজ সম্পন্ন হয়েছে। মে' ২০২২ পর্যন্ত এর ভৌত অগ্রগতি ৯০.০%।

প্রকল্পের আওতায় অন্যান্য কাজ যেমন- ভাস্কর্য ও গার্ডেন নির্মাণ, পয়ঃ নিস্কাশন ড্রেন এবং সীমানা প্রাচীর নির্মাণ, ফলস সিলিং ও বিটি ভিনিয়ার্ড ওয়াল প্যানেল রং, মিলনায়তনের এক্যুইস্টিক কাজ, আরবারিকালচার/ ল্যান্ডস্কেপিং এবং কনফারেন্স টেবিল ও চেয়ার সরবরাহ ইত্যাদি আরডিপিপি অনুমোদন সাপেক্ষে দরপত্র আহ্বান করা হবে বলে জানা গিয়েছে। প্রকল্পের আওতায় নির্মাণাধীন অবকাঠামোর মে' ২০২২ পর্যন্ত সার্বিক ভৌত অগ্রগতি ৬৩.০%।

## ৫.৬ প্রকল্প সংশোধন সম্পর্কিত

প্রকল্প বাস্তবায়নে ডিপিপি সংশোধনের উল্লেখযোগ্য কারণসমূহ হলো - পুরাতন ভবন অপসারণের কাজ বিলম্বে শুরু; প্রকল্পের সম্পূর্ণ সাইট বুঝে না পাওয়ায়; প্রত্যাশী সংস্থার চাহিদার প্রেক্ষিতে স্থাপত্য নকশায় সংশোধনসহ কিছু অত্যাবশ্যকীয় আইটেম সংযোজন; এক্সপেরিমেন্টাল থিয়েটার হল, ভিন্ন ভিন্ন ধারণ ক্ষমতা সম্পন্ন সেমিনার হল ও আনুষঙ্গিক একুইস্টিক সিস্টেম, অভ্যন্তরীন আলোকসজ্জা, নয়েজ ফ্রি সাউন্ড সিস্টেম ইত্যাদির সংযোজন; ভাস্কর্য ও গার্ডেন নির্মাণ কাজে পরিবর্তন; বর্ধিত পয়ঃ নিষ্কাশন ড্রেন এবং সীমানা প্রাচীরের কাজ; সংযোগ সড়ক, ফুটপাথ ও গার্ডসেড নির্মাণ কাজের পরিমাণ বৃদ্ধি; অনুমোদিত স্থাপত্য নকশায় অডিটোরিয়ামে একটি অতিরিক্ত লিফট স্থাপন, স্টেজলাইট, উডসিস্টেম, মাসেডলাইট ইত্যাদির সংযোজন। এছাড়া, কোভিড-১৯ মহামারীর এবং বছরের বিভিন্ন সময় প্রাকৃতিক বিপর্যয় যেমন ঝড়, অতিরিক্ত বৃষ্টিপাতের কারণে দীর্ঘ দিন যাবত নির্মাণ কাজ থাকায় প্রকল্পের মেয়াদ বৃদ্ধিসহ প্রকল্পের ব্যয় নির্বাহের জন্য প্রকল্পটি সংশোধন প্রয়োজন হয়।

## ৫.৭ প্রকল্প বাস্তবায়ন সম্পর্কিত বিভিন্ন স্টেক হোল্ডারদের মতামত সম্পর্কিত

চট্টগ্রাম মুসলিম ইনস্টিটিউট সাংস্কৃতিক কমপ্লেক্স স্থাপন শীর্ষক প্রকল্পটি সময় এবং চাহিদা বিবেচনায় একটি যুগোপযোগী প্রকল্প। প্রকল্পটির সফল বাস্তবায়ন নিশ্চিত করা গেলে অত্র এলাকার জনগণের লাইব্রেরির সুবিধা, সাংস্কৃতিক কর্মকান্ড অনুশীলনের সুবিধাসহ মনস্তাত্বিক বিকাশ ও জ্ঞান চর্চার সুযোগ তৈরী হবে, প্রকল্প এলাকাসহ এর আশেপাশের এলাকার সামাজিক সাংস্কৃতিক প্রেক্ষাপটে বড় ধরনের ইতিবাচক পরিবর্তন আসবে বলে মতামত গৃহীত হয়।

নির্মাণাধীন কমপ্লেক্সটিতে এস্কেলেটর ও প্রশস্ত সিঁড়ি না থাকায় এবং বড় হল ও বিশেষ লাইব্রেরি এবং ক্যাফেটারিয়া যেখানে বেশি লোক সমাগম হবে সেগুলো তুলনামুলক উপরের দিকে স্থাপিত হওয়ায় ব্যবহারকারিদের উঠানামায় অসুবিধা হতে পারে। প্রকল্প প্রণয়নে দুর্বল পরিকল্পনা এবং ভূমির স্থানীয় জটিলতার কারণে প্রকল্পের ডিজাইন/ নকশা পরিবর্তন হওয়ার ফলে প্রকল্প বাস্তবায়ন বাধাগ্রস্ত হয়েছে। প্রণয়নকালে পূর্বের অবকাঠামোসমূহ অপসারণ ও অফিস এবং সরঞ্জামাদি স্থানান্তরের সুনির্দিষ্ট সময় বিবেচনা না করেই নির্মাণ কাজের কার্যাদেশ প্রদান করায় নির্দিষ্ট সময়ে সাইট হস্তান্তর এবং নির্মাণ কাজ শুরুতে বিলম্ব হয়েছে। প্রকল্প বাস্তবায়নে জড়িত সংস্থা গণগ্রন্থাগার অধিদপ্তর এবং গণপূর্ত অধিদপ্তর মধ্যে সমন্বয়হীনতার কারণে সফল বাস্তবায়ন কিছুটা বাধাগ্রস্ত হচ্ছে। প্রকল্প মেয়াদের পরবর্তি সময়ে নির্মিত অবকাঠামোসহ আধুনিক যন্ত্রপাতি পরিচালনা ও রক্ষণাবেক্ষণের জন্য

গণগ্রন্থাগার অধিদপ্তর ও সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের প্রশিক্ষণপ্রাপ্ত জনবলের সংস্থানের পূর্ব পরিকল্পনা না থাকায় সমস্যার সৃষ্টি হতে পারে। সাইটে নির্মাণ কাজে পর্যাপ্ত পরিমাণ সেফটি মেজার না নেয়া বা না থাকায় যে কোন সময় দূর্ঘটনা ঘটতে পারে।

মিলনায়তন ভবনে অত্যাধুনিক বিদেশি আমদানি নির্ভর প্রযুক্তির যন্ত্রপাতি ব্যবহার হবে। প্রকল্পটি টেকসই ভাবে পরিচালনার নিমিত্তে সার্বক্ষণিক প্রশিক্ষণপ্রাপ্ত জনবলের প্রয়োজন হবে। প্রকল্প বাস্তবায়নকারী সংস্থার বর্তমান কাঠামোতে এ ধরনের প্রযুক্তির যন্ত্রপাতি ও অন্যান্য সুবিধাদি পরিচালনার জন্য টেকনিক্যাল জনবলের যথেষ্ট অভাব রয়েছে। তাই প্রকল্প সমাপ্তির পর সৃষ্ট সুবিধাদি পরিচালনার জন্য প্রয়োজনীয় জনবলের সংস্থান করা অতীব জরুর। গণগ্রন্থাগার অধিদপ্তরের সিনিয়র কর্মকর্তাদের কাছ থেকে জানা যায় যে, সাংস্কৃতিক কমপ্লেক্স পরিচালনা ও রক্ষণাবেক্ষণের জন্য ডিসি মহোদয়ের নেতৃত্বে গভার্নিং বডি/ কমিটি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। সরকারের পক্ষে থেকে এটি পরিচালনার জন্য থোক বরাদ্দ থাকবে এবং বাকি বিভিন্ন হলের ভাড়া থেকে প্রাপ্ত আয়ে/ অর্থে পরিচালিত হবে। তবে এব্যাপারে এখনোও পর্যন্ত কোন সুনির্দিষ্ট নীতিমালা তৈরি করা হয়নি বলে জানা যায়। গণগ্রন্থাগার ভবন ও এর আনুষঙ্গিক সুবিধাসমূহ সরাসরি সরকারী বিধিমোতাবেক পরিচালিত এবং এর রক্ষণাবেক্ষণ করা হবে বলে জানা যায়।

প্রকল্পের কোন ফিজিবিলিটি স্টাডি করা হয়নি। প্রকল্প প্রণয়নকালে স্থানীয় জনগণের সাথে মতবিনিময় সভা করা হয়নি। বেশিরভাগ ক্ষেত্রে কর্মপরিকল্পনা অনুযায়ী নির্মাণ কাজ বাস্তবায়ন করা সম্ভব হচ্ছে না। প্রকল্প সমাপ্তির পরবর্তি সময়ে সৃষ্ট সুবিধাদি কিভাবে পরিচালিত হবে এ ব্যাপারে ডিপিপিতে সুনির্দিষ্ট কোন দিক নির্দেশনা নেই এবং অদ্যাবধি কোন পরিকল্পনা বা সুনির্দিষ্ট নীতিমালা প্রণয়ন করা হয়নি।

## ৫.৮ পিআইসি এবং পিএসসি সভা অনুষ্ঠানের তথ্যাবলী

প্রকল্প শুরু থেকে অদ্যাবধি পর্যালোচনায় দেখা যায় যে, প্রকল্প শুরু থেকে অদ্যাবধি অর্থাৎ ১ জানুয়ারি ২০১৮ হতে এপ্রিল ২০২২ পর্যন্ত মোট ৪ টি পিআইসি সভা এবং মোট ৫ টি পিএসসি সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত বিভিন্ন বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়। ডিপিপি অনুযায়ী উক্ত সময়ের মধ্যে কমপক্ষে ২৬টি পিআইসি এবং ৫টি পিএসসি সভা অনুষ্ঠিত হওয়ার কথা ছিল। উল্লেখিত সময়ে ৫টি পিএসসি সভা অনুষ্ঠিত হলেও তা নির্ধারিত সময়ে অনুষ্ঠিত হয়নি এবং পিআইসি সভা খুবই কম ২৬ টির মধ্যে মাত্র ৪টি অনুষ্ঠিত হয়েছে।

পিএসসি সভায় ভুমি সংক্রান্ত বিষয়, প্রকল্প বাস্তবায়নের মেয়াদ বৃদ্ধি, ও বাস্তবায়ন জনিত বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়। পিআইসি সভায় প্রকল্প বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা এবং বাস্তবায়ন জনিত অন্যান্য বিষয় নিয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়। অবশিষ্ট কাজ সময়মত সম্পন্ন করার যথাযথ ব্যবস্থা গ্রহণে পিডব্লিউডির সংশ্লিষ্ট প্রতিনিধিকে নির্দেশনা প্রদান এবং তা বাস্তবায়নের প্রত্যাশী সংস্থার সমন্বয় জোরদার করার উপর পিএসসি সভায় মতামত গৃহীত হয়। বিধান অনুসারে পিআইসি এবং পিএসসি সভা অনুষ্ঠিত না হওয়ার কারণে প্রকল্পের বাস্তবায়ন কিছুটা বিঘ্নিত হয়েছে। পিএসসি সভায় ভুমি সংক্রান্ত বিষয়, প্রকল্প বাস্তবায়নের মেয়াদ বৃদ্ধি, ও বাস্তবায়ন জনিত বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়। পিআইসি সভায় প্রকল্প বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা এবং বাস্তবায়ন জনিত অন্যান্য বিষয় নিয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়। অবশিষ্ট কাজ সময়মত সম্পন্ন করার যথাযথ ব্যবস্থা গ্রহণে পিডব্লিউডির সংশ্লিষ্ট প্রতিনিধিকে নির্দেশনা প্রদান এবং তা বাস্তবায়নের প্রত্যাশী সংস্থার সমন্বয় জোরদার করার উপর পিএসসি সভায় মতামত গৃহীত হয়।

## ৫.৯ প্রকল্পের অডিট সম্পর্কিত তথ্যাবলী

প্রকল্প বাস্তবায়নে পিডি অফিসের ক্রয় সংক্রান্ত বিষয়ের অডিট বিগত ১৪/১০/২০২১ তারিখে অডিট অধিদপ্তর কর্তৃক ২০২০-২০২১ অর্থবছর পর্যন্ত নিরীক্ষা সম্পন্ন হয়েছে এবং কোন অবজারভেশন বা অডিট আপত্তি উত্থাপিত হয়নি। পিডব্লিউডি অংশের ২০১৯-২০ অর্থবছরে পূর্ত অডিট অধিদপ্তর এবং অভ্যন্তরীণ নিরীক্ষা পরিদপ্তর কর্তৃক অডিট সম্পন্ন হয়েছে এবং ২ টি আপত্তি উত্থাপিত হয়েছে। ২০২০-২১ অর্থ বছরের আভ্যন্তরীণ নিরীক্ষা পরিদপ্তর এবং শিক্ষা অডিট অধিদপ্তর কর্তৃক অডিট সম্পন্ন হয়েছে এবং ৬টি আপত্তি উত্থাপিত হয়েছে। এর মধ্যে ৩ টির ব্রডশীট জবাব দেওয়া হয়েছে এবং ২০১৯-২০ অর্থ বছরের ১টি এবং ২০২০-২১ অর্থ বছরের ১টি সহ মোট ২টির আপত্তি নিষ্পত্তি হয়েছে। বাকী ৬টি আপত্তির ব্রডশীট জবাব প্রদান করা হয়নি। অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে প্রকল্প দপ্তর কর্তৃক ব্রডশীট জবাব উপযুক্ত প্রমাণাদিসহ সংশ্লিষ্ট দপ্তরে অতিসত্বর প্রেরণ করা প্রয়োজন।

## ৫.১০ প্রকল্প বাস্তবায়নে বিলম্বের কারণসমূহ

প্রকল্প বাস্তবায়ন বিলম্বিত হওয়ার উল্লেখযোগ্য কারণসমূহ নিম্নরুপ-

- প্রকল্পের স্থানের পুরাতন ভবন অপসারণ করে ঠিকাদারকে সাইট বুঝিয়ে দিতে অতিরিক্ত সময় অতিবাহিত হওয়ায় বাস্তবায়ন কাজ শুরু করতে বিলম্ব হওয়া, প্রকল্প প্রণয়নে দুর্বল পরিকল্পনা এবং ভূমি সংক্রান্ত জটিলতার কারণে বাস্তবায়নে বিলম্ব, টেন্ডার প্রক্রিয়ায় অতিরিক্ত সময় অতিবাহিত হওয়া;
- ইউটিলিটি সার্ভিসসমূহ বিভিন্ন সেবা প্রতিষ্ঠানের সার্ভিস লাইন এর ব্যাপারে করণীয় ঠিক করতে সময় ক্ষেপণ হওয়া এবং স্থাপত্য নক্সা সংশোধনের ফলে প্রকল্প বাস্তবায়নে বিলম্ব হওয়া, প্রকল্প বাস্তবায়নে জড়িত সংস্থাগুলোর মধ্যে সমন্বয়হীনতা এবং প্রকল্পের পিআইসি, পিএসসি এবং মনিটরিং সভা নিয়ম অনুযায়ী না হওয়ায় প্রকল্প বাস্তবায়ন বিলম্বিত হওয়া;
- কোভিড-১৯ এর অতিমারী জনিত লক-ডাউনের কারণে প্রায় তিন মাস সাইটে কার্যক্রম বন্ধ থাকে এবং পরবর্তীতে কাজের বাস্তবায়ন গতি মন্থর এবং সাইটে ঠিকাদারের প্রয়োজনীয় জনবল অপ্রতুলতার কারণে বাস্তবায়ন বিলম্বিত হওয়া ।

## ৫.১১ প্রকল্পের টেকসইকরণ পরিকল্পনা বা Exit Plan সম্পর্কিত

ডিপিপি'তে প্রকল্পের ফলাফল টেকসই করার লক্ষ্যে রাজস্বখাতে প্রয়োজনীয় জনবল সৃষ্টি করার এবং একই সাথে প্রকল্পের কার্যক্রম নিয়মিত মনিটরিং ও মূল্যায়ন করার প্রয়োজনীয়তার বিষয়ে নির্দেশনা রয়েছে । এছাড়াও ভবন নিয়মিত রক্ষণাবেক্ষণ ও পরিচর্যার জন্য যন্ত্রপাতি ও স্থাপনাগুলো রাজস্ব খাতে স্থানান্তর করার বিষয়ে উল্লেখ রয়েছে।

তবে প্রকল্প পরবর্তী সময়ে সৃষ্ট সুবিধাদি ও অবকাঠামোসমুহ রক্ষণাবেক্ষণের ক্ষেত্রে দায়িত্বশীল সংস্থা ও প্রয়োজনীয় জনবল কাঠামো, নিয়োগ পরিকল্পনা ইত্যাদি বিষয়ে কোন সুনির্দিষ্ট নির্দেশনা নেই। এক্ষেত্রে প্রকল্প সমাপ্তির পর নির্মিত সকল অবকাঠামো ও যন্ত্রপাতি রাজস্ব খাতে পর্যাপ্ত বরাদ্দ নিশ্চিত পূর্বক গণপূর্ত অধিদপ্তর কর্তৃক রক্ষণাবেক্ষণ করা যেতে পারে। উদ্যোগী সংস্থার বর্তমান কাঠামোতে উন্নত প্রযুক্তির যন্ত্রপাতি ও সরঞ্জামাদিসহ প্রকল্পের অন্যান্য সুবিধাদি পরিচালনার জন্য প্রয়োজনীয় টেকনিক্যাল জনবল নেই। তাই প্রয়োজনীয় জনবলের নিয়োগ পরিকল্পনা তথা জনবলের সংখ্যা ও কর্মপরিধি নির্ধারণ এবং একই সাথে তাদের নিয়োগ প্রক্রিয়া প্রকল্প সমাপ্তির আগে থেকেই উদ্যোগী সংস্থা কর্তৃক শুরু করা প্রয়োজন যাতে করে প্রকল্প সৃষ্ট সকল সুবিধাসমূহ প্রকল্প সমাপ্তির পর অতিসত্বর রক্ষণাবেক্ষণের আওতায় আনা সম্ভব হয়।

গণগ্রন্থাগার অধিদপ্তরের সিনিয়র কর্মকর্তাদের কাছ থেকে জানা যায় যে, সাংস্কৃতিক কমপ্লেক্স পরিচালনা ও রক্ষণাবেক্ষণের জন্য ডিসি মহোদয়ের নেতৃত্বে গভার্নিং বডি/ কমিটি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। সরকারের পক্ষ থেকে এটি পরিচালনার জন্য রাজস্ব খাত হতে থোক বরাদ্দ থাকবে এবং অবশিষ্ট খরচ বিভিন্ন হলের ভাড়া থেকে প্রাপ্ত আয়ে পরিচালিত হবে। তবে এ ব্যাপারে এখনোও পর্যন্ত কোন সুনির্দিষ্ট নীতিমালা তৈরি করা হয়নি বলে জানা যায়। সুতরাং উল্লেখিত নীতিমালা প্রস্তুতের বিষয়ে অতিসত্বর উদ্যোগ গ্রহণ করা যেতে পারে। এতে করে পরিচালনা ও রক্ষণাবেক্ষণের ক্ষেত্রে সংস্থাগুলোর মধ্যে সমন্বয় সুস্পষ্ট হয়ে উঠবে বলে আশা করা যায়।

# ষষ্ঠ অধ্যায়

# উপসংহার ও সুপারিশ

## ৬.১ সুপারিশমালাঃ

প্রকল্পের নিবিড় পরিবীক্ষণ কাজের অংশ হিসেবে ডিপিপিসহ প্রকল্প সংশ্লিষ্ট অন্যান্য দলিলাদি, সমীক্ষার জন্য সংগৃহীত তথ্য উপাত্তের আলোকে এ পর্যন্ত অর্জিত ফলাফলা আলোচনা পর্যালোচনা করা হয়েছে। সে বিবেচনায় প্রকল্পের অবশিষ্ট কাজে অনুসরণের জন্য নিম্ন বর্ণিত সুপারিশসমূহ করা হলোঃ

১। প্রকল্পের অবশিষ্ট কাজ নির্ধারিত সময়ে সম্পন্ন করার লক্ষ্যে একটি সময়াবদ্ধ রিভাইজ ওয়ার্কপ্লান তৈরি করে ঠিকাদারী প্রতিষ্ঠান কর্তৃক তা অনুসরণ ও বাস্তবায়ন নিশ্চিতকরণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা;

২। প্রতিমাসে বাস্তবায়নকারী সংস্থা কর্তৃক নির্মাণ কাজের একটি প্রগ্রেস রিপোর্ট প্রত্যাশী সংস্থা এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে প্রেরণ করার ব্যবস্থা গ্রহণ করা;

৩। নির্মাণ কাজের গুণগতমান নিশ্চিত করার জন্য ঠিকাদারী প্রতিষ্ঠান কর্তৃক প্রয়োজনীয় সংখ্যক মেটেরিয়ালের টেস্ট করার ব্যবস্থা গ্রহণ করা;

৪। ঠিকাদারকে সাইটে প্রয়োজনীয় সংখ্যক কারিগরি ও অন্যান্য জনবল নিয়োগ নিশ্চিত করা এবং সাইটে নির্মাণ কাজে ঠিকাদার কর্তৃক প্রয়োজনীয় সেফটি মেজার নেয়ার ব্যবস্থা গ্রহণ করা;

৫। উদ্যোগী মন্ত্রণালয় এবং বাস্তবায়নকারী সংস্থা কর্তৃক প্রকল্প বাস্তবায়ন কাজের মনিটরিং জোরদার করা;

৬। প্রকল্প মেয়াদের পরবর্তিতে সৃষ্ট সুবিধাদি সুষ্ঠুভাবে পরিচালনা ও রক্ষণাবেক্ষণের জন্য প্রয়োজনীয় জনবলের নিয়োগের যথাযথ পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে;

৭। প্রকল্প বাস্তবায়নে জড়িত সংস্থাগুলোর মধ্যে সমন্বয় জোরদার করা এবং প্রকল্পের পিআইসি এবং পিএসসি সভা নিয়ম আনুযায়ী অনুষ্ঠানের ব্যবস্থা করা;

৮। ভবিষ্যতে একই প্রকৃতির প্রকল্পের ডিপিপি প্রণয়নকালে প্রকল্প স্থানের পুরাতন স্থাপনা অপসারণ, ভূমি ব্যবহার জনিত জটিলতা এবং ইউটিলিটি স্থানান্তর সংক্রান্ত বিষয়ে প্রয়োজনীয় সময় বিবেচনা করে ঠিকাদার নিয়োগ ও অবকাঠামো নির্মাণের পরিকল্পনা গ্রহণ করা;

৯। প্রকল্পের ডিপিপি প্রণয়নকালে ক্রয় পরিকল্পনা যথাযথভাবে প্রণয়ন করা যাতে বাস্তবায়নকালে ক্রয় পদ্ধতি এবং প্যাকেজের কোন পরিবর্তন করতে না হয় এবং পরিকল্পিত সময়ে ক্রয় কার্যক্রম সম্পন্ন করা যায়;

১০। নির্মাণ কাজে বিলম্বের জন্য ঠিকাদারের নিকট হতে কোন যৌক্তিক ও গ্রহণযোগ্য জবাব না পাওয়া গেলে বাস্তবায়নকারী সংস্থা কর্তৃক চুক্তি অনুসারে Liquidated Damage আদায়ের ব্যবস্থা করা;

১১। ভবিষ্যতে এ জাতীয় প্রকল্প গ্রহণের ক্ষেত্রে সুবিধাভোগীদের ভবনে সহজে উঠানামার বিষয় বিবেচনায় নিয়ে এস্কেলেটর বা প্রশস্ত সিঁড়ির ব্যবস্থা রেখে নকশা প্রণয়ন করা; এবং

১২। ভবিষ্যতে একই প্রকৃতির প্রকল্প গ্রহণের পূর্বে ফিজিবিলিটি স্টাডি সম্পন্ন করা।

## ৬.২ উপসংহারঃ

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অধীনে গণগ্রন্থাগার অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন চট্টগ্রাম মুসলিম ইনস্টিটিউট সাংস্কৃতিক কমপ্লেক্স স্থাপন শীর্ষক প্রকল্পটি একটি গুরুত্বপূর্ণ প্রকল্প। প্রকল্পের আওতায় সাংস্কৃতিক কমপ্লেক্সটির সফল বাস্তবায়ন সম্পন্ন হলে বিভাগীয় সরকারি গণগ্রন্থাগারের পাঠকদের জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ের জ্ঞান অর্জনের জন্য ইন্টারনেটসহ বিভিন্ন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি সংশ্লিষ্ট সুবিধা গ্রহণ বিশেষ করে ছাত্র-শিক্ষকদের তথ্য চাহিদা পুরণের নতুন দ্বার উন্মোচিত হবে এবং এর ফলে শিক্ষার গুণগতমানও ব্যাপকভাবে বৃদ্ধি পাবে। লাইব্রেরি সেবার উন্নয়ন এবং পাঠক ধারণা ক্ষমতা বৃদ্ধির ফলে আরও বেশি পাঠক, গবেষক, পরিকল্পনাবিদ, নীতি-নির্ধারকবৃন্দ লাইব্রেরির প্রতি আকৃষ্ট হবে যার ফলে একটি মননশীল পাঠক সমাজ তৈরি এবং জ্ঞানভিত্তিক সমাজ গঠন প্রক্রিয়া ত্বরান্বিত হবে। এছাড়াও সাংস্কৃতিক কমপ্লেক্স এ উন্নতমানের সাংস্কৃতিক ও বিনোদন কেন্দ্র তৈরির ফলে সাংস্কৃতিক চর্চায় মানুষের আগ্রহ বৃদ্ধি পাবে এবং ঝিমিয়ে পড়া বিভিন্ন সাংস্কৃতিক সংগঠনের মধ্যে প্রাণের সঞ্চার ঘটবে এবং একটি রুচিশীল ও স্বাস্থ্যকর সমাজ ব্যবস্থা গড়ে উঠবে বলে আশা করা যায়। যেহেতু প্রকল্পের মে' ২০২২ পর্যন্ত সার্বিক ভৌত অগ্রগতি মাত্র ৬৩.০% এব্যাপারে প্রকল্প কর্তৃপক্ষ, সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সচিব এবং পিডব্লিউডি'র প্রধান প্রকৌশলী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারে। অবশিষ্ট কাজ দ্রুত সম্পন্ন করার লক্ষ্যে একটি সময়াবদ্ধ রিভাইজ ওয়ার্কপ্লান তৈরি করে সে মোতাবেক বাস্তবায়ন নিশ্চিতকরণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা দরকার। প্রকল্প মেয়াদের পরবর্তি সময়ে নির্মিত অবকাঠামোসহ অন্যান্য সরঞ্জামাদি রক্ষণাবেক্ষণের ক্ষেত্রে প্রত্যাশী সংস্থার টেকনিক্যাল পারসনদের সমন্বয়ে একটি কমিটি বা সেল প্রতিষ্ঠার নীতিগত সিদ্ধান্ত গ্রহণ করা যাতে প্রকল্প সমাপ্তির পর তা যথাযথ রক্ষণাবেক্ষণের মাধ্যমে প্রকল্পের মাধ্যমে সৃষ্ট সুবিধাদি সফলভাবে পরিচালনা করা যায় এবং প্রকল্পের উদ্দেশ্য অর্জিত হয়।

# স্থানীয় পর্যায়ে মত বিনিময় কর্মশালা

বিগত ৯ এপ্রিল ২০২২ খ্রিঃ তারিখ রোজ শনিবার "চট্টগ্রাম মুসলিম ইনস্টিটিউট সাংস্কৃতিক কমপ্লেক্স স্থাপন শীর্ষক" প্রকল্পের নিবিড় পরিবীক্ষণের উপর স্থানীয় পর্যায়ের কর্মশালা চট্টগ্রাম মুসলিম ইনস্টিটিউট সাংস্কৃতিক কমপ্লেক্স এর নির্মাণাধীন অডিটরিয়াম ভবনের নীচতলার হলরুমে অনুষ্ঠিত হয়।





মতবিনিময় কর্মশালার কার্যবিবরণী, উপস্থিত সদস্যবৃন্দের মতামতসমূহ নিম্নে তুলে ধরা হলো -

### স্থানীয় পর্যায়ের কর্মশালার কার্যবিবরণীঃ

বিগত ৯ এপ্রিল ২০২২ খ্রিঃ রোজ শনিবার চট্টগ্রাম মুসলিম ইনস্টিটিউট সাংস্কৃতিক কমপ্লেক্স স্থাপন শীর্ষক প্রকল্পের নিবিড় পরিবীক্ষণের স্থানীয় পর্যায়ের কর্মশালা সকাল ১১.০০ ঘটিকায় শুরু হয়। কর্মশালায় সভাপতিত্ব করেন জনাব মোঃ লুৎফর রহমান, প্রকল্প পরিচালক, চট্টগ্রাম মুসলিম ইনস্টিটিউট সাংস্কৃতিক কমপ্লেক্স স্থাপন শীর্ষক প্রকল্প । কর্মশালায় প্রধান অতিথি হিসেবে ভার্চুয়ালী যুক্ত ছিলেন জনাব মোঃ মতিয়ার রহমান, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৫, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা। কর্মশালায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ১। জনাব গুল্লাল সিংহ, পরিচালক (উপসচিব), পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৫, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয় ৩। জনাব রেজওয়ানা শবনম, উপপরিচালক, পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৫, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয় (ভার্চুয়ালী যুক্ত ছিলেন) এবং ৪। জনাব এ.এইচ.এম. কামরুজ্জামান, প্রিন্সিপাল লাইব্রেরিয়ান-কাম-উপপরিচালক, গণগ্রন্থাগার অধিদপ্তর, চট্টগ্রাম ।

উক্ত কর্মশালায় গণগ্রন্থাগার অধিদপ্তরের কর্মকর্তা, গণপূর্ত বিভাগের সংশ্লিষ্ট প্রকৌশলী এবং ঠিকাদার প্রতিষ্ঠানের প্রতিনিধিগণ, সাংস্কৃতিক ব্যক্তিবর্গ, এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ, ব্যবসায়ী প্রতিনিধি, সুশিল সমাজের প্রতিনিধি, মসজিদের ইমামসহ অন্যান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। প্রধান অতিথির স্বাগত বক্তব্যের মাধ্যমে কর্মশালার কার্যক্রম শুরু হয়। সভার শুরুতে পরামর্শক সংস্থা এম আর কন্সালট্যান্টস্ এর ব্যবস্থাপনা পরিচালক ও মূল্যায়ন বিশেষজ্ঞ জনাব মোঃ মকবুল হোসেন প্রকল্পের কার্যক্রম এবং প্রকল্পের নিবিড় পরিবীক্ষণের উপর পরামর্শক সংস্থা কর্তৃক গৃহীত কার্যক্রম এবং প্রাপ্ত ফাইন্ডিংস সমুহ উত্থাপন করেন। আইএমইডির পরিচালক জনাব গুল্লাল সিংহ নিবিড় পরিবীক্ষণের উদ্দেশ্য ও কার্যপরিধি সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন। এরপর বিশেষ অতিথিবৃন্দ কর্তৃক প্রকল্প বাস্তবায়নের সার্বিক অবস্থা এবং সমস্যাদির উপর গুরুত্বপুর্ণ বক্তব্য উপস্থাপিত হয়। পরবর্তীতে সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে কর্মশালায় উপস্থিত সদস্যবৃন্দের কাছ থেকে নিবিড় পরিবীক্ষণে প্রাপ্ত ফাইন্ডিংস এর উপর মতামত ও উন্মুক্ত প্রশ্ন আহ্বান করা হয় এবং উক্ত কর্মশালা থেকে মতামতের ভিত্তিতে প্রাপ্ত ফলাফলসমূহ নিম্নে সংক্ষিপ্ত আকারে তুলে ধরা হলো-

**স্থানীয় পর্যায়ের কর্মশালা থেকে মতামতের ভিত্তিতে প্রাপ্ত ফলাফলসমূহঃ**

৪. চট্টগ্রাম মুসলিম ইনস্টিটিউট সাংস্কৃতিক কমপ্লেক্স স্থাপন শীর্ষক প্রকল্পটি সময় এবং চাহিদা বিবেচনায় একটি যুগোপযোগী প্রকল্প বলে উপস্থিত সকলে মতামত প্রদান করেন।

৫. এই প্রকল্পের সফল বাস্তবায়ন নিশ্চিত করা গেলে অত্র এলাকার জনগণের লাইব্রেরির সুবিধা, সাংস্কৃতিক কর্মকান্ড অনুশীলনের সুবিধাসহ মনস্তাত্বিক বিকাশ ও জ্ঞান চর্চার সুযোগ তৈরী হবে বলে মতামত গৃহীত হয়।

৬. চট্টগ্রাম মুসলিম ইনস্টিটিউট সাংস্কৃতিক কমপ্লেক্স স্থাপন সম্পন্ন হলে প্রকল্প এলাকাসহ এর আশেপাশের এলাকার সামাজিক সাংস্কৃতিক প্রেক্ষাপটে বড় ধরনের ইতিবাচক পরিবর্তন আসবে বলে উপস্থিত সকলে আশাবাদ ব্যক্ত করেন।

৭. চট্টগ্রাম মুসলিম ইনস্টিটিউট সাংস্কৃতিক কমপ্লেক্স স্থাপনের জন্য আধুনিক যন্ত্রপাতি ক্রয় ও সরবরাহের মাধ্যমে মনস্তাত্বিক ও জ্ঞান চর্চার পাশাপাশি ছাত্র ও যুবকদের শরীরিক চর্চারও সুযোগ তৈরী হবে ফলে দক্ষ এবং সু-স্বাস্থ্যবান জীবন গড়ার ক্ষেত্রে এই প্রকল্প গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে মতামত গৃহীত হয়।

৮. এই প্রকল্পের আওতায় নাটক, থিয়েটারসহ নানা ধরনের চিত্তবিনোদনের জন্য বিভিন্ন ধরনের মঞ্চ ও সজ্জা সামগ্রীর ব্যবস্থা রাখা হয়েছে এবং এসব ব্যবহারে চিত্তবিনোদনের অনেক বড় ধরনের সুযোগ তৈরী হবে বলে মতামত গৃহীত হয়।

৯. এই প্রকল্প বাস্তবায়নের ফলে পরিবেশের উপর খারাপ প্রভাব পড়বে না মর্মে কর্মশালায় উপস্থিত সকলে মতামত প্রদান করেন তবে এক্ষেত্রে মসজিদ মার্কেটে বৃষ্টিতে জলাবদ্ধতা কিছুটা বাড়তে পারে যার জন্য প্রয়োজনীয় নিষ্কাশন ব্যবস্থা প্রকল্পের মাধ্যমে করার জোড়াল দাবি করা হয়। সংলগ্ন মসজিদ মার্কেটকে প্রকল্পের আওতায় আনারও দাবি জানানো হয়।

১০. চট্টগ্রাম মুসলিম ইনস্টিটিউট সাংস্কৃতিক কমপ্লেক্স স্থাপন সংক্রান্ত প্রকল্পের দুর্বলদিক হলো কমপ্লেক্সটিতে এস্কেলেটর এর ব্যবস্থা না থাকা এবং প্রয়োজনের তুলনায় পর্যাপ্ত ওয়াশরুমের ব্যবস্থা না থাকা।

১১. চট্টগ্রাম মুসলিম ইনস্টিটিউট সাংস্কৃতিক কমপ্লেক্স স্থাপনের কার্যক্রম আরও প্রসারিত, টেকসই এবং ফলপ্রসূ করার লক্ষ্যে স্থানীয় জনগনের অংশগ্রহণ নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা এবং কমপ্লেক্স এর মেইন্টেনেন্সের জন্য প্রয়োজনীয় জনবল ও অর্থ বরাদ্দের ব্যবস্থা করা।

১২. প্রকল্পের ফলাফল টেকসই করার লক্ষ্যে গণগ্রন্থাগার অধিদপ্তর ও সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় উন্নত দেশের সংস্কৃতি চর্চার অনুসরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারে বলে মতামত গৃহীত হয়।

১৩. এছাড়াও প্রকল্পের সার্বিক গতিশীলতা বৃদ্ধি এবং মানসম্মত অবকাঠামো তৈরিতে নির্মাণ সংস্থার প্রতিনিধিদের পক্ষ থেকে ব্যবস্থা নেওয়ার ব্যাপারে নিশ্চয়তা প্রদান করা হয়।

১৪. নির্মাণ কাজের বাস্তবায়ন, তত্বাবধান ও পর্যবেক্ষনের জন্য মাঠ পর্যায়ে প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা গণপুর্ত অধিদপ্তর (পিডব্লিউডি) এর জনবলের অপ্রতুলতা রয়েছে। ফলে নির্মাণ কাজের নিবিড় তত্বাবধান ও গুণগতমান নির্ণয় কাঙ্ক্ষিত পর্যায়ে সম্ভব হচ্ছে না বলে গণপুর্ত অধিদপ্তরের কর্মকর্তাগণ তাদের মতামত ব্যক্ত করেন। অন্যদিকে বাস্তবায়নে নিয়োজিত ঠিকাদার প্রতিষ্ঠানের প্রয়োজনীয় জনবল ও আধুনিক যন্ত্রপাতি এবং অন্যান্য প্রয়োজনীয় ব্যবস্থার কিছুটা কমতি রয়েছে। এ সকল সীমাবদ্ধতার মধ্যেও প্রকল্পের প্রগ্রেস সন্তোষজনক পর্যায়ে রয়েছে এবং নির্ধারিত সময়ে নির্মাণ কাজ শেষ হবে বলে নির্বাহী প্রকৌশলী, পিডব্লিউডি পক্ষ থেকে আশাবাদ ব্যক্ত করা হয়।

১৫. প্রকল্পেটির Objective অনুযায়ী নীতিমালা তৈরী করে তা বাস্তবায়নের যথাযথ ব্যবস্থা গ্রহণ করা। প্রকল্পের সফল বাস্তবায়ন নিশ্চিতকরণ এবং উদ্দেশ্যগুলো পুরোপুরি অর্জনের লক্ষ্যে একটি Oriented Action Plan তৈরি করে ঠিকাদার প্রতিষ্ঠানকে তা অনুসরণ ও বাস্তবায়ন নিশ্চিতকরণের জন্য ব্যবস্থা গ্রহণ এবং প্রয়োজনে প্রকল্প কর্তৃপক্ষ, গণপুর্ত অধিদপ্তর এবং মন্ত্রনালয়ের প্রতিনিধির সমন্বয়ে একটি কমিটি বা সেল গঠন করে প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি নিশ্চিত করার ব্যবস্থা করা প্রয়োজন এবং উল্লিখিত সময়ের মধ্যে যেসকল কাজ সম্পন্ন করা সম্ভব হয়নি তা অতিসত্বর সম্পন্ন করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা দরকার বলে মতামত গৃহীত হয়।

<u>১৩. প্রকল্পের দুর্বল দিক সম্পর্কে মতামতঃ</u>

- প্রকল্পের ডিজাইন পরিবর্তন হওয়ার ফলে প্রকল্প বাস্তবায়ন বাধাগ্রস্ত হওয়া। প্রকল্পের ডিজাইন ২বার পরিবর্তিত হয়ে ৩য় বারে চূড়ান্ত হওয়ার ফলে এর অগ্রগতি বাধাগ্রস্ত হয়। ডিপিপিতে মসজিদ ও মার্কেট নির্মাণ এবং ফুড গার্ডেন নির্মাণের পরিকল্পনা থাকলেও তা বাদ দেওয়ায় প্রকল্পের উদ্দেশ্য পুরোপুরি অর্জিত হওয়ার ক্ষেত্রে আশঙ্কা দেখা দিয়েছে। প্রকল্প

স্থানের পুরাতন অবকাঠামোসমূহ অপসারণ ও অফিস এবং সরঞ্জামাদি স্থানান্তরের সুনির্দিষ্ট সময় বিবেচনা না করেই নির্মাণ কাজের কার্যাদেশ প্রদান করায় নির্দিষ্ট সময়ে সাইট হস্তান্তর এবং নির্মাণ কাজ শুরুতে বিলম্ব হওয়া । প্রকল্পের ডিপিপি প্রণয়নকালে বিষয়টি গুরুত্ব সহকারে বিবেচনা করা।

- প্রকল্প বাস্তবায়নে জড়িত সংস্থা গুলোর মধ্যে কিছুটা সমন্বয়হীনতা এবং প্রকল্প বাস্তবায়নে অবকাঠামো নির্মাণে সুনির্দিষ্ট টাইম বাউন্ড ওয়ার্কপ্লান অনুসরণ না করা ।

প্রকল্পের বাস্তবায়নের বিলম্বের কারণ সম্পর্কে মতামতঃ

- প্রকল্প স্থানের পুরাতন ভবন ভেঙ্গে নতুন ভবনের সাইট হস্তান্তরে সুনির্দিষ্ট পরিকল্পনা না করায় বা না থাকায় সাইট হস্তান্তরে বিলম্ব হওয়া।
- টেন্ডার প্রক্রিয়া থেকে ওয়ার্ক অর্ডার পর্যন্ত দীর্ঘ সময় অতিবাহিত হওয়া এবং ওয়ার্ক অর্ডার প্রদানে কিছুটা বিলম্ব হওয়া।
- প্রকল্প বাস্তবায়নে প্রয়োজনীয় জনবলের কিছুটা অপ্রতুলা। প্রকল্প বাস্তবায়নে জড়িত সংস্থা গুলোর মধ্যে কিছুটা সমন্বয়হীনতা এবং প্রকল্প অথোরিটির প্রতিটি উপাদানের বাস্তবায়ন অগ্রগতি নিশ্চিতকরনের ব্যাপারে প্রয়োজনীয় তদারকি না করায় বাস্তবায়ন কিছুটা বিলম্বিত হওয়া।
- প্রকল্প বাস্তবায়নে অবকাঠামো নির্মাণে সুনির্দিষ্ট টাইম বাউন্ড ওয়ার্কপ্লান অনুসরণ না করা ।
- সাইটে ঠিকাদার কর্তৃক প্রয়োজনীয় কারিগরি ও অন্যান্য জনবল কিছুটা স্বল্পতার কারণে বাস্তবায়ন কিছুটা বিলম্বিত হওয়া। ।

১৬. প্রকল্পের Exit Plan সম্পর্কে মতামতঃ

প্রকল্পের অবশিষ্ট সকল কার্যক্রম দ্রুত সম্পন্ন করার জন্য প্রকল্প বাস্তবায়নের সকল পর্যায়ে গতি বৃদ্ধি করা জরুরি। প্রকল্প মেয়াদের পরবর্তি সময়ে নির্মিত অবকাঠামোসহ অন্যান্য সরঞ্জামাদি রক্ষণাবেক্ষণের ক্ষেত্রে গণগ্রন্থাগার অধিদপ্তর ও সংস্কৃতি মন্ত্রণালয়ের টেকনিক্যাল পারসনদের সমন্বয়ে একটি কমিটি বা সেল প্রতিষ্ঠার নীতিগত সিদ্ধান্ত গ্রহণ করা যাতে প্রকল্প সমাপ্তির পর তা যথাযথ রক্ষণাবেক্ষণের মাধ্যমে প্রকল্পের মাধ্যমে সৃষ্ট সুবিধাদি সফলভাবে পরিচালনা করা যায় এবং প্রকল্পের উদ্দেশ্য অর্জিত হয়।

## এফজিডি - চট্টগ্রাম মুসলিম ইনস্টিটিউট'র বিভিন্ন শ্রেণীর কর্মকর্তাদের সাথে FGD Guideline

চট্টগ্রাম মুসলিম ইনস্টিটিউট'র বিভিন্ন শ্রেণীর কর্মকর্তাদের সাথে FGD এর মাধ্যমে আলোচনা এবং প্রাপ্ত ফলাফলসমূহ নিম্নে সংক্ষিপ্ত আকারে উল্লেখ করা হইলঃ





১. চট্টগ্রাম মুসলিম ইনস্টিটিউট সাংস্কৃতিক কমপ্লেক্স স্থাপন শীর্ষক প্রকল্প সম্পর্কে মতামত:

চট্টগ্রাম মুসলিম ইনস্টিটিউট সাংস্কৃতিক কমপ্লেক্স স্থাপনা হল একটি নান্দনিক স্থাপত্য ও অত্যাধুনিক সুবিধা সম্পন্ন ভবন। লিফট, জেনেরেটর, সেন্টাল এয়ারকুলার, সোলার প্যানেল, অগ্নি-নির্বাপকসহ সকল ধরনের ব্যবস্থা আছে এই কমপ্লেক্সে। এটিতে নাট্যকর্মীদের ও সাংস্কৃতিক ব্যক্তিদের জন্য পরিশুদ্ধ সাংস্কৃতি চর্চার জন্য বিভিন্ন সাইজের একাধিক হল ও রিহার্সেল রুমসহ অনেক কিছু রয়েছে।

২. চট্টগ্রাম মুসলিম ইনস্টিটিউট সাংস্কৃতিক কমপ্লেক্স স্থাপন সম্পন্ন হলে এর আশেপাশের এলাকার আর্থসামাজিক প্রেক্ষাপটে কি ধরনের পরিবর্তন আসছে বলে আপনি/ আপনারা মনে করেন?

চট্টগ্রাম মুসলিম ইনস্টিটিউট সাংস্কৃতিক কমপ্লেক্স স্থাপন সম্পন্ন হলে এলাকার লোকজন প্রতিবন্ধী শিশু ছত্র-ছাত্রী, বয়স্ক মধ্য বয়স্ক সবাই বইয়ের প্রতি ও সাংস্কৃতিক কর্মকান্ডের প্রতি আগ্রহ বাড়বে এবং সামাজিক সতেচনা বাড়বে, সার্বিক মননশিলতার উন্নতি হবে।

৩. এই প্রকল্পের আওতায় প্রশিক্ষণ ব্যবস্থা রয়েছে কিনা? এ ব্যাপারে মতামত:

এই প্রকল্পের আওতায় নাঁচ-গান আবৃত্তি ইত্যাদি চর্চা/প্রশিক্ষণের ব্যবস্থা থাকবে। পাঠাগার থাকবে সেখানে সর্বোপরি লোকজন পাঠদান করবে।

৪. চট্রগ্রাম মুসলিম ইনস্টিটিউট সাংস্কৃতিক কমপ্লেক্স স্থাপনের জন্য আধুনিক যন্ত্রপাতি ক্রয় ও সরবরাহের মাধ্যমে কী ধরনের সুযোগ-সুবিধা সৃষ্টি হবে বলে আপনারা মনে করেন?

চট্রগ্রাম মুসলিম ইনস্টিটিউট সাংস্কৃতিক কমপ্লেক্স স্থাপনের জন্য আধুনিক যন্ত্রপাতি ক্রয় ও সরবরাহের মাধ্যমে বিশুদ্ধ সাংস্কৃতি চর্চা, নাট্যকর্ম ও সাংস্কৃতিক ব্যক্তিদের জন্য উন্নত পদ্ধতিতে প্রশিক্ষণ এবং ছাত্র ছাত্রীসহ বিভিন্ন পর্যায়ে ব্যক্তিদের বই পড়ার সুযোগ-সুবিধা সৃষ্টি হবে।

৫. এই প্রকল্পের আওতায় কী ধরনের চিত্তবিনোদন সামগ্রীর ব্যবস্থা রাখা হয়েছে এবং চিত্তবিনোদনের ক্ষেত্রে কোন ধরনের প্রভাব পড়বে বলে আপনারা মনে করেন কি না ব্যাপারে মতামত:

চিত্তবিনোদনের জন্য ওপেন এয়ার থিয়েটার, মিউজিক সামগ্রীর ব্যবস্থা থাকবে এবং চিত্তবিনোদনের এই কর্মকান্ডের জন্য সমাজ ও এলাকায় বিশাল একটা প্রভাব পড়বে, সবকিছু জানা-শেখার একটি উপায় এই ইনস্টিটিউটে তৈরি হবে।

৬. দক্ষ এবং সু-স্বাস্থ্যবান জীবন যাপনের লক্ষ্যে এই প্রকল্পের ভূমিকা কতটুকু রয়েছে বলে আপনারা মনে করেন? এ ব্যাপারে মতামত:

দক্ষ এবং স্বাস্থ্যবান জীবন গড়ার লক্ষ্যে দারুণ একটা প্রভাব পড়বে। চট্রগ্রাম মুসলিম ইনস্টিটিউট সাংস্কৃতিক কমপ্লেক্স এ ছাত্রছাত্রীরা অবসর সময়ে এখানে এসে সাংস্কৃতিক চর্চা, বইপড়া, খেলাধুলা করে সময় কাঁটাতে পারবে, অন্যত্র বাজে সময় ও

নেশাগ্রস্ততা থেকে দূরে সরে চট্রগ্রাম মুসলিম ইনস্টিটিউট সাংস্কৃতিক কমপ্লেক্স এসে সময়কাটালে সবার মাঝে নম্র ও ভদ্র আচরন তৈরি হবে, সামাজিক পরিবর্তন আসবে এবং সকলের মাঝে আন্তরিকতা বৃদ্ধি এবং সকলের লাইফ স্টাইলের পরিবর্তন হবে।

৭. এই প্রকল্পের ফলে পরিবেশের উপর খারাপ প্রভাব পড়েছে কি-না। পরিবেশ বান্ধব ও টেকসই পরিবেশ সৃষ্টির লক্ষ্যে আরো কী কী কার্যক্রম গ্রহণ করা যেতে পারে?

এই প্রকল্প বাস্তবায়নের ফলে পরিবেশের উপর খারাপ প্রভাব পড়বে না । টিকসই পরিবেশ সৃষ্টির লক্ষ্যে কর্তৃপক্ষের প্রতিনিয়ত মনিটরিং করা হবে।

৮. চট্রগ্রাম মুসলিম ইনস্টিটিউট সাংস্কৃতিক কমপ্লেক্স স্থাপন প্রকল্পের সুযোগ সুবিধা বিশেষ করে প্রতিবেশীদের জন্য অতিরিক্ত সময়ের জন্য খোলা রাখা যাতে তারা অফিসের পরে এসে সাংস্কৃতিক চর্চার সুযোগ পেয়ে থাকে এবং লাইব্রেরি নির্দিষ্ট সময়ের জন্য খোলা রাখা যাতে করে তারা তাদের অবসর সময়টায় জ্ঞানবৃদ্ধির চর্চা করে ভাল কিছু পেতে পারে ।

৯. উল্লেখিত প্রকল্পের সবল দিক, দুর্বল দিক এবং ঝুঁকি সম্পর্কে মতামতঃ

সবল দিক হলোঃ চট্রগ্রাম মুসলিম ইনস্টিটিউট সাংস্কৃতিক কমপ্লেক্স স্থাপন প্রকল্পের সবলদিক হল একই ক্যাম্পাসে পর্যাপ্ত সুযোগ-সুবিধার ব্যবস্থা এবং ছাত্র ছাত্রীসহ বিভিন্ন পর্যায়ের ব্যক্তিদের বই পড়ার আগ্রহ ও উৎসাহ তৈরি করা, চট্টগ্রাম শহরের কেন্দ্রে অবস্থিত হওয়ায় এর ব্যবহারকারীগণ অতি সহজেই এর সুবিধাভোগ করতে পারবে। নির্মাণ কাজের দক্ষ প্রকৌশলী নিয়োগ দেওয়া এবং উর্ধ্বতন কর্মকর্তাদের সাইট পরিদর্শন ও তদারকি করা এবং মেটেরিয়ালস বুয়েট ও চুয়েট থেকে টেস্ট করে গুণগতমান নিশ্চিত করা।

দুর্বলদিক হলোঃ প্রকল্প স্থানের পুরাতন ভবন ও স্থাপনা সরিয়ে সাইট বুঝে পেতে দেরি হওয়াতে কাজ শুরু করতে বিলম্ব হওয়া, প্রাক্কলন বার বার পরিবর্তনের কারণে বিলম্ব হয়। প্রস্তাবিত শহীদ মিনার এবং মুক্ত মঞ্চের জায়গার বর্ধিত অংশের সমাধানের পূর্বেই এর প্রাক্কলন সম্পন্ন করায় এর প্রাক্কলন পরিবর্তন হওয়া। আন্তর্জাতিক মানের সাংস্কৃতিক কমপ্লেক্সের সুবিধাসমূহের বিন্যাস পর্যালোচনা করে এর প্রাক্কলন প্রণয়ন করায় বিভিন্ন সুবিধাসমূহের বিন্যাস যথাপোযুক্ত স্থানে না হওয়া। প্রকল্প প্রণয়নকালে স্থানীয় জনগণ এবং এর সুবিধাভোগীদের সাথে মতবিনিময় সভা না করা। সাইটে নির্মাণ কাজে পর্যাপ্ত সেফটি মেজার না নেয়া বা না থাকা ।

প্রকল্পের সুযোগ হলোঃ প্রকল্পের আওতায় একই ক্যাম্পাসে মুসলিম ইনস্টিটিউট, শহীদ মিনার এবং চট্টগ্রাম বিভাগীয় সরকারি গণগ্রন্থাগারসহ অন্যান্য অবকাঠামো বিনির্মাণের ফলে সকল শ্রেণী, বয়স, ধর্ম-বর্ণ-গোত্র, পেশার মানুষের জন্য বহুমুখী সাহিত্য, সংস্কৃতি, শিক্ষা ও গবেষণার একটি আদর্শ স্থান হিসেবে জনগণ এর সেবা গ্রহণ করবে। প্রকল্পের আওতায় ৮তলা বিশিষ্ট অডিটরিয়াম ভবনে অত্যাধুনিক সুযোগ-সুবিধাসহ ২টি সেমিনার হল এবং ২টি থিয়েটার হলসহ অফিস, স্টোর, গ্রিনরুম, ক্যাফেটেরিয়া, প্রতি তলায় রিহার্সেল কক্ষ নির্মিত হলে সাংস্কৃতি চর্চা ও গবেষণার উপযুক্ত সুযোগ তৈরি হবে। প্রকল্পের আওতায় ভবনে বিভিন্ন ধরনের লাইব্রেরি যেমন জেনারেল লাইব্রেরি, চিলড্রেন'স লাইব্রেরি, নিউজপেপার লাইব্রেরি, রেফারেন্স লাইব্রেরি, সাইন্স লাইব্রেরি ইত্যাদিসহ ট্রেনিং ইউনিট, আইসিটি ইউনিট, সেমিনার ও মিটিংরুম, গেস্ট হাউস, লবি ইত্যাদি নির্মিত হলে আধুনিক শিক্ষা ও গবেষণার অধিক সুবিধা সৃষ্টি হবে। প্রকল্পটির আওতায় সৃষ্ট সুবিধার ফলে দেশের যুবসমাজ সন্ত্রাস, চাঁদাবাজি, নেশাগ্রস্ততা, জঙ্গিবাদ, এমনকি রাষ্ট্রবিরোধী কাজকর্ম হতে নিজেদের রক্ষা করতে সচেষ্ট হবে। প্রকল্পটির সফল বাস্তবায়ন নিশ্চিত করা গেলে এটি একটি মডেল হিসেবে কাজ করবে এবং অন্যান্য বিভাগীয় শহরগুলোতে অদূর ভবিষ্যতে এর অনুকরণে প্রকল্প বাস্তবায়ন করা যাবে।

প্রকল্পের ঝুঁকি হলোঃ প্রকল্প বাস্তবায়ন কাজ নির্ধারিত সময়ে সম্পন্ন না হওয়ায় এবং ইতোমধ্যে অবকাঠামো নির্মাণে ব্যবহৃত নির্মাণ সামগ্রীর অতিমাত্রায় দাম বৃদ্ধি পাওয়ায় অবশিষ্ট অবকাঠামো নির্মাণ ঝুঁকির সম্মুখীন হতে পারে। প্রকল্পটির আওতায় মিলনায়তন ভবনে বিদেশি আমদানি নির্ভর অত্যাধুনিক প্রযুক্তির যন্ত্রপাতি ব্যবহার হবে যা রক্ষণাবেক্ষণ ও ব্যবস্থাপনার জন্য সার্বক্ষণিক প্রশিক্ষণপ্রাপ্ত জনবলের প্রয়োজন হবে। আধুনিক প্রযুক্তির নির্ভর যন্ত্রপাতির যান্ত্রিক ত্রুটি/ নষ্ট জনিত কারণে যন্ত্রপাতির প্রতিস্থাপন করতে প্রচুর ব্যয় ও সময় সাপেক্ষ হতে পারে। পাবলিক এক্সেস সহজতর করার কথা বিবেচনায় না নিয়ে সাংস্কৃতিক কমপ্লেক্স এর ভবনসমূহের বিভিন্ন সুবিধাসমূহের (সেমিনার থিয়েটার হল, লাইব্রেরিসমূহ) বিন্যাস/ স্থাপন তুলনামুলক নীচের দিকের তলায় স্থাপন না করা। ভবন সমূহে উঠানামার জন্য এস্কেলেটর বা প্রশস্ত সিঁড়ির

ব্যবস্থা না থাকা। অবকাঠামো নির্মাণে ঠিকাদার কর্তৃক পর্যাপ্ত সেফটি মেজার না নেয়ায় যেকোন সময় দূর্ঘটনা ঘটতে পারে যা প্রকল্প বাস্তবায়নে ঝুঁকি সৃষ্টি করবে।

প্রকল্পের বাস্তবায়নের বিলম্বের কারণ সম্পর্কে মতামতঃ

- প্রকল্প প্রণয়নে দুর্বল পরিকল্পনা এবং ভূমি ব্যবহার জনিত জটিলতা ও যথাযথ প্রশাসনিক নির্দেশনার অভাবে প্রকল্প বাস্তবায়নে বিলম্ব হয়েছে ।
- প্রকল্পের স্থানের পুরাতন মুসলিম ইনস্টিটিউট ভবন ও পাবলিক লাইব্রেরি ভবন অপসারণ করে ঠিকাদারকে সাইট বুঝিয়ে দিতে প্রায় ১ বছর সময় অতিবাহিত হওয়ায় বাস্তবায়ন কাজ শুরু করতে বিলম্ব হয়।
- ইউটিলিটি সার্ভিসসমূহ যেমন বৈদ্যুতিক লাইন স্থানান্তর এবং রাস্তার নিচে ওয়াসা, টিএন্ডটি সহ বিভিন্ন সেবা প্রতিষ্ঠানের সার্ভিস লাইন এর ব্যাপারে করণীয় ঠিক করতে সময় ক্ষেপণ হয় এবং পরবর্তীতে স্থাপত্য নক্সা সংশোধনের প্রয়োজন পড়ে ফলে প্রকল্প বাস্তবায়নে বিলম্ব হয়েছে ।
- সিটি করপোরেশনের মালিকানাধীন শহীদ মিনার অংশের জায়গার NOC পেতে এক বছরের অধিক সময় অতিবাহিত হয় এবং NOC প্রাপ্তির পরে আংশিক জায়গায় সিটি কর্পোরেশন কর্তৃক দেয়াল নির্মাণ করায় পরবর্তীতে স্থাপত্য নক্সা সংশোধনের প্রয়োজন পড়ে।
- কোভিড-১৯ এর অতিমারী জনিত লক-ডাউনের কারণে প্রায় তিন মাস সাইটে কার্যক্রম বন্ধ থাকে এবং পরবর্তীতে কাজের বাস্তবায়ন গতি মন্থর হয়।
- সিটি করপোরেশন কর্তৃক শহীদ মিনার অংশের অনাপত্তিপত্র দিলেও বিদ্যমান কেন্দ্রীয় শহীদ মিনার সংস্কার নিয়ে জটিলতা নিরসন না হওয়ায় শহীদ মিনারে অংশের কাজ শুরু করা যায়নি। প্রকল্পের সাইটে স্থাপিত পুরাতন স্থাপনা অপসারণ করে বিগত ২৫/১২/২০২১ ইং তারিখ থেকে প্লাজা, শহীদ মিনার, উন্মুক্ত মঞ্চ,, গ্যালারি অংশের কাজ শুরু করা হয়েছে।
- প্রকল্প বাস্তবায়নে জড়িত সংস্থা গুলোর মধ্যে সমন্বয়হীনতা এবং প্রকল্পের পিআইসি, পিএসসি সভা নিয়ম অনুযায়ী না হওয়ায় বাস্তবায়ন বিলম্বিত হওয়া;
- প্রকল্প বাস্তবায়নে অবকাঠামো নির্মাণে সুনির্দিষ্ট টাইম বাউন্ড ওয়ার্কপ্লান অনুসরণ না করা;
- সাইটে ঠিকাদারের প্রয়োজনীয় জনবল অপ্রতুলতার কারণে বাস্তবায়ন বিলম্বিত হওয়া ।
- টেন্ডার প্রক্রিয়া কিছুটা দীর্ঘ সময় অতিবাহিত হওয়া এবং ওয়ার্ক অর্ডার প্রদানে কিছুটা বিলম্ব হওয়া ;

১৭. প্রকল্পের Exit Plan সম্পর্কে মতামতঃ

প্রকল্পের অবশিষ্ট সকল কার্যক্রম দুত সম্পন্ন করার জন্য প্রকল্প বাস্তবায়নের সকল পর্যায়ে গতি বৃদ্ধি করা জরুরি। প্রকল্প মেয়াদের পরবর্তি সময়ে নির্মিত অবকাঠামোসহ অন্যান্য সরঞ্জামাদি রক্ষণাবেক্ষণের ক্ষেত্রে প্রত্যাশী সংস্থার টেকনিক্যাল পারসনদের সমন্বয়ে একটি কমিটি বা সেল প্রতিষ্ঠার নীতিগত সিদ্ধান্ত গ্রহণ করা এবং রক্ষণাবেক্ষণ ও ব্যবস্থাপনার জন্য সার্বক্ষণিক প্রশিক্ষণপ্রাপ্ত জনবলের সংস্থান করা, যাতে প্রকল্প সমাপ্তির পর তা যথাযথ রক্ষণাবেক্ষণের মাধ্যমে প্রকল্পের মাধ্যমে সৃষ্ট সুবিধাদি সফলভাবে পরিচালনা করা যায় এবং প্রকল্পের উদ্দেশ্য অর্জিত হয়।

## এফজিডিঃ সুশীল সমাজের প্রতিনিধি, সাংস্কৃতিক ব্যক্তিবর্গ, ব্যবসায়ী প্রতিনিধি ও অন্যান্য সুবিধাভোগীদের সাথে এফজিডির মাধ্যমে আলোচনা ও মতামত গ্রহণ

১. চট্টগ্রাম মুসলিম ইনস্টিটিউট সাংস্কৃতিক কমপ্লেক্স স্থাপন শীর্ষক প্রকল্পটি সময় এবং চাহিদা বিবেচনায় একটি যুগোপযোগী প্রকল্প বলে উপস্থিত সকলে মতামত প্রদান করেন।

২. এই প্রকল্পের সফল বাস্তবায়ন নিশ্চিত করা গেলে অত্র এলাকার জনগণের লাইব্রেরির সুবিধা, সাংস্কৃতিক কর্মকান্ড অনুশীলনের সুবিধাসহ মনস্তাত্বিক বিকাশ ও জ্ঞান চর্চার সুযোগ তৈরী হবে বলে মতামত গৃহীত হয়।

৩. চট্টগ্রাম মুসলিম ইনস্টিটিউট সাংস্কৃতিক কমপ্লেক্স স্থাপন সম্পন্ন হলে প্রকল্প এলাকাসহ এর আশেপাশের এলাকার সামাজিক সাংস্কৃতিক প্রেক্ষাপটে বড় ধরনের ইতিবাচক পরিবর্তন আসবে বলে উপস্থিত সকলে আশাবাদ ব্যক্ত করেন।

৪. চট্টগ্রাম মুসলিম ইনস্টিটিউট সাংস্কৃতিক কমপ্লেক্স স্থাপনের জন্য আধুনিক যন্ত্রপাতি ক্রয় ও সরবরাহের মাধ্যমে মনস্তাত্বিক ও জ্ঞান চর্চার পাশাপাশি ছাত্র ও যুবকদের শরীরিক চর্চারও সুযোগ তৈরী হবে ফলে দক্ষ এবং সু-স্বাস্থ্যবান জীবন গড়ার ক্ষেত্রে এই প্রকল্প গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে মতামত গৃহীত হয়।

৫. এই প্রকল্পের আওতায় নাটক থিয়েটারসহ নানা ধরনের চিত্তবিনোদনের জন্য বিভিন্ন ধরনের মঞ্চ ও সজ্জা সামগ্রীর ব্যবস্থা রাখা হয়েছে এবং এসব ব্যবহারে চিত্তবিনোদনের অনেক বড় ধরনের সুযোগ তৈরী হবে বলে মতামত গৃহীত হয়।

৬. এই প্রকল্পের বাস্তবায়নের ফলে পরিবেশের উপর খারাপ প্রভাব পড়বে না মর্মে উপস্থিত সকলে মতামত প্রদান করেন তবে এক্ষেত্রে মসজিদ মার্কেটে জলাবদ্ধতা কিছুটা বাড়তে পারে যার জন্য প্রয়োজনীয় নিষ্কাশন ব্যবস্থা প্রকল্পের মাধ্যমে করার জোড়াল দাবি করা হয়। সংলগ্ন মসজিদ মার্কেটকে প্রকল্পের আওতায় আনারও দাবি করা হয়।

৭। চট্টগ্রাম মুসলিম ইনস্টিটিউট সাংস্কৃতিক কমপ্লেক্স স্থাপন সম্পন্ন হলে প্রকল্প এলাকাসহ এর আশেপাশে এলাকার সামাজিক সাংস্কৃতি পরিবর্তন আসবে এবং এলাকার সর্বোপরি মানুষের মাঝে সাংস্কৃতি চর্চার আগ্রহ তৈরি হবে, সামাজিক মূল্যবোধ তৈরি হবে এবং সামাজিক পরির্বতন আসবে।

৮। চট্রগ্রাম মুসলিম ইনস্টিটিউট সাংস্কৃতিক কমপ্লেক্স স্থাপন সম্পন্ন হলে এই প্রকল্পের আওতায় নাঁচ-গান, আবৃত্তি ইত্যাদি বিষয়ে প্রশিক্ষণের ব্যবস্থা থাকবে। সাংস্কৃতিক ব্যক্তিদের জন্য উন্নত পদ্ধতিতে প্রশিক্ষণের ব্যবস্থা, পাঠাগারে লোকজনদের পাঠদানের সুন্দর ব্যবস্থা থাকবে। প্রকল্প বাস্তবায়ন সম্পন্ন হলে এটি কর্তৃপক্ষের মাধ্যমে পরিচালিত হবে ।

৯. চট্রগ্রাম মুসলিম ইনস্টিটিউট সাংস্কৃতিক কমপ্লেক্স স্থাপনের মাধ্যমে বিশুদ্ধ সাংস্কৃতিক চর্চা, নাট্যকর্ম এবং ছাত্র ছাত্রীসহ বিভিন্ন পর্যায়ের ব্যক্তিদের বই পড়ার আগ্রহ বাড়বে ।

১০. এই প্রকল্প যে উদ্দেশ্য নিয়ে গঠিত, বাস্তবায়িত হলে যেমন চিত্তবিনোদনের জন্য ওপেন এয়ার থিয়েটার, মিউজিক সামগ্রী এবং চিত্তবিনোদনের ক্ষেত্রে এই সকল কর্মকান্ডের জন্য এলাকায় বিশাল একটা প্রভাব পড়বে, সবকিছু জানা-শেখার একটি সুযোগ এই ইনস্টিটিউট থেকে জনগণ পাবে বলে ধারণা করা যায়।

১১. দক্ষ এবং স্বাস্থ্যবান জীবন গড়ার লক্ষ্যে দারুণ একটা প্রভাব পড়বে। চট্রগ্রাম মুসলিম ইনস্টিটিউট সাংস্কৃতিক কমপ্লেক্স এ ছাত্রছাত্রীরা অবসর সময়ে এখানে এসে সাংস্কৃতিক চর্চা, বইপড়া, খেলাধুলা করে সময় কাঁটাতে পারবে এবং সকলের লাইফ স্টাইলের পরিবর্তন হবে।

১২. এই প্রকল্পের বাস্তবায়নের ফলে পরিবেশের উপর খারাপ প্রভাব পড়বে না । টেকসই পরিবেশ সৃষ্টির লক্ষ্যে কর্তৃপক্ষের প্রতিনিয়ত মনিটরিং করা ও অনেক সতরকর্তা ও দক্ষতার সাথে এটি পরিচালনা করতে হবে।

১৩. চট্রগ্রাম মুসলিম ইনস্টিটিউট সাংস্কৃতিক কমপ্লেক্স স্থাপন প্রকল্পের সুযোগ সুবিধা বিশেষ করে প্রকল্পের এলাকার প্রতিবেশীদের জন্য অতিরিক্ত সময়ের জন্য খোলা রাখা যাতে তারা সাংস্কৃতিক চর্চার জন্য বিশেষ সুযোগ পেতে পারে এবং লাইব্রেরি নির্দিষ্ট সময়ের জন্য খোলা রাখা যাতে তারা তাদের অবসর সময়ে জ্ঞানচর্চা করতে পারে ।

১৪. উল্লেখিত প্রকল্পের সবল দিক, দুর্বল দিক এবং ঝুঁকি সম্পর্কে মতামতঃ

সবল দিক হলোঃ

চট্রগ্রাম মুসলিম ইনস্টিটিউট সাংস্কৃতিক কমপ্লেক্স স্থাপন প্রকল্পের সবলদিক হল একই ক্যাম্পাসে পর্যাপ্ত সুযোগ-সুবিধার ব্যবস্থা এবং ছাত্র ছাত্রীসহ বিভিন্ন পর্যায়ে ব্যক্তিদের সাংস্কৃতিক চর্চা এবং বই পড়ার আগ্রহ ও উৎসাহ তৈরি করা। শহরের কেন্দ্রে

অবস্থিত হওয়ায় এর ব্যবহারকারিগণ অতি সহজেই এর সুবিধাভোগ করতে পারবে। আবকাঠামো নির্মাণ কাজের দক্ষ প্রকৌশলী নিয়োগ দেওয়া এবং উর্ধ্বতন কর্মকর্তাদের সাইট পরিদর্শন ও তদারকি করে গুণগতমান নিশ্চিত করা।

দুর্বলদিক হলোঃ চট্রগ্রাম মুসলিম ইনস্টিটিউট সাংস্কৃতিক কমপ্লেক্স স্থাপন প্রকল্পের স্থাপনা অপসারনে বিলম্ব হয় এবং প্রাক্কলন বার বার পরিবর্তনের কারণে বিলম্ব হয়। প্রস্তাবিত শহীদ মিনার এবং মুক্ত মঞ্চের জায়গার বর্ধিত অংশের সমাধানের পূর্বেই এর প্রাক্কলন সম্পন্ন করায় এর প্রাক্কলন পরিবর্তন করতে হয়। প্রকল্পের মেয়াদকাল অনুযায়ী কাজের অগ্রগতি কম। আন্তর্জাতিক মানের আধুনিক সাংস্কৃতিক কমপ্লেক্স ভবন পরিদর্শন ও নির্মাণের যথেষ্ট অভিজ্ঞতা না নিয়েই এ জাতীয় একটি কম্প্রিহেন্সিভ কমপ্লেক্স এর প্রাক্কলন প্রণয়ন করার ফলে বিভিন্ন সুবিধাসমূহের বিন্যাস যথাপোযুক্ত স্থানে না হওয়া। প্রকল্প প্রণয়নকালে স্থানীয় জনগণ এবং এর সুবিধাভোগীদের সাথে মতবিনিময় সভা না করা। সাইটে নির্মাণ কাজে পর্যাপ্ত পরিমাণ সেফটি মেজার না নেয়া বা না থাকা ।

## কেআইআই-সাক্ষাৎকার

নিবিড় পরিবীক্ষণ সমীক্ষাটির জন্য একটি কাঠামোবদ্ধ প্রশ্নপত্রের মাধ্যমে পিডি, অন্যান্য প্রকল্প কর্মকর্তা এবং সংশ্লিষ্ট গণগ্রন্থাগার অধিদপ্তরের কর্মকর্তা, পিডব্লিউডি এর সংশ্লিষ্ট প্রতিনিধি, সংশ্লিষ্ট অন্যান্য বিভাগের কর্মকর্তা, সুশীল সমাজের প্রতিনিধি, সাস্কৃতিক ব্যক্তিবর্গ, ব্যবসায়ী ও ঠিকাদার প্রতিষ্ঠানের প্রতিনিধি, স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ এর সাথে মোট ৪০ টি সাক্ষাৎকার গ্রহণ ও নিবিড় আলোচনা করা হয়। আলোচনায় তাদের নিকট থেকে প্রকল্প বাস্তবায়নে তাদের ধারণা ও মতামত সম্পর্কে তথ্যাদি সংগ্রহ করা হয় । উক্ত সাক্ষাৎকার ও আলোচনায় প্রকল্প বাস্তবায়নে প্রকল্পের অগ্রগতি ও বিলম্বের কারণসমূহ, প্রকল্পের ভৌত অবকাঠামো নির্মাণ সম্পর্কিত মতামত এবং সর্বোপরি প্রকল্প বাস্তবায়নে করণীয় সম্পর্কে মতামত গৃহীত হয় যা নিম্নে তুলে ধরা হলো:-

### ১। <u>প্রকল্প পরিচালক ও উপ প্রকল্প পরিচালক এর সাথে নিবিড় আলোচনার (KII) গাইডলাইন</u>

১. প্রকল্পের আওতায় সৃষ্ট সুবিধাদি পরিচালনার জন্য নতুন জনবলের অবশ্যই প্রয়োজনীয়তা রয়েছে। অদ্যাবধি জনবলের সংস্থান করা হয়নি। জনবলের সংস্থান সুনির্দিষ্ট প্রক্রিয়ার মাধ্যমে করতে হয় এবং এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য বাস্তবায়নকারী সংস্থা গণগ্রন্থাগার অধিদপ্তর কর্তৃপক্ষকে জানানো হয়েছে।

২. প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম চলমান আছে। সার্বিক অগ্রগতি ৩১ মার্চ/২০২২ পর্যন্ত ৫৮% (কম/বেশী)। প্রকল্পটি আগামী ২০২২-২৩ অর্থবছরে সমাপ্ত হবে। প্রকল্পের অবশিষ্ট কাজ যথাযথভাবে দ্রুত গতিতে নির্ধারিত সময়ে সম্পাদন ও সমাপ্তির নিমিত্তে প্রয়োজনীয় কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য গণপূর্ত অধিদপ্তরকে বলা হয়েছে। প্রকল্প প্রণয়নে দুর্বল পরিকল্পনা এবং ভূমির স্থানীয় জটিলতার কারণে প্রকল্পের ডিজাইন/ নকশা বিদ্যমান অবস্থা ও পারিপার্শ্বিকতা বিবেচনায় ত্রুটিপর্ণ ছিল। প্রাক্কলন যথাযথভাবে করা হয়নি। পরবর্তীতে ভূমির স্থানিক জটিলতা নিরসনের মাধ্যমে স্থাপত্য নকশার পরিবর্তন আনয়নসহ নান্দনিক উপাদান সংযোজনক্রমে তা সংশোধন করা হয়েছে।

৩. প্রকল্পের বাস্তবায়ন লক্ষ্যমাত্রা উপর ভিত্তি করে গণপূর্ত অধিদপ্তর প্রণীত সময়াবদ্ধ কর্মপরিকল্পনা অনুযায়ী প্রকল্পের বাস্তবায়ন হচ্ছে কি-না ইহার অগ্রগতি প্রকল্প অফিস/ বাস্তবায়নকারী সংস্থা থেকে নিয়মিত মনিটরিং করা হয়। প্রকল্পের আর্থিক এবং ভৌত নির্মাণ কাজের অগ্রগতির মাসিক প্রতিবেদন আইএমইডির সুনির্দিষ্ট ফর্মে বাস্তবায়নকারী সংস্থা গণগ্রন্থাগার অধিদপ্তর, উদ্যোগী মন্ত্রণালয় সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় এবং আইএমইডিতে নিয়মিত প্রেরন করা হয়।

